www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

পি এস সি-র মাধ্যমে
রাজ্য সরকারের খাদ্য দপ্তরে
সাব-ইনস্পেক্টর
নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
১০ পাতায়

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

www.ekarmakshetra.com

কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা

বর্ষ ৩৯ সংখ্যা ১১ কলকাতা শুক্রবার, ১২ অক্টোবর ২০১৮/১ **বাঙালির কর্মজীবনের প্রবেশপথ** ২৫ আশ্বিন ১৪২৫ দাম ৪.০০ টাকা ১৬ পাতা R. N. 37120/80

## এইমসে ২০০০ স্টাফ নার্স

২,০০০ স্টাফ নার্স (গ্রেড-টু) নেবে ভোপাল, যোধপুর, পাটনা ও রায়পুর এইমস (অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস)। গোটা নিয়োগ প্রক্রিয়ার দায়িত্বে আছে নয়াদিল্লি এইমস। এই নিয়োগের নোটিশ নম্বর ৭৮/২০১৮।

**এইমস অনুসারে শূন্যপদ:** **ভোপাল এইমস:** ৬০০টি (সাধারণ ৩০৩, তফসিলি জাতি ৯০, তফসিলি উপজাতি ৪৫, ও বি সি ১৬২)। **যোধপুর এইমস:** ৬০০টি (সাধারণ ৩০৩, তফসিলি জাতি ৯০, তফসিলি উপজাতি ৪৫, ও বি সি ১৬২)। **পাটনা এইমস:** ৫০০টি (সাধারণ ২৫২, তফসিলি জাতি ৭৫, তফসিলি উপজাতি ৩৮, ও বি সি ১৩৫)। **রায়পুর এইমস:** ৩০০টি (সাধারণ ১৫১, তফসিলি জাতি ৪৫, তফসিলি উপজাতি ২৩, ও বি সি ৮১)। এর মধ্যে দৈহিক প্রতিবন্ধীদের জন্য নিয়মানুসারে শূন্যপদ সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** বি এসসি (অনার্স) নার্সিং নার্সিং বা বি এসসি (নার্সিং) বা বি এসসি পোস্ট সার্টিফিকেট বা পোস্ট-বেসিক বি এসসি নার্সিং ডিগ্রি। অথবা ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান থেকে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা-সহ অন্তত ৫০ শয্যাবিশিষ্ট হাসপাতালে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। সব ক্ষেত্রেই স্টেট বা ইন্ডিয়ান নার্সিং কাউন্সিলে নার্স অ্যান্ড মিডওয়াইফ হিসেবে প্রার্থীর নাম অবশ্যই নথিভুক্ত থাকতে হবে।

**বয়স:** ২৯-১০-২০১৮ তারিখে ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা-৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ৯,৩০০-৩৪,৮০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৪,৬০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-ভিত্তিক অনলাইন পরীক্ষার মাধ্যমে। পরীক্ষার তারিখ ৭ ডিসেম্বর। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.aiims

*এরপর পাঁচের পাতায়*

## স্কুল সার্ভিস: উচ্চপ্রাথমিকে বাড়ছে ৭০০০ শূন্যপদ

**নিজস্ব প্রতিনিধি:** রাজ্যে আরও ৭ হাজার শিক্ষক নিয়োগের সম্ভাবনা প্রবল হল। উচ্চপ্রাথমিকে বাড়তি ৭ হাজার শিক্ষক-শিক্ষিকা নিয়োগের জন্য শিক্ষা দপ্তরের প্রস্তাব ইতিমধ্যে অর্থ দপ্তরের সম্মতি পেয়েছে। মন্ত্রিসভার অনুমোদনের জন্য প্রস্তাবটি নবান্নে পাঠিয়েও দিয়েছে শিক্ষা দপ্তর।

উল্লেখ্য, ২০১৫ সালের উচ্চপ্রাথমিকের লিখিত পরীক্ষার ফল প্রকাশিত হলেও আইনি জটিলতার কারণে নিয়োগের প্রক্রিয়া থমকে রয়েছে। ২০১৫ সালের পরীক্ষাই শিক্ষকতার প্রশিক্ষণবিহীন প্রার্থীদের শিক্ষক পদে নিয়োগ পাওয়ার ক্ষেত্রে ছিল শেষ সুযোগ। স্কুল সার্ভিসের নিয়োগ-বিধি অনুসারে ইন্টারভিউয়ের আগে পর্যন্ত নতুন করে তৈরি হওয়া শূন্যপদ মোট শূন্যপদের অন্তর্ভুক্ত হতে পারে। সেক্ষেত্রে লিখিত পরীক্ষায় সফল প্রার্থীদের কাছে এই বাড়তি শূন্যপদ মস্ত বড় সুখবর। বাড়তি ৭ হাজার শূন্যপদ যুক্ত হলে উচ্চপ্রাথমিকের মোট শূন্যপদ বেড়ে দাঁড়াবে ২২ হাজার।

### শারদ শুভেচ্ছা

শারদোৎসবে সকলকে জানাই আমাদের আন্তরিক প্রীতি ও শুভেচ্ছা।



### ছুটি

শারদোৎসব উপলক্ষে ১৬-১৯ অক্টোবর 'কর্মক্ষেত্র'র সব দপ্তর বন্ধ থাকবে। ফলে ১৯ অক্টোবর সংখ্যা বেরবে না।

## ইন্ডিয়ান অয়েলে ৪৪১ তরুণ-তরুণীকে দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ

৪৪১ জন তরুণ-তরুণীকে দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ দেবে ইন্ডিয়ান অয়েলের পূর্বাঞ্চলীয় মার্কেটিং ডিভিশন। ট্রেড অ্যাপ্রেন্টিস, টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস ও অ্যাকাউন্ট্যান্টের (ট্রেড অ্যাপ্রেন্টিস) ক্যাটেগরিতে ট্রেনিং দেওয়া হবে। ট্রেনিং আয়োজিত হবে পশ্চিমবঙ্গ-সহ পূর্ব এবং উত্তর-পূর্ব ভারতের বিভিন্ন রাজ্যে। অ্যাকাউন্ট্যান্ট ক্যাটেগরিতে শুধু প্রতিবন্ধী প্রার্থীরা আবেদন করতে পারবেন। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: IOCL/MKTG/ER/APPR/2018/2

**রাজ্য অনুসারে আসনসংখ্যার বিন্যাস: ট্রেড অ্যাপ্রেন্টিস/টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস:** পশ্চিমবঙ্গ ১৮৩টি (সাধারণ ৯৫, তফসিলি জাতি ৪১, তফসিলি উপজাতি ৮, ও বি সি ৩৯)। অরুণাচল প্রদেশ ৬টি (সাধারণ ৪, তফসিলি উপজাতি ২)। অসম ৭৪টি (সাধারণ ৪২, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৮, ও বি সি ১৯)। নাগাল্যান্ড ৪টি (সাধারণ ৩, তফসিলি উপজাতি ১)। মিজোরাম ৩টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ১)। বিহার ৪৯টি (সাধারণ ৩০, তফসিলি জাতি ৭, ও বি সি ১২)। ঝাড়খণ্ড ৩০টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৭, ও বি সি ৩)। ওড়িশা ৫১টি (সাধারণ ২৯, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ১০, ও বি সি ৫)। আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ ৬টি (সাধারণ ৫, ও বি সি ১)। মণিপুর ৭টি (সাধারণ ৫, তফসিলি উপজাতি ২)।

*এরপর সাতের পাতায়*

## টাটা মেমোরিয়াল সেন্টারে ২৭২ নার্স, ট্রেড হেল্পার, অ্যাটেন্ড্যান্ট

স্টাফ নার্স, ট্রেড হেল্পার, অ্যাটেন্ড্যান্ট-সহ বিভিন্ন পদে ২৭২ জনকে নেবে টাটা মেমোরিয়াল সেন্টার। নিয়োগ হবে বিশাখাপত্তনমের হোমি ভাবা ক্যান্সার হসপিটাল অ্যান্ড রিসার্চ সেন্টার, গুয়াহাটির ডক্টর ভুবনেশ্বর বড়ুয়া ক্যান্সার ইনস্টিটিউট এবং বেনারসের হোমি ভাবা ক্যান্সার হসপিটালে।

**শূন্যপদের বিবরণ: হোমি ভাবা ক্যান্সার হসপিটাল অ্যান্ড রিসার্চ সেন্টার, বিশাখাপত্তনম: নার্স এ:** ৭৭টি (সাধারণ ৩৮, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৭, ও বি সি ১৯, অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ১, শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী ১)। শিক্ষাগত যোগ্যতা: জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা, সঙ্গে অঙ্কোলজি নার্সিংয়ে ডিপ্লোমাও অথবা বেসিক বা পোস্ট বেসিক বি এসসি (নার্সিং)। ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল বা স্টেট নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। এর পাশাপাশি উভয় ক্ষেত্রেই অন্তত ৫০ শয্যাবিশিষ্ট হাসপাতালে অন্তত ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকা চাই। বয়স: ১৯-১০-

*এরপর দুয়ের পাতায়*

## কোস্টগার্ডে নাবিক

### শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক

ট্রেনিং দিয়ে বেশ কিছু নাবিক নেবে ভারতীয় উপকূলরক্ষী বাহিনী। ১০ পাশ এন্ট্রিতে নিয়োগ হবে ডোমেস্টিক ব্রাঞ্চে কুক এবং স্টুয়ার্ড পদে। শুধুমাত্র ছেলেরা আবেদন করতে পারবেন। ট্রেনিং হবে ০১/২০১৯ ব্যাচে।

*এরপর পাঁচের পাতায়*

## ইন্দো-টিবেটান বর্ডার পুলিশে কনস্টেবল

৮৫ জন কনস্টেবল (অ্যানিম্যাল ট্রান্সপোর্ট) নেবে ইন্দো-টিবেটান সীমান্ত পুলিশ।

**শূন্যপদের বিবরণ:** পুরুষ ৭২টি (সাধারণ ৩৬, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৫, ও বি সি ২০)। মহিলা ১৩টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল।

**বয়স:** ১৩-১১-২০১৮ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** পুরুষদের ক্ষেত্রে উচ্চতা: ১৭০ সেমি (গোর্খাদের ক্ষেত্রে ১৬৫ সেমি, তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬২.৫ সেমি)। মহিলাদের ক্ষেত্রে উচ্চতা: ১৫৭ সেমি (গোর্খাদের ক্ষেত্রে ১৫৫ সেমি, তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৫০ সেমি)। বুকের ছাতি: শুধুমাত্র পুরুষদের ক্ষেত্রে না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮০ ও ৮৫ সেমি (গোর্খাদের ক্ষেত্রে যথাক্রমে ৭৮ ও ৮৩ সেমি, তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে যথাক্রমে ৭৬ ও ৮১ সেমি)। সবক্ষেত্রেই বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন হতে হবে।

*এরপর সাতের পাতায়*

## এয়ারফোর্সে খেলোয়াড়

বেশ কিছু খেলোয়াড় নেবে ভারতীয় বিমানবাহিনী। নিয়োগ হবে 'ওয়াই' গ্রুপের নন- টেকনিক্যাল বিভাগে, এয়ারম্যান পদে। শুধু ছেলেরা আবেদনের যোগ্য।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক।

**খেলাধুলার যোগ্যতা:** নিয়োগ হবে খেলাধুলার এইসব ইভেন্ট থেকে: অ্যাথলেটিক্স, বাস্কেটবল, বক্সিং, ক্রিকেট, ডাইভিং, গলফ, জিমন্যাস্টিক্স,

*এরপর সাতের পাতায়*

ফুরোবার আগেই সংগ্রহ করুন

কর্মক্ষেত্র-র পরিপূরক পত্রিকা
প্রেশাপ্রবেশ
চাকরির পরীক্ষায় অপ্রতিদ্বন্দ্বী

কেন্দ্রীয় বাহিনীতে ৫৪৯৫৩ কনস্টেবল ও রাইফেলম্যান
নিয়োগ-পরীক্ষার ২ সেট নমুনা প্রশ্নোত্তর

ডব্লু বি সি এস
প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

রাজ্য সরকারের খাদ্যদপ্তরে সাব-ইনস্পেক্টর
নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

রেল সুরক্ষা বাহিনীতে ৮৬১৯ কনস্টেবল
নিয়োগ-পরীক্ষার ২ সেট নমুনা প্রশ্নোত্তর




## বেনারসের ডিজেল লোকোমোটিভ ওয়ার্কসে ৩৭৪ তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

৩৭৪ জন আই টি আই পাশ ও নন-আই টি আই তরুণ-তরুণীকে বিভিন্ন ট্রেডে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে বেনারসের ডিজেল লোকোমোটিভ ওয়ার্কস। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে ট্রেনিং দেওয়া হবে ফিটার, মেশিনিস্ট ও ইলেক্ট্রিশিয়ান-সহ বিভিন্ন ট্রেডে। ট্রেনিং চলাকালীন প্রতি মাসে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর 02/2018.

**ট্রেড অনুসারে আসনবিন্যাস: আই টি আই:** ফিটার: ১০৭টি। কার্পেন্টার: ৩টি। পেইন্টার (জেনারেল): ৭টি। মেশিনিস্ট: ৬৭টি। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): ৪৫টি। ইলেক্ট্রিশিয়ান: ৭১টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে এন সি ভি টি বা এস সি ভি টি স্বীকৃত প্রতিষ্ঠান থেকে আই টি আই কোর্স পাশ। বয়স: ৯-১১-২০১৮ তারিখে ১৫ থেকে ২৪ (ওয়েল্ডার ও কার্পেন্টার ট্রেডের ক্ষেত্রে ২২) বছরের মধ্যে হতে হবে।

**নন-আই টি আই:** ফিটার: ৩০টি। মেশিনিস্ট: ১৫টি। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক): ১১টি। ইলেক্ট্রিশিয়ান: ১৮টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক বা সমতুল। বয়স: ৯-১১-২০১৮ তারিখে ১৫ থেকে ২২ বছরের মধ্যে হতে হবে।

তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে।

অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নেওয়ার জন্য প্রথমে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটে: www.apprenticeship.gov.in রেজিস্ট্রেশনের পর পাওয়া নম্বরটি কোথাও লিখে রাখবেন। এরপর, অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.dlw.indianrailways.gov.in আবেদনের শেষ তারিখ ৯ নভেম্বর।

ফি বাবদ দিতে হবে ১০০ টাকার ব্যাঙ্ক ড্রাফট। ড্রাফটটি 'Principal

*এরপর পাঁচের পাতায়*

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



**কর্মক্ষেত্র**
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in
Website: www.swarnakshar.in

বর্ষ ৩৯ সংখ্যা ১১ □ ১২ অক্টোবর ২০১৮

**ই-মেল ঠিকানা**
সম্পাদকীয় বিভাগ: karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ: advt@swarnakshar.in
সার্কুলেশন বিভাগ: circulation@swarnakshar.in

**কর্মখালি**

**শীঘ্রই যোগাযোগ করুন**
www.gcagroup.co.in ৪র্থ-বি.এ যোগ্যতায় WB-এর প্রতিটি জেলায় (BANK) DSA, শপিং মল, ATM, কনস্ট্রাকশন, 4G টাওয়ার, MNC-তে (11,700/- – 28,500/-) বেতনে অফিসিয়াল বিভিন্ন পদে ESI ও PF-সহ স্থায়ী কাজে M/F চাই। N. D, সেন্ট্রাল অ্যাভেনিউ, কলি-৭। (M): 87687-62505/ 77186-37129.

□

**Pvt ব্যাঙ্কে চাকরি**
**Govt. Reg.-L/No- 627152**
পশ্চিমবঙ্গের সমস্ত জেলায় সম্পূর্ণ বিনা ডোনেশনে ব্যাঙ্কের ভেতরে স্থায়ী Job. যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: ১২,০০০/- - ৩৬,৮০০/-, PF, ESI, বোনাস, থাকা ও খাওয়ার ব্যবস্থা আছে। R.P., Pakar More, রানাঘাট, নদিয়া। Pin: 741 201. Helpline: 95937-76698.

□

**আর্জেন্ট ভ্যাকেন্সি**
**সমগ্র পঃ বঙ্গে M/F-দের**
**AIRPORT, METRO**
**ও PVT BANK-এ গ্যারান্টি**
**দিয়ে স্পট জয়েনিং**
সম্পূর্ণ বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের অধীনে Airport, মেট্রো ব্যাঙ্ক (DSA) সংস্থায় পার্মানেন্ট জব। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,700/- – 48,900/-, বয়স: 18-45, PF, OT, ESI-সহ থাকা-খাওয়ার ব্যবস্থা। দিশা কর্পোরেট, Mob: 89021-19303. Website: www.dishacorporate.co.in

**কর্মক্ষেত্র**র আগামী সংখ্যা অর্থাৎ
২৬ অক্টোবর সংখ্যার জন্য
বিজ্ঞাপন নেওয়া হবে
২২ অক্টোবর দুপুর ২টো পর্যন্ত
(পুজোর ছুটি বাদে)।

□□□

২ নভেম্বর **কর্মক্ষেত্র**র
জন্য বিজ্ঞাপন নেওয়া হবে
২৯ অক্টোবর দুপুর ২টো পর্যন্ত।

□□□

**বিজ্ঞাপন গ্রহণের সময়**
রবিবার বাদে প্রতিদিন
সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

**কর্মক্ষেত্র**
কার্যালয়ে যোগাযোগের ঠিকানা:
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: info@swarnakshar.in
বিজ্ঞাপন দিতে যোগাযোগ করুন:
অর্ণব দাশগুপ্ত: ৯৮৩০৬-০০৭৩৩
সুমনা সেনগুপ্ত: ৯৮৩০০-২৬১৩৬

# টাটা মেমোরিয়াল সেন্টারে ২৭২

*প্রথম পাতার পর*

২০১৮ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতন: ৪৪,৯০০ টাকা।

**অ্যাসিস্ট্যান্ট নার্সিং সুপারিন্টেন্ড্যান্ট:** ৪টি (সাধারণ ৩, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: নার্সিংয়ে এম এসসি, সঙ্গে ৩ বছরের কাজের অভিজ্ঞতা অথবা নার্সিংয়ে বি এসসি, সঙ্গে অন্তত ৫ বছরের কাজের অভিজ্ঞতা যার মধ্যে ক্লিনিক্যাল ফিল্ডে অন্তত ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। প্রশাসনিক কাজে দক্ষতা থাকলে অগ্রাধিকার। বয়স: ১৯-১০-২০১৮ তারিখে ৪০ বছরের মধ্যে হতে হবে। বেতন: ৫৬,১০০ টাকা।

**সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট বি (রেডিও ডায়াগনসিস):** ৩টি (সাধারণ ২, তফসিলি জাতি ১)। শিক্ষাগত যোগ্যতা: রেডিওলজিক্যাল ইমেজিং টেকনোলজিতে বি এসসি অথবা যে-কোনও শাখায় বি এসসি অথবা ফার্মাসিতে স্নাতক, সঙ্গে মেডিক্যাল ইমেজিং টেকনোলজিতে অন্তত ২ বছর মেয়াদের ডিপ্লোমা। সিটি স্ক্যান ও এম আর আই বিভাগে অন্তত ১ বছর মেয়াদের কাজের অভিজ্ঞতা বা অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকতে হবে। বয়স: ১৯-১০-২০১৮ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতন: ৩৫,৪০০ টাকা।

**সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট বি (রেডিয়েশন অঙ্কোলজি):** ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ ফিজিক্সে বি এসসি, সঙ্গে রেডিওথেরাপি টেকনোলজিতে ২ বছর মেয়াদের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা। এর পাশাপাশি রেডিয়েশন অঙ্কোলজি বিভাগে আধুনিক মেশিন চালনায় ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১৯-১০-২০১৮ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতন: ৩৫,৪০০ টাকা।

**টেকনিশিয়ান সি (সেন্ট্রাল স্টেরাইল সার্ভিসেস বিভাগ):** ৩টি (সাধারণ ২, তফসিলি জাতি ১)। শিক্ষাগত যোগ্যতা: ৫০ শতাংশ নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশ, সঙ্গে সেন্ট্রাল স্টেরাইল সার্ভিসেস বিভাগে টেকনিশিয়ান পদে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১৯-১০-২০১৮ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতন: ২৫,৫০০ টাকা।

**টেকনিশিয়ান সি (আই সি ইউ):** ৪টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। **টেকনিশিয়ান সি (ও টি):** ৪টি (সাধারণ ৩, তফসিলি উপজাতি ১)। শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক, সঙ্গে আই সি ইউ বা ও টি বিভাগে টেকনিশিয়ান বা রেসপিরেটরি থেরাপিস্ট বা ডায়ালিসিস টেকনিশিয়ান হিসেবে কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ইলেক্ট্রনিক্স বা সমতুল বিষয়ে অন্তত ১ বছর মেয়াদের সার্টিফিকেট বা ডিপ্লোমা কোর্স পাশ করে থাকলে বা ও টি বা আই সি ইউ বা রেসপিরেটরি থেরাপিস্ট বা ডায়ালিসিস টেকনিশিয়ান-এর ১ বছর মেয়াদের কোর্স পাশ করে থাকলে অগ্রাধিকার। বয়স: ১৯-১০-২০১৮ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতন: ২৫,৫০০ টাকা।

এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: TMC/VIZAG/AD-121/2018.

**হোমি ভাবা ক্যান্সার হসপিটাল, বেনারস: নার্স এ (ফিমেল):** ৬৪টি (সাধারণ ৩০, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৪, অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ২, শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী ২)। শুধু মহিলারাই আবেদন করবেন। শিক্ষাগত যোগ্যতা: জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা, সঙ্গে অঙ্কোলজি নার্সিংয়ে ডিপ্লোমা। অথবা বেসিক বা পোস্ট-বেসিক বি এসসি (নার্সিং)। ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল বা স্টেট নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। এর পাশাপাশি উভয় ক্ষেত্রেই অন্তত ৫০ শয্যাবিশিষ্ট হাসপাতালে অন্তত ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকা চাই। বয়স: ১৯-১০-২০১৮ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতন: ৪৪,৯০০ টাকা।

**নার্স এ:** ১০টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২)। শিক্ষাগত যোগ্যতা: জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা, সঙ্গে অঙ্কোলজি নার্সিংয়ে ডিপ্লোমা। বা বেসিক বা পোস্ট-বেসিক বি এসসি (নার্সিং)। ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল বা স্টেট নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। এর পাশাপাশি উভয় ক্ষেত্রেই অন্তত ৫০ শয্যাবিশিষ্ট হাসপাতালে অন্তত ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১৯-১০-২০১৮ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতন: ৪৪,৯০০ টাকা।

**ট্রেড হেল্পার:** ৩৫টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৮, অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ১, দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ১)। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক, সঙ্গে ডায়াগনস্টিক ল্যাব বা কোনও স্বাস্থ্যপ্রতিষ্ঠানের রেডিওলজি বিভাগ বা অপারেশন থিয়েটার বা ইন্টেনসিভ কেয়ার ইউনিটে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১৯-১০-২০১৮ তারিখে ২৫ বছরের মধ্যে হতে হবে। বেতন: ১৯,৯০০ টাকা।

**অ্যাটেন্ড্যান্ট:** ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, ও বি সি ৩, অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ১, দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ১)। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক, সঙ্গে ফাইলিং, রেকর্ড কিপিং, ক্লিনিং, ডিসপ্যাচ-সংক্রান্ত কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১৯-১০-২০১৮ তারিখে ২৫ বছরের মধ্যে হতে হবে। বেতন: ১৯,৯০০ টাকা।

**টেকনিশিয়ান সি (সি এস এস ডি):** ৩টি (সাধারণ)। শিক্ষাগত যোগ্যতা: ৫৫ শতাংশ নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক, সঙ্গে কোনও স্বাস্থ্যপ্রতিষ্ঠানের সেন্ট্রাল স্টেরাইল সার্ভিসেস বিভাগে সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১৯-১০-২০১৮ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতন: ২৫,৫০০ টাকা।

**টেকনিশিয়ান এ (অপারেশন থিয়েটার):** ৩টি (সাধারণ)। শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক, সঙ্গে অপারেশন থিয়েটারে ডিপ্লোমা। এর পাশাপাশি কোনও হাসপাতালে অপারেশন থিয়েটার বিভাগে টেকনিশিয়ান বা রেসপিরেটরি থেরাপিস্ট বা ডায়ালিসিস টেকনিশিয়ান হিসেবে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। অপারেশন থিয়েটার বা রেসপিরেটরি থেরাপিস্ট বা ডায়ালিসিস টেকনিশিয়ান-এর ১ বছর মেয়াদের কোর্স পাশ করে থাকলে অগ্রাধিকার। ইলেক্ট্রনিক্স বা সমতুল বিষয়ে ১ বছর মেয়াদের সার্টিফিকেট বা ডিপ্লোমা কোর্স করে থাকলেও অগ্রাধিকার পাবেন। বয়স: ১৯-১০-২০১৮ তারিখে ২৫ বছরের মধ্যে হতে হবে। বেতন: ১৯,৯০০ টাকা।

**অ্যাসিস্ট্যান্ট নার্সিং সুপারিন্টেন্ড্যান্ট:** ৪টি (সাধারণ ৩, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: নার্সিংয়ে এম এসসি, সঙ্গে ৩ বছরের কাজের অভিজ্ঞতা অথবা নার্সিংয়ে বি এসসি, সঙ্গে ৫ বছরের (এর মধ্যে অন্তত ২ বছর ক্লিনিক্যাল ফিল্ডে) কাজের অভিজ্ঞতা থাকতে হবে। প্রশাসনিক কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: ১৯-১০-২০১৮ তারিখে ৪০ বছরের মধ্যে হতে হবে। বেতন: ৫৬,১০০ টাকা।

**সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট বি (ট্রান্সফিউশন মেডিসিন):** ৪টি (সাধারণ)। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ বায়োকেমিস্ট্রি বা কেমিস্ট্রি বা বটানি বা জুলজি বা মাইক্রোবায়োলজিতে বি এসসি, সঙ্গে মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিতে ডিপ্লোমা বা ডিগ্রি। এর পাশাপাশি ফুড অ্যান্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন দ্বারা লাইসেন্সপ্রাপ্ত ব্লাড ব্যাঙ্কে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১৯-১০-২০১৮ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতন: ৩৫,৪০০ টাকা।

**মেডিক্যাল ফিজিসিস্ট:** ৩টি (সাধারণ)। শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্সে এম এসসি, সঙ্গে রেডিওলজিক্যাল ফিজিক্সে ডিপ্লোমা। সেইসঙ্গে অ্যাডভান্সড কম্পিউটারাইজড ট্রিটমেন্ট প্ল্যানিং সিস্টেমস এবং অন্যান্য প্রযুক্তি সম্পর্কে জ্ঞান থাকতে হবে। বয়স: ১৯-১০-২০১৮ তারিখে ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতন: ৫৬,১০০ টাকা।

এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 125/2018.

**ডক্টর ভুবনেশ্বর বড়ুয়া ক্যান্সার ইনস্টিটিউট, গুয়াহাটি: ট্রেড হেল্পার:** ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী ১, দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ১)। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক, সঙ্গে ডায়াগনস্টিক ল্যাব বা কোনও স্বাস্থ্যপ্রতিষ্ঠানের রেডিওলজি বিভাগ বা অপারেশন থিয়েটার বা ইন্টেনসিভ কেয়ার ইউনিটে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১৯-১০-২০১৮ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতন: ১৯,৯০০ টাকা।

**লোয়ার ডিভিশন ক্লার্ক:** ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক, সঙ্গে অন্তত ৩ মাস মেয়াদের কম্পিউটার কোর্স করে থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। স্নাতকদের অগ্রাধিকার। বয়স: ১৯-১০-২০১৮ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতন: ১৯,৯০০ টাকা।

**টেকনিশিয়ান সি (সেন্ট্রাল স্টেরাইল সার্ভিসেস বিভাগ):** ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: ৫০ শতাংশ নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশ, সঙ্গে সেন্ট্রাল স্টেরাইল সার্ভিসেস বিভাগে টেকনিশিয়ান পদে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতন: ২৫,৫০০ টাকা।

**টেকনিশিয়ান সি (ও টি):** ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক, সঙ্গে অপারেশন থিয়েটারে ১ বছরের ডিপ্লোমা। এছাড়াও আই সি ইউ বা ও টি বিভাগে টেকনিশিয়ান বা রেসপিরেটরি থেরাপিস্ট বা ডায়ালিসিস টেকনিশিয়ান হিসেবে কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ইলেক্ট্রনিক্স বা সমতুল বিষয়ে অন্তত ১ বছর মেয়াদের সার্টিফিকেট বা ডিপ্লোমা কোর্স পাশ করে থাকলে অগ্রাধিকার। বয়স: ১৯-১০-২০১৮ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতন: ২৫,৫০০ টাকা।

এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: TMC/GUWAHATI/AD-123/2018.

তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.tmc.gov.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৯ অক্টোবর।

ফি বাবদ অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে দিতে হবে ৩০০ টাকা। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না। অনলাইনে ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের দু'কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের দু'কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। একটি কপি পাঠাতে হবে।

**দরখাস্তের প্রিন্ট আউটের সঙ্গে দেবেন:** ✓প্রার্থীর এক কপি পাসপোর্ট মাপের রঙিন ফটো। ✓ই-রিসিপ্টের একটি কপি। ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের প্রত্যয়িত নকল। ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓কাজের অভিজ্ঞতার সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (থাকলে)। ✓প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ডিসচার্জ সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।

প্রয়োজনীয় নথিপত্র-সহ দরখাস্তের প্রিন্ট আউট-ভরা খামের ওপর বিজ্ঞপ্তি নম্বর এবং যে-পদের জন্য আবেদন করছেন তার নাম লিখে দেবেন। দরখাস্ত বিশাখাপত্তনমের হোমি ভাবা ক্যান্সার হসপিটাল অ্যান্ড রিসার্চ সেন্টারের ক্ষেত্রে পৌঁছতে হবে এই ঠিকানায়: H.R.D. Department, 2nd Floor, Service Block, Tata Memorial Hospital, Parel, Mumbai-400 012, বেনারসের হোমি ভাবা ক্যান্সার হসপিটালের ক্ষেত্রে দরখাস্ত পৌঁছতে হবে এই ঠিকানায়: 3rd Floor, Service Block Building, H.R.D. Department, Tata Memorial Hospital, Parel, Mumbai-400 012 এবং ডক্টর ভুবনেশ্বর বড়ুয়া ক্যান্সার ইনস্টিটিউটের ক্ষেত্রে পৌঁছতে হবে এই ঠিকানায়: Dr. Bhubaneswar Borooah Cancer Institute, Gopinath Nagar, Guwahati, Assam-781 106. দরখাস্ত পৌঁছনোর শেষ তারিখ ২৬ অক্টোবর।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

**DISCLAIMER**
SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.

**পাঠকের প্রতি**
কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

**স্বর্ণাক্ষরে**
**বেড়াবার বই**
**ছোটদের বই**

প্রথম ভারতীয় ভূপর্যটক
বিমল মুখার্জির
**দুচাকায় দুনিয়া**
১৯২৬ সালে সাইকেলে পৃথিবী পর্যটনে বেরিয়েছিলেন বিমল মুখার্জি (১৯০৩-১৯৮৭)। তাঁর সেই দুঃসাহসিক বিশ্বভ্রমণের রোমাঞ্চকর অভিজ্ঞতা।
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
সপ্তম মুদ্রণ ₹৩০০

শঙ্খ ঘোষের **ইছামতীর মশা**
কবির দেখা কবির লেখা
একগুচ্ছ অসামান্য ভ্রমণকথা।
পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ ₹১৫০

**বেড়াতে যাবার সিঁড়ি** ₹১২০

নবনীতা দেব সেনের
**ভ্রমণের নবনীতা**
নানা মহাদেশের মাটির জলস্পর্শ আছে এ বইয়ে।
তৃতীয় মুদ্রণ ₹১২৫

অমরেন্দ্র চক্রবর্তীর
**বন্ধুভরা বসুন্ধরা**
অজানা দেশ দেখে বেড়ানো, অচিন মানুষ চিনে বেড়ানোর আন্তরিক আলেখ্য। সঙ্গে রঙিন ছবি। মজবুত বোর্ড বাঁধাই।
দ্বিতীয় সংস্করণ ₹১২০

রবীন চক্রবর্তীর
**বাঁধা পথের বাঁধন ছেড়ে**
উত্তর-পূর্ব ভারত আর লাদাখ ভ্রমণে আগ্রহীদের এ-বই পথ দেখাবে।
২য় সংস্করণ। ₹৯০

শঙ্কররঞ্জন রায়চৌধুরীর
**চিন তিব্বত মোঙ্গোলিয়া**
বিচিত্র প্রকৃতি আর মানুষের জীবনস্রোতে ভেসে বেড়ানো। ২য় মুদ্রণ। ₹৯০

**সেরা ভ্রমণ কাহিনী**
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
প্রখ্যাত লেখক-পর্যটকদের দেশ-বিদেশ ভ্রমণের অন্তরঙ্গ কাহিনী।
১ম খণ্ড। সহস্রাধিক পাতা। ৪র্থ মুদ্রণ ₹৫০০
২য় খণ্ড। ৭০০ পাতা। ৩য় মুদ্রণ ₹৩০০
৩য় খণ্ড। ₹৩০০

মহাশ্বেতা দেবীর বিস্ময়কর বই
**তুতুল** তৃতীয় মুদ্রণ ₹৬০
সুভাষ মুখোপাধ্যায়ের ছড়ার বই
**বকবকম** ₹১৫
কানাইলাল চক্রবর্তীর
খুব ছোটদের জন্য এক আশ্চর্য সুন্দর বই
**চলো দেখে আসি**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹২০
**চড়ুইয়ের সঙ্গে** ₹১৫
**কুমির হয়ে জলে গেল** ₹৩০
পবিত্র সরকারের
**কথামালা: ছড়ায় ঢালা** ₹১৫
মৈত্রেয়ী নাগের
**বাঘ বেড়ালের ছড়া ছবি** ₹৩০
**আষাঢ়ে গল্প** ₹৬০

অমরেন্দ্র চক্রবর্তীর
**ছোটদের বই**
২০১৬-র সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত
**গরিলার চোখ** ₹৮০
**লিচুবাগানের চৌকিদার** ₹৮০
**বরফের বাগান** ₹১২০
**ছেঁড়াকাঁথার গল্প** ₹৭৫
**আমাজনের জঙ্গলে**
বিস্ময়কর কিশোর উপন্যাস। ৭ম মুদ্রণ ₹৭০
**হীরু ডাকাত**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹১২০
সঙ্গে বিনামূল্যে: অবাক করা গানে-সুরে বাদ্যি-বাজনায় অভিনয়ে জমজমাট দু'ঘণ্টার অখণ্ড MP3 সিডি
**গৌর যাযাবর**
বিশ্বভারতীর আশালতা সেন পুরস্কারপ্রাপ্ত।
পরিবর্ধিত নতুন সংস্করণ ₹১২০
**শাদা ঘোড়া** ৬ষ্ঠ মুদ্রণ ₹৬০
দেশ-বিদেশের নানা ভাষায় অনূদিত।
**টিয়াগ্রামের ফিঙেনদী**
যুধাজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹১৫
**ঋষিকুমার** ₹২০ **পাখির খাতা** ₹৪০
**ভূতের বাঁশি** ₹৪০
**তালগাছের ডোঙা** ₹২০

**স্বর্ণাক্ষর**
29/1-A, Old Ballygunge 2nd Lane
Kolkata-700 019
Ph: 2283-2320 Fax: 2287-6448

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# পোট্যাটো চিপস তৈরির মেশিন

**'কর্মক্ষেত্র'র জনপ্রিয় বিভাগ 'কোন মেশিনে কী ব্যবসা' পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।**



**নিজস্ব প্রতিনিধি:** ছোট-বড় সকলেরই প্রিয় পোট্যাটো চিপস। পোট্যাটো চিপস তৈরি করতে পিলার মেশিন, একটি কাটিং মেশিন, ডিজেল ওভেন, অয়েল হাইড্রো মেশিন এবং একটি মিক্সার মেশিন প্রয়োজন।

**কীভাবে করবেন:** প্রথমে বাজার থেকে আলু কিনে এনে সেই আলু খোসা ছাড়ানোর জন্য পোট্যাটো পিলার মেশিনে দিতে হবে। এই মেশিনে সেকেন্ডে ১৫ কেজি আলুর খোসা ছাড়ানো সম্ভব। এবার এই খোসা ছাড়ানো আলু একটি বড় জলের গামলায় ঢেলে ভালো করে ধুয়ে নিতে হবে। কাটিং মেশিনে ডাইস লাগানো থাকবে। পছন্দমতো ডাইস পরিবর্তন করে প্রয়োজনানুসারে আলু কাটা সম্ভব। এরপর ধোয়া আলু কাটিং মেশিনের হপারে দিয়ে মেশিন চালু করলে ডাইস অনুযায়ী আলু পছন্দমতো আকারে কাটা হয়ে বেরিয়ে আসবে। এবার সেই আলু আবার জলের গামলায় ঢেলে ধুয়ে নিতে হবে। না হলে আলু কালো হয়ে যাবে। এরপর ডিজেল ওভেনের কড়াইতে তেল দিয়ে এই আলু ভেজে নিতে হবে। এবার ওই ভাজা আলু অয়েল হাইড্রো মেশিনে দিলে অতিরিক্ত তেল বেরিয়ে যাবে। সবশেষে মিক্সার মেশিনে ভাজা আলুর সঙ্গে পছন্দমতো মশলা মিশিয়ে প্যাকেটে ভরে বাজারে বিক্রি করতে পারেন। এই মেশিনে ঘণ্টায় ১০০ কেজি পোট্যাটো চিপস তৈরি সম্ভব। প্রত্যেকটি মেশিনের জন্য ১ হর্সপাওয়ার মোটর লাগবে এবং বিদ্যুৎ লাগবে ২২০ ভোল্ট।

**কোন মেশিনের কী দাম:** পোট্যাটো পিলার মেশিনের দাম ৩০ হাজার টাকা। কাটিং মেশিনের দাম ৩০ হাজার টাকা। ডিজেল ওভেন, অয়েল হাইড্রো মেশিন এবং মিক্সার মেশিন প্রত্যেকটির দাম ২৫ হাজার টাকা করে। প্রতিটি মেশিনের সঙ্গে মোটরের দামও ধরা আছে।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com

# শিল্পজিজ্ঞাসা

**'কর্মক্ষেত্র'-য় 'স্বনির্ভরতার নানা পথ' দেখে পথে নামার কথা ভাবছেন? নিজে পথে না নেমে কিন্তু কোনও ব্যবসার সবক'টি দিক জানা সম্ভব নয়। প্রদীপ জ্বালানোর আগে সলতে পাকানোর মতো এ হল ব্যবসা শুরুর আগের ধারণা তৈরির পর্ব। শুরুর আগে বা পরে কোনও জিজ্ঞাসা জাগলে 'শিল্পজিজ্ঞাসা' বিভাগে চিঠি লিখুন।**

□ *আমি টবে ফুল ফুটিয়ে টবসমেত গাছ বিক্রি করে দিই। অনেক সময় বিভিন্ন প্রদর্শনী থেকেই ফুল-সহ গাছ বিক্রি হয়ে যায়। শীতের মরশুমে এগ্রি-হর্টিকালচারাল সোসাইটিতে ফুলের প্রদর্শনী হয়। আমি জানতে চাই এই প্রদর্শনী কোন মাসে হয় এবং কোন কোন ফুলের প্রদর্শনী হয়? —সুজাতা বর্মণ, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

□□ এগ্রি-হর্টিকালচারাল সোসাইটি অব ইন্ডিয়ায় শীতকালীন ফুলের প্রদর্শনী হয় জানুয়ারির মাসে। প্রধানত ডালিয়া, ক্রিসেনথেমাম, গ্ল্যাডিওলাস ও গোলাপের প্রদর্শনী হয়। সোসাইটির ঠিকানা: ১, আলিপুর রোড, কলকাতা-২৭। ফোন: ২৪৭৯-১৭১৩।

□ *বায়োগ্যাস প্ল্যান্ট তৈরির জন্য কি প্রধানমন্ত্রী কর্মসৃজন প্রকল্পের আওতায় ঋণ পাওয়ার সুযোগ আছে। বায়োগ্যাস-সম্পর্কিত নানা তথ্যের প্রয়োজন, কোথা থেকে পেতে পারি? — সঞ্জয় জানা, বনগাঁ, উত্তর ২৪ পরগনা।*

□□ ব্যবসার জন্য বায়োগ্যাস প্ল্যান্ট তৈরির লক্ষ্যে প্রধানমন্ত্রী কর্মসৃজন প্রকল্প থেকে ঋণ পাওয়ার সুযোগ আছে। প্রয়োজনীয় তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইটটি: www.biogasindia.in তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই ঠিকানাতেও: ওয়েস্ট বেঙ্গল রিনিউয়েবল এনার্জি ডেভেলপমেন্ট এজেন্সি (ওয়েবরেডা), বিকল্প শক্তি ভবন, প্লট নম্বর জে-১/১০, সেক্টর-ফাইভ, ইপি-জিপি ব্লক, সল্টলেক ইলেক্ট্রনিক্স কমপ্লেক্স। ফোন: ২৩৫৭-৫০৩৮/৫৩৪৮। ওয়েবসাইট: www.wbreda.org

□ *রপ্তানির লাইসেন্সের জন্য এক্সপোর্ট প্রোমোশন কাউন্সিলে রেজিস্ট্রেশনের দরকার হচ্ছে। এক্সপোর্ট প্রোমোশন কাউন্সিলের ঠিকানা জানাবেন। — স্বপনকুমার সরকার, বুনিয়াদপুর, দক্ষিণ দিনাজপুর।*

□□ একাধিক এক্সপোর্ট প্রোমোশন কাউন্সিল রয়েছে। আপনি কী ধরনের পণ্য রপ্তানি করবেন, তার ওপর নির্ভর করছে কোন এক্সপোর্ট প্রোমোশন কাউন্সিলে আপনি রেজিস্ট্রেশন করাবেন। পরামর্শের জন্য আপনি ওয়েস্ট বেঙ্গল এক্সপোর্ট প্রোমোশন সোসাইটিতে যোগাযোগ করতে পারেন। সোসাইটির ওয়েবসাইটে বিভিন্ন এক্সপোর্ট প্রোমোশন কাউন্সিলের ঠিকানা, ফোন নম্বরের তালিকা পাবেন। এক্সপোর্ট প্রোমোশন সোসাইটির ঠিকানা: ২, চার্চ লেন, রুম নম্বর-৪০১, পঞ্চমতল, কলকাতা-১। ফোন: (০৩৩) ২২৪৩-৯১৮৮, (০৩৩) ২২৪৩-৯১৮৭। ওয়েবসাইট: www.wbseps.com

□ *পশ্চিমবঙ্গ সরকারের হরিণঘাটা প্রক্রিয়াকরণ কেন্দ্রে উৎপাদিত মাংস বিক্রির ব্যবসা করতে চাই। এজন্য কোথায় যোগাযোগ করতে হবে? — নামপ্রকাশে অনিচ্ছুক, বারাকপুর (হাজিনগর), উত্তর ২৪ পরগনা।*

□□ যোগাযোগ করবেন এই ঠিকানায়: ওয়েস্ট বেঙ্গল লাইভস্টক ডেভেলপমেন্ট কর্পোরেশন, এল বি-২, সেক্টর-থ্রি, সল্টলেক, কলকাতা-১০৬। ফোন: ১৮০০ ২০০০ ৮২৩।

□ *আমি জাঙ্ক জুয়েলারি তৈরি করা শুরু করেছি সম্প্রতি। আদিবাসীদের অলঙ্কার নিয়ে বিশেষ আগ্রহ রয়েছে। এ বিষয়ে পড়াশোনা করতে চাই। বিভিন্ন রাজ্যের আদিবাসীদের অলঙ্কার বিষয়ে কম্পিউটার থেকে কোনও লেখা সংগ্রহ করা সম্ভব কি? আমি এখনও পেয়ে উঠিনি। সন্ধান দিলে উপকৃত হব। — অনন্যা দাশ, বরাহনগর, কলকাতা।*

□□ আপনি গুগলে 'Indian Tribal Ornaments: a Hidden Treasure' লিখে খোঁজ করলে ডঃ জ্যোতি দ্বিবেদীর উপরোক্ত শিরোনামে একটি গবেষণাপত্র পাবেন। লেখাটি পাওয়া যাবে এই ওয়েবসাইটে: www.iosr journals.org প্রয়োজনে লেখাটির প্রিন্ট আউট নেওয়া যাবে।

□ *পোট্যাটো চিপস তৈরির মেশিনের দাম কেমন হতে পারে? কোথায় মেশিন কিনতে পাওয়া যাবে? —কমল দাস, বালি, হাওড়া।*

□□ পোট্যাটো পিলার, কাটিং মেশিন, ডিজেল ওভেন, অয়েল হাইড্রো মেশিন ও মিক্সার মেশিন নিয়ে পোট্যাটো চিপস তৈরির পূর্ণাঙ্গ ব্যবস্থা। মোটর-সহ সবক'টি মেশিনের সামগ্রিক দাম কমবেশি দেড় লক্ষ টাকা। ক্যানিং স্ট্রিট (কলকাতা-১) ও গণেশচন্দ্র অ্যাভেনিউয়ের (কলকাতা-১৩) মেশিন-পত্র বিক্রির দোকানগুলিতে পোট্যাটো চিপস তৈরির মেশিন পাওয়া যাবে।

# আর্মি স্কুলে সহস্রাধিক শিক্ষক-শিক্ষিকা

## কম্বাইন্ড সিলেকশন স্ক্রিনিং এক্সামিনেশন ১৭ ও ১৮ নভেম্বর

দেশের শতাধিক আর্মি পাবলিক স্কুলে শিক্ষকতার যোগ্যতা নির্ণায়ক পরীক্ষা কম্বাইন্ড সিলেকশন স্ক্রিনিং এক্সামিনেশন (সি এস এস ই) নেওয়া হবে ১৭ এবং ১৮ নভেম্বর। এই পরীক্ষায় বসার জন্য অনলাইন দরখাস্ত করা যাবে ২৪ অক্টোবর পর্যন্ত। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

এই পরীক্ষায় সফল হলে দেশের সমস্ত সেনাবাহিনী-পরিচালিত স্কুলে শিক্ষকতার যোগ্যতা অর্জন করা যাবে। তবে কোনও ক্ষেত্রেই সি এস এস ই-তে সফল হলেই নিয়োগ পাবেন না। বিভিন্ন স্কুল তাদের প্রয়োজনমতো প্রাইমারি টিচার, ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার এবং পোস্ট-গ্র্যাজুয়েট ট্রেন্ড টিচার নিয়োগের বিজ্ঞাপন দিলে এই যোগ্যতা থাকলে আবেদন করতে পারবেন। এই পরীক্ষার স্কোর কার্ড রেজাল্ট ঘোষণার পর থেকে ৩ বছর পর্যন্ত বৈধ থাকবে। উল্লেখ্য, প্রাইমারি ও ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার পদের ক্ষেত্রে কেন্দ্র বা রাজ্য সরকার দ্বারা পরিচালিত টিচার এলিজিবিলিটি টেস্ট (টেট) পাশ না করে থাকলেও সি এস এস ই-তে বসার জন্য আবেদন করা যাবে। তবে, চুক্তিতে বা স্থায়ী চাকরি পাওয়ার ক্ষেত্রে সি-টেট বা টেট স্কোর থাকা বাধ্যতামূলক।

পোস্ট-গ্র্যাজুয়েট ট্রেন্ড টিচার (পি জি টি) নিয়োগ হবে এই সমস্ত বিষয়ে: ইংরেজি, হিন্দি, ইতিহাস, ভূগোল, ইকনমিক্স, পলিটিক্যাল সায়েন্স, ম্যাথমেটিক্স, ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি, বায়োটেকনোলজি, সাইকোলজি, কমার্স, কম্পিউটার সায়েন্স ইনফরমেটিক্স, হোম সায়েন্স, ফিজিক্যাল এডুকেশন।

ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (টি জি টি) নিয়োগ হবে এই সমস্ত বিষয়ে: ইংরেজি, হিন্দি, সংস্কৃত, ইতিহাস, ভূগোল, পলিটিক্যাল সায়েন্স, ম্যাথমেটিক্স, ফিজিক্স, কেমিস্ট্রি এবং বায়োলজি।

**পরীক্ষায় বসার জন্য শিক্ষাগত যোগ্যতা: প্রাইমারি টিচার (পি আর টি)** : মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতক। সেইসঙ্গে ৫০ শতাংশ নম্বর-সহ ব্যাচেলর অব এডুকেশন (বি এড) অথবা ২ বছরের ডিপ্লোমা ইন এলিমেন্টারি এডুকেশন বা ৪ বছরের ব্যাচেলর অব এলিমেন্টারি এডুকেশন (বি এল এড)।

**ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (টি জি টি):** সংশ্লিষ্ট বিষয়ে মোট ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতক, সঙ্গে ৫০ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট বিষয়ে বি এড।

**পোস্ট-গ্র্যাজুয়েট ট্রেন্ড টিচার (পি জি টি):** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ স্নাতকোত্তর ডিগ্রি। সঙ্গে ৫০ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট বিষয়ে বি এড।

পলিটিক্যাল সায়েন্সের ক্ষেত্রে পলিটিক্স বা পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন বা ইন্টারন্যাশনাল রিলেশনসে স্নাতকোত্তর ডিগ্রিধারীরাও আবেদন করতে পারেন। ম্যাথমেটিক্সের ক্ষেত্রে ম্যাথমেটিক্স বা স্ট্যাটিস্টিক্স বা অপারেশনাল রিসার্চে স্নাতকোত্তর ডিগ্রি বা ম্যাথমেটিক্সে এম এসসি এডুকেশন, ফিজিক্সের ক্ষেত্রে ফিজিক্সে স্নাতকোত্তর ডিগ্রি বা এম এসসি এডুকেশন, কেমিস্ট্রির ক্ষেত্রে কেমিস্ট্রি বা বায়োকেমিস্ট্রি বা ফার্মা কেমিস্ট্রিতে স্নাতকোত্তর ডিগ্রি বা কেমিস্ট্রিতে এম এসসি এডুকেশন, বায়োলজির ক্ষেত্রে জুলজি (সঙ্গে অন্যতম বিষয় হিসেবে বটানি পড়ে থাকতে হবে) বা বটানি (সঙ্গে অন্যতম বিষয় হিসেবে জুলজি পড়ে থাকতে হবে) বা মাইক্রো বায়োলজি বা মলিকিউলার বায়োলজি বা এগ্রিকালচারাল বটানি বা জেনেটিক্সে স্নাতকোত্তর ডিগ্রি (স্নাতকস্তরে বটানি বা জুলজি পড়ে থাকতে হবে) অথবা জুলজি বা বটানিতে এম এসসি এডুকেশন ডিগ্রিধারীরা আবেদনের যোগ্য। বায়োটেকের ক্ষেত্রে বায়োটেকনোলজি বা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। কম্পিউটার সায়েন্স ইনফরমেটিক্সের ক্ষেত্রে কম্পিউটার সায়েন্স বা ইনফরমেশন টেকনোলজি বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশনসে বি ই বা বি টেক অথবা এম সি এ অথবা আই টি বা কম্পিউটার সায়েন্সে এম এসসি। অথবা ম্যাথমেটিক্স বা ফিজিক্স বা স্ট্যাটিস্টিক্সে এম এসসি (স্নাতকস্তরে কম্পিউটার সায়েন্স পড়ে থাকতে হবে) অথবা বি সি এ অথবা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা আই টিতে ৩ বছর মেয়াদের ডিপ্লোমা অথবা এ আই সি টি ই স্বীকৃত প্রতিষ্ঠান থেকে কম্পিউটার অ্যাপ্লিকেশনে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা অথবা ডোয়েক বি লেভেল কোর্স পাশ করে থাকতে হবে।

**বয়স:** ১-৪-২০১৯ তারিখে ৪০ বছরের মধ্যে হতে হবে। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে ৫৭ বছরের মধ্যে হতে হবে। তাঁদের ক্ষেত্রে অন্তত ৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

অনলাইন পরীক্ষা ১৭ এবং ১৮ নভেম্বর। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা, ব্যারাকপুর, দুর্গাপুর ও শিলিগুড়ি। পরীক্ষা নেওয়া হবে দু'টি পার্টে। তবে প্রাইমারি টিচার পদের ক্ষেত্রে কেবল প্রথম পত্রের উত্তর দিতে হবে। প্রথম পত্রের (৯০ নম্বর) পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন আসবে জেনারেল অ্যাওয়্যারনেস, মেন্টাল এবিলিটি, ইংলিশ কম্প্রিহেনশন, মেথডোলজি এবং শিক্ষক শিক্ষণ বিষয়ে। দ্বিতীয় পত্রে (৯০ নম্বর) অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে সংশ্লিষ্ট বিষয়ে। পরীক্ষার মোট সময়সীমা ৩ ঘণ্টা (প্রাইমারি টিচার পদের ক্ষেত্রে ১ ঘণ্টা ৩০ মিনিট)। নেগেটিভ মার্কিং আছে।

পরীক্ষার অ্যাডমিট কার্ড ৩ নভেম্বর থেকে ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: www.awesindia.com

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.awesindia.com প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২৪ অক্টোবর পর্যন্ত। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর ফটো (১৪০×১৬০ পিক্সেল এবং ৬০ কেবি সাইজের মধ্যে) এবং সই (৬০×৯০ পিক্সেল এবং ৩০ কেবি সাইজের মধ্যে), শিক্ষাগত যোগ্যতা এবং অন্যান্য প্রয়োজনীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে। আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

দরখাস্ত সাবমিট করার পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই হেল্প লাইন নম্বরে: ৯৪৫৫৮৭৪৪৯১, ৯৪৫৫৮৭৪৪৯২, ৯৪৫৫৮৭৪৪৯৪ অথবা মেল করতে পারেন এই ই-মেল আই ডি-তে: helpdesk.awes@gmail.com

**Wanted Part-time Typist-cum-Stenographer for Hooghly Engineering & Technology College Society**

DTP Operator Requirement: Minimum speed of 80 words in short hand and 40 words in Typing in Computer per minute in English and Bengali Language. Salary: Negotiable

Interested candidates may send their resume along with all the testimonials by 30/10/18 by email at apply.hetcs@hetc.ac.in and also by Post to: The Secretary,

**Hooghly Engineering & Technology College Society**

Vivekananda Road, Pipullpati, P.O & Dist-Hooghly, Pin code 712103

www.banglajobguide.tk   Join http://t.me/BanglaJobGuide   http://t.me/BangoSongbad



# কর্মক্ষেত্র কর্মসহায়ক

নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।



*যাঁরা তাঁদের ভালোলাগা কাজটির জন্য নিজেদের উজাড় করে দিতে পারেন, তাঁরা নিশ্চিতভাবেই সাফল্য পান।*

*— এ আর রহমান*

*(ভারতীয় সংগীত পরিচালক)*

✓ *ইংরেজির স্নাতকোত্তর ডিগ্রি সম্পূর্ণ করার পরে বি এড করেছি। উভয় ডিগ্রিতেই প্রথম শ্রেণির নম্বর আছে। এখন চাকরির জন্য পড়াশোনা করছি। চাকরির খবর দেবেন।*

*মধুমালবিকা মণ্ডল, ডায়মন্ড হারবার, দক্ষিণ ২৪ পরগনা।*

□ বি এড করেছেন। ধরে নেওয়া যায় শিক্ষকতা করার ইচ্ছা রয়েছে। স্কুল বা কলেজে শিক্ষকতা ছাড়াও অন্যান্য বিভিন্ন সরকারি চাকরির জন্য আপনি আবেদন করতে পারবেন।

***এখনই আবেদন করতে পারবেন:*** সহস্রাধিক শিক্ষক শিক্ষিকা নিয়োগ করা হবে দেশজুড়ে আর্মি পাবলিক স্কুলগুলিতে। প্রার্থী বাছাই হবে 'কম্বাইন্ড সিলেকশন স্ক্রিনিং এক্সামিনেশন'-এর মাধ্যমে। পরীক্ষা ১৭ ও ১৮ ডিসেম্বর। বিভিন্ন বিষয়ের জন্য নিয়োগ হবে পোস্ট-গ্র্যাজুয়েট টিচার, ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার ও প্রাইমারি টিচার। ২৪ অক্টোবরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের

সহস্রাধিক শিক্ষক শিক্ষিকা নিয়োগ করা হবে দেশজুড়ে আর্মি পাবলিক স্কুলগুলিতে। প্রার্থী বাছাই হবে 'কম্বাইন্ড সিলেকশন স্ক্রিনিং এক্সামিনেশন'-এর মাধ্যমে। পরীক্ষা ১৭ ও ১৮ ডিসেম্বর। বিভিন্ন বিষয়ের জন্য নিয়োগ হবে পোস্ট-গ্র্যাজুয়েট টিচার, ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার ও প্রাইমারি টিচার। ২৪ অক্টোবরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.awesindia.com 'কর্মক্ষেত্র'-র ৫ অক্টোবর সংখ্যায় 'আর্মি স্কুলে সহস্রাধিক শিক্ষক-শিক্ষিকা' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে।

মাধ্যমে: www.awesindia.com 'কর্মক্ষেত্র'-র ৫ অক্টোবর সংখ্যায় 'আর্মি স্কুলে সহস্রাধিক শিক্ষক-শিক্ষিকা' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। আপনি পোস্ট-গ্র্যাজুয়েট টিচার বা ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার পদে আবেদন করতে পারেন।

***পরে আবেদন করতে পারবেন:*** সি টেট পরীক্ষায় বসতে পারেন। এই পরীক্ষার মাধ্যমে কেন্দ্রীয় বিদ্যালয়, নবোদয় বিদ্যালয়, রেলের স্কুল এবং বিভিন্ন রাজ্যের স্কুলগুলিতে শিক্ষক-শিক্ষিকা নিয়োগ হয়ে থাকে। পশ্চিমবঙ্গ সরকারের অর্থ-সাহায্যপ্রাপ্ত স্কুলগুলিতে শিক্ষক-শিক্ষিকা নিয়োগ করা হয় স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে। আপনি এই পরীক্ষায় বসতে পারবেন। নেট পরীক্ষার মাধ্যমে কলেজ, বিশ্ববিদ্যালয়ে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর নিয়োগ করা হয়। পশ্চিমবঙ্গের বিভিন্ন কলেজে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর নিয়োগ করা হয় কলেজ সার্ভিস কমিশনের মাধ্যমে। আপনি এই দুই পরীক্ষায় বসতে পারবেন।

অন্যান্য বিভিন্ন সরকারি চাকরির জন্যও আপনি আবেদনের যোগ্য। কেন্দ্রীয় সরকারের অফিসার গ্রেডের চাকরির জন্য স্টাফ সিলেকশন কমিশন পরিচালিত কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষায় বসতে পারেন। পশ্চিমবঙ্গ সরকারের অফিসার গ্রেডের চাকরির জন্য মিসেলেনিয়াস সার্ভিসেসের পরীক্ষায় বসতে পারবেন। গ্র্যাজুয়েশনে প্রথম শ্রেণির নম্বর থাকায় রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার পদে আবেদন করতে পারবেন। রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট পদেও আবেদন করতে পারবেন। ব্যাঙ্কে প্রবেশনারি অফিসার, ক্লার্ক প্রভৃতি পদেও আপনি আবেদনের যোগ্য। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, আছে আরও নানা চাকরি।

✓ *ইংরেজির গ্র্যাজুয়েট। কম্পিউটার অ্যাপ্লিকেশনের ডিপ্লোমা কোর্স সম্পূর্ণ হবে নভেম্বর মাসে। চাকরির খবর দেবেন।*

*প্রদীপ আচার্য, নবদ্বীপ, নদিয়া।*

□ গ্র্যাজুয়েট যোগ্যতার বিভিন্ন চাকরির জন্য আবেদন করতে পারবেন। চাকরির পরীক্ষার প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারেন:*** পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগমে কিছু অফিস অ্যাসিস্ট্যান্ট নেওয়া হবে। আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ৫ অক্টোবর সংখ্যায় 'পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগমে ৩০৬' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ১৬ নভেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbpdcl.co.in

***পরে আবেদন করতে পারবেন:*** রেলে অ্যাসিস্ট্যান্ট স্টেশন মাস্টার, গুডস গার্ড, কমার্শিয়াল অ্যাপ্রেন্টিস, ট্র্যাফিক অ্যাপ্রেন্টিস পদে আবেদন করতে পারবেন। কেন্দ্রীয় সরকারের চাকরির জন্য কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষায় বসতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের মিসেলেনিয়াস সার্ভিসেসের পরীক্ষায় বসতে পারবেন। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, আছে আরও চাকরি। রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামিং অফিসার পদে আবেদন করতে পারবেন।

✓ *বর্তমানে বটানি অনার্স পড়ছি দ্বিতীয় বর্ষে। একটা চাকরির খুব দরকার হয়ে পড়েছে। উচ্চমাধ্যমিক পাশ করেছি পিওর সায়েন্স শাখায়। উচ্চমাধ্যমিকে ৬০ শতাংশ নম্বর আছে। আমি দরখাস্ত করতে পারব এরকম কয়েকটি চাকরির কথা জানালে উপকৃত হব।*

*শুভঙ্কর দে, নাগেরবাজার, কলকাতা-২৮।*

□ স্নাতকের পড়াশোনা সম্পূর্ণ হওয়ার আগে আপনার শিক্ষাগত যোগ্যতা চাকরির ক্ষেত্রে উচ্চমাধ্যমিক বলেই বিবেচিত হবে। ফলে এখন আপনি সর্বোচ্চ উচ্চমাধ্যমিক যোগ্যতার চাকরিগুলির জন্যই আবেদন করতে পারবেন।

***এখনই আবেদন করতে পারেন:*** পশ্চিম মেদিনীপুর জেলার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের অফিসে কিছু প্রোগ্রাম অফিসার নেওয়া হবে। উচ্চমাধ্যমিকে ৬০ শতাংশ নম্বর থাকায় আপনি এই পদে আবেদন করতে পারবেন। ২৬ অক্টোবর পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.paschimmedinipur.gov.in 'কর্মক্ষেত্র'-র ৫ অক্টোবর সংখ্যায় 'পশ্চিম মেদিনীপুর জেলায় অ্যাসিস্ট্যান্ট' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে।

***পরে আবেদন করতে পারবেন:*** রেলে টিকিট এক্সামিনার ও ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। উচ্চমাধ্যমিকে প্রথম শ্রেণির নম্বর থাকায় রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের কৃষিপ্রযুক্তি সহায়ক পদে আবেদন করতে পারবেন।

✓ *মাধ্যমিক পাশ। মাধ্যমিকে ৫৬ শতাংশ নম্বর আছে। এখন কম্পিউটার হার্ডওয়্যার ও নেটওয়ার্কিংয়ের কোর্স করছি। উচ্চমাধ্যমিক পড়ছি না। দিনে একটি শপিং মলে চাকরি করছি। আমার শিক্ষাগত যোগ্যতায় সরকারি চাকরি হতে পারে কি? হলে সেই চাকরির কথা জানাবেন।*

*সুকান্ত দাশ, পৈলান, দক্ষিণ ২৪ পরগনা।*

□ কিছু সরকারি চাকরির জন্য আপনি আবেদন করতে পারবেন। চাকরির পরীক্ষায় সফল হতে হবে। পড়াশোনা করে পরীক্ষায় প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারবেন:*** কলকাতা হাইকোর্টে ২২১জন গ্রুপ 'ডি' কর্মী নিয়োগ করা হবে। আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ৫ অক্টোবর সংখ্যায় 'কলকাতা হাইকোর্টে ২২১ গ্রুপ 'ডি' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। ২৯ অক্টোবরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.calcuttahighcourt.gov.in

কলকাতা হাইকোর্টে ২২১জন গ্রুপ 'ডি' কর্মী নিয়োগ করা হবে। 'কর্মক্ষেত্র'-র ৫ অক্টোবর সংখ্যায় 'কলকাতা হাইকোর্টে ২২১ গ্রুপ 'ডি' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে।

***পরে আবেদন করতে পারবেন:*** পশ্চিমবঙ্গ সরকারে বিভিন্ন সংস্থা ও আঞ্চলিক প্রশাসনের কার্যালয়গুলিতে গ্রুপ 'ডি' পদে আবেদন করতে পারবেন। রেলের লেভেল ওয়ান (পূর্ববর্তী গ্রুপ 'ডি') পদের কয়েকটি ক্যাটাগরিতে আবেদন করতে পারবেন। আদালত, স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়ে পিওন পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারে খাদ্য ও সরবরাহ বিভাগে সাব-ইনস্পেক্টর পদে আবেদন করতে পারবেন। মাধ্যমিকে অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে পুরসভা, পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদে সহায়ক পদে আবেদন করতে পারবেন। কেন্দ্রীয় সরকারে মাল্টিটাস্কিং স্টাফ পদে আবেদন করতে পারবেন। ডাকবিভাগ সময়ে সময়ে পশ্চিমবঙ্গ পোস্টাল সার্কেলে মাল্টিটাস্কিং স্টাফ নিয়োগ করে থাকে। এই পদটির জন্য বিশেষ প্রস্তুতি নিতে পারেন।

## টান অনুভব করেন, এমন পেশা বাছাই করে নিজেকে প্রস্তুত করুন আগে থেকেই



**রঞ্জিত চৌধুরী**
প্রাক্তন অধ্যক্ষ, ইনস্টিটিউট অব হোটেল ম্যানেজমেন্ট, ক্যাটারিং টেকনোলজি অ্যান্ড অ্যাপ্লায়েড নিউট্রিশন (কলকাতা)

পড়াশোনাই হোক বা কোনও হাতের কাজের প্রশিক্ষণ, গোড়ার কথাগুলো ভালো করে জানতেই হবে। ফাঁক থেকে গেলে পরে সমস্যায় পড়তে হবে। বইয়ের একটা পরিচ্ছেদের সঙ্গে আরেকটা পরিচ্ছেদের কার্যকারণ সম্পর্ক থাকে। সেই সম্পর্কগুলোকে বুঝতে হবে চেষ্টাচরিত্র করে। আপনি যখন কোনও পেশাদারি কোর্স করছেন, প্রশিক্ষণ নিচ্ছেন, তখন এটা মনে রাখতে হবে যে, এক্ষেত্রে শুধু পরীক্ষাটাই বড় কথা নয়, আপনাকে একটা পেশাদারি কাজের ব্যাকরণ শিখতে হচ্ছে ক্রমান্বয়ে। পরে কর্মক্ষেত্রয় শেখা জিনিসটা করে দেখাতে হবে। ফলে একেবারে শুরু থেকেই বিষয়টাকে আঁকড়ে ধরতে হবে। ফাঁক থেকে গেলে সংশ্লিষ্ট কাজটির সামগ্রিক প্রক্রিয়াটিকে ধরা যাবে না। বিষয় বা পেশাদারি কাজটির ওপর গোড়া থেকেই একটা দখল তৈরি হলে দেখবেন, আপনার আত্মবিশ্বাস বেড়ে গেছে, সেইসঙ্গে আপনার জানার আগ্রহও প্রবল হয়ে উঠেছে। তখন আর পরিশ্রমে অনীহা থাকবে না। ভালো কাজের জন্য আত্মবিশ্বাস ও একটা অনুসন্ধিৎসু মনের দরকার হয়। এই গুণগুলো তৈরি হয়ে যেতে পারে প্রস্তুতির সময় থেকেই। যথাযথ প্রস্তুতি রাতারাতি নেওয়া যায় না। প্রক্রিয়াটি দীর্ঘমেয়াদি।

যে-কোনও কাজেরই কতগুলো সূক্ষ্মতার দিক থাকে। সেগুলো জানা, বোঝা এবং আয়ত্ত করাই দক্ষতা। খেয়াল করে দেখবেন, দেশজুড়ে বিভিন্ন কাজের দক্ষতা বৃদ্ধির ওপর বিশেষ জোর দেওয়া হচ্ছে এখন। সাধারণ শিক্ষা ও সেই শিক্ষা কাজে লাগিয়ে সুষ্ঠুভাবে একটি কাজ নিষ্পন্ন করার মধ্যে সূক্ষ্মতার ফারাক থেকে যায়। আপনার বাড়ির রেফ্রিজারেটরটি খারাপ হলে মেকানিক ডাকবেন। তিনি মেরামত করে দেওয়ার দু'দিনের মধ্যে যদি ফের সমস্যাটির পুনরাবৃত্তি ঘটে তবে স্বভাবতই আপনি বিরক্ত হবেন। দ্বিতীয় কোনও মিস্ত্রি এসে ভালো করে সারাই করে দিলে, পরবর্তীকালে রেফ্রিজারেটরের অন্য সমস্যায় আপনি ওই দ্বিতীয় মেকানিককেই ডাকবেন। যে-কোনও কাজের ক্ষেত্রেই একথা প্রযোজ্য। চাকরিদাতা সংস্থা কাজের সূক্ষ্মতা জানা কর্মীকেই পছন্দ করবে, এটাই তো স্বাভাবিক।

তবে একেবারে গোড়াতেই পেশার ব্যাপারে একটা সিদ্ধান্ত নিয়ে ফেলতে হবে। মনের মতো একটা পেশা বাছাই করে নিতে হবে, যা আপনার ব্যক্তিত্ব, পছন্দের সঙ্গে মানানসই হবে। তাহলে সেই পেশাটির জন্য নিজেকে গড়েপিটে নেওয়ার প্রক্রিয়াটাকে আপনার আর বিরক্তিকর বলে মনে হবে না। প্যাশন একটা উদ্দীপনা তৈরি করে। ভালো কাজের জন্য সেই উদ্দীপনার দরকার হয়। ইনস্টিটিউট অব হোটেল ম্যানেজমেন্ট, ক্যাটারিং টেকনোলজি অ্যান্ড অ্যাপ্লায়েড নিউট্রিশনে (কলকাতা) হসপিটালিটি অ্যান্ড হোটেল অ্যাডমিনিস্ট্রেশনের বি এসসি কোর্সের পাশাপাশি মাধ্যমিক যোগ্যতায় ফুড প্রোডাকশন, প্যাটিসারির মতো কোর্স পড়া যায়। লক্ষ করে দেখেছি, যাঁদের মধ্যে কাজগুলো শেখার অদম্য আগ্রহ কাজ করছে, তাঁরা খুঁটিয়ে, পরিশ্রম করে কাজ শিখছে। এদের অনেকেই নামী তারকা হোটেলে চাকরি করছে, চাকরিতে উন্নতিও করেছে।

ভালো কাজের জন্য আত্মবিশ্বাস ও একটা অনুসন্ধিৎসু মনের দরকার হয়। এই গুণগুলো তৈরি হয়ে যেতে পারে প্রস্তুতির সময় থেকেই। যথাযথ প্রস্তুতি রাতারাতি নেওয়া যায় না। প্রক্রিয়াটি দীর্ঘমেয়াদি।

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

### কর্মক্ষেত্র কর্মসহায়ক

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।

**আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।**

✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?

✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)

✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: (নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## কী পড়বেন, কোথায় পড়বেন

### কলকাতা বিশ্ববিদ্যালয়ে ইনভেস্টমেন্ট পোর্টফোলিও ম্যানেজমেন্ট সার্ভিসেসের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স



ইনভেস্টমেন্ট পোর্টফোলিও ম্যানেজমেন্ট সার্ভিসেসের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ সেন্টার অব এক্সেলেন্স ইন ফিনান্সিয়াল মার্কেটস বিভাগ। কোর্সের মেয়াদ ১ বছর। এটি একটি সান্ধ্যকালীন কোর্স। কোর্স শুরু হবে নভেম্বরে। কলকাতা বিশ্ববিদ্যালয় ও কলকাতা স্টক এক্সচেঞ্জের যৌথ উদ্যোগে কোর্সটি করানো হবে।

**আসনসংখ্যা:** ৫০টি। **শিক্ষাগত যোগ্যতা:** আর্টস, সায়েন্স, কমার্স, ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি, বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন, মেডিক্যাল সায়েন্স, আইন বা সমতুল শাখায় স্নাতক। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদনের যোগ্য।

কোর্স ফি: ২৪,০০০ টাকা। তিনটি কিস্তিতে ফি জমা দেওয়ার সুযোগ রয়েছে।

ক্লাস করানো হবে কলকাতা স্টক এক্সচেঞ্জে, বিকেল ৪ টে থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতা এবং পার্সোনাল ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ৩ অক্টোবর।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করা যাবে www.caluniv.ac.in ওয়েবসাইট থেকে। আবেদনপত্রটি ই-মেলে পাঠাতে হবে।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা, এন ই এফ টি বা আই এম পি এস বা অনলাইন ফান্ড ট্রান্সফার বা নগদে স্টেট ব্যাঙ্ক ইন্ডিয়ার যে-কোনও শাখায়। ফি প্রদেয় হতে হবে C.U. A/C CALCUTTA STOCK EXCHANGE CUSTOMERS PROTECTION FUND (Account no. 32290555418, State Bank of India, Calcutta University Branch, IFS Code: SBIN0007766, Branch Code 007766)-এর অনুকূলে। নগদে জমা দিলে ফি দিয়ে পাওয়া রসিদটি নিজের কাছে রাখবেন। এন ই এফ টি বা আই এম পি এস বা অনলাইন ফান্ড ট্রান্সফারের মাধ্যমে ফি দিলে ব্যাঙ্ক ট্রানজ্যাকশনের ছবি তুলে রাখবেন। ফি জমা দেওয়ার নথিও ই-মেলে পাঠাতে হবে।

#### পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন

✓প্রার্থীর এক কপি পাসপোর্ট মাপের ফটো। ফটোটি আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন।
✓ফি দিয়ে পাওয়া রশিদ বা ব্যাঙ্ক ট্রানজ্যাকশনের ফটো।
✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।
✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

উপরোক্ত নথিগুলি-সহ পূরণ করা আবেদনপত্র স্ক্যান করে ই-মেল করতে হবে এই আই ডি-তে: cucsecommerce@gmail.com ই-মেল পাঠানোর শেষ তারিখ ২৬ অক্টোবর।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### দূরশিক্ষা ব্যবস্থায় কল্যাণী বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি

দূরশিক্ষা ব্যবস্থায় বিজ্ঞান ও কলা শাখার বিভিন্ন বিষয়ের স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের ওপেন অ্যান্ড ডিসট্যান্স লার্নিং ডিরেক্টোরেট। কলা শাখার অন্তর্ভুক্ত বিষয়গুলি পড়ানো হবে বিশ্ববিদ্যালয়ের মেন ক্যাম্পাস ও প্রতিষ্ঠান কর্তৃক অনুমোদিত বিভিন্ন স্টাডি সেন্টারে। বিজ্ঞান শাখার অন্তর্ভুক্ত বিষয়গুলি পড়ানো হবে শুধু মেন ক্যাম্পাসেই।

**বিষয়গুলি হল:** বাংলা, ইংরেজি, ইতিহাস, ভূগোল, এডুকেশন, জুলজি, বটানি এবং ম্যাথমেটিক্স।

**শিক্ষাগত যোগ্যতা:** অনার্স বা স্পেশ্যাল অনার্স-সহ গ্র্যাজুয়েট বা জেনারেল গ্র্যাজুয়েট। বি এ বা বি এসসিতে সংশ্লিষ্ট বিষয়ে অন্তত ৩০০ নম্বরের পরীক্ষা দিয়ে থাকতে হবে। এডুকেশনের ক্ষেত্রে বি এড-সহ স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রিধারীরা আবেদনের যোগ্য।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: http://dodl.klyuniv.ac.in

স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া কালেক্টের এই ওয়েবসাইটের মাধ্যমে: www.onlinesbi.com অনলাইন বা অফলাইনে কোর্স ফি দেওয়া যাবে। অনলাইনে ফি দেওয়া যাবে ক্রেডিট বা ডেবিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। অফলাইনে ফি জমা দিতে চাইলে ব্যাঙ্ক চালান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে।

কোর্স ফি জমা দিয়ে পাওয়া দু'কপি পেমেন্ট রিসিপ্ট, আসল নথিপত্র, প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল, প্রার্থীর ২ কপি পাসপোর্ট মাপের রঙিন ফটো এবং এনরোলমেন্ট ফর্ম-সহ যথাযথভাবে পূরণ করা আবেদনপত্র ২০ অক্টোবরের মধ্যে জমা দিতে হবে প্রতিষ্ঠান কর্তৃক অনুমোদিত যে-কোনও স্টাডি সেন্টারে। স্টাডি সেন্টারের তালিকা পাবেন এই ওয়েবসাইটে: http://dodl.klyuniv.ac.in

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে:(০৩৩) ২৫০২-২২১২/১৩।

### দূরশিক্ষা ব্যবস্থায় রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি

দূরশিক্ষা ব্যবস্থায় বিভিন্ন বিষয়ের স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের ডিরেক্টোরেট অব ডিসট্যান্স এডুকেশন। বিষয়গুলি হল: বাংলা, ইংরেজি, সংস্কৃত, ভোকাল মিউজিক, ইতিহাস, পলিটিক্যাল সায়েন্স, এডুকেশন, ভূগোল, এনভায়রনমেন্টাল স্টাডিজ, রবীন্দ্র সঙ্গীত এবং সোশ্যাল ওয়ার্ক। বিষয়গুলি পড়ানো হবে বিশ্ববিদ্যালয়ের সল্ট লেক ক্যাম্পাস ও প্রতিষ্ঠান কর্তৃক অনুমোদিত বিভিন্ন স্টাডি সেন্টারে। তবে ভূগোল, সোশ্যাল ওয়ার্ক, রবীন্দ্র সঙ্গীত এবং ভোকাল মিউজিক পড়ানো হবে বিশ্ববিদ্যালয়ের সল্ট লেক ক্যাম্পাসে।

**শিক্ষাগত যোগ্যতা:** অনার্স-সহ গ্র্যাজুয়েট। জেনারেল বা পাস গ্র্যাজুয়েটরাও আবেদনের যোগ্য। বি এ-তে সংশ্লিষ্ট বিষয়ে অন্তত ৩০০ নম্বরের পরীক্ষা দিয়ে থাকতে হবে। এডুকেশনের ক্ষেত্রে বি এড ডিগ্রি থাকতে হবে। ভূগোলের ক্ষেত্রে অনার্স-সহ স্নাতক ডিগ্রিধারীরাই আবেদন করতে পারেন। ভোকাল মিউজিক, এনভায়রনমেন্টাল স্টাডিজ, রবীন্দ্র সঙ্গীত এবং সোশ্যাল ওয়ার্কের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অনার্স-সহ গ্র্যাজুয়েট বা জেনারেল বা পাস গ্র্যাজুয়েট অথবা জেনারেল বা প্রফেশনাল কোর্সে স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে : www.rbudde.in আবেদনের শেষ তারিখ ২০ অক্টোবর। ফি দিতে হবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে।

প্রয়োজনীয় আসল নথি এবং নথিপত্রের নকল, ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্ট-সহ পূরণ করা আবেদনপত্র ২০ অক্টোবরের মধ্যে জমা দিতে হবে প্রতিষ্ঠান কর্তৃক অনুমোদিত যে-কোনও স্টাডি সেন্টারে। স্টাডি সেন্টারের তালিকা পাবেন এই ওয়েবসাইটে: www.rbudde.in

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: (০৩৩) ২৩৫৮ ৪০১৪/১৬/১৮।

## স্কলারশিপের খোঁজখবর

### সায়েন্স অলিম্পিয়াড ফাউন্ডেশন গার্ল চাইল্ড স্কলারশিপ স্কিম

স্কুলে পাঠরত ও আর্থিক দিক দিয়ে পিছিয়ে পড়া ৩০০ জন ছাত্রীকে স্কলারশিপ দিচ্ছে সায়েন্স অলিম্পিয়াড ফাউন্ডেশন। স্কলারশিপ বাবদ প্রথম শ্রেণি থেকে দশম শ্রেণিতে পাঠরত ছাত্রীদের বার্ষিক ৫,০০০ টাকা দেওয়া হবে।

আবেদনের যোগ্যতা: শেষ দেওয়া পরীক্ষায় অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। মাসিক পারিবারিক আয় ১৫,০০০ টাকার বেশি হওয়া চলবে না।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের শেষ তারিখ ৩১ অক্টোবর। আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: http://www.b4s.in/karma/SGC1

## জেলায় জেলায় চাকরি

### নদিয়ায় ডেটা এন্ট্রি অপারেটর

বেশ কিছু অ্যাসিস্ট্যান্ট-কাম-ডেটা এন্ট্রি অপারেটর নেবে নদিয়া জেলার চাইল্ড প্রোটেকশন ইউনিট। প্রাথমিকভাবে ১ বছরের চুক্তিতে নিয়োগ হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 01/DCPU-N.

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা, কম্পিউটার টেস্ট এবং ইন্টারভিউয়ের মাধ্যমে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.nadia.nic.in প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ৩১ অক্টোবরের মধ্যে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়।

বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### আলিপুরদুয়ারে ডেটা এন্ট্রি অপারেটর

ডেটা এন্ট্রি অপারেটর পদে ৬ জনকে নিয়োগ করবে আলিপুরদুয়ার জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: DH&FWS/APD No. 18-19/1016.

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত বা প্রত্যয়িত নকল ও ডিমান্ড ড্রাফট-সহ পূরণ করা দরখাস্ত ১৬ নভেম্বরের মধ্যে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়।

বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইটগুলি: www.alipurduar.gov.in, www.wbhealth.gov.in

### ব্যাঙ্ক নোট প্রেসে জুনিয়র টেকনিশিয়ান, জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট, সুপারভাইজর ও অন্যান্য

জুনিয়র টেকনিশিয়ান, জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট, সুপারভাইজর-সহ বিভিন্ন পদে ৭৭ জনকে নিয়োগ করবে মধ্যপ্রদেশের ব্যাঙ্ক নোট প্রেস। এটি সিকিউরিটি প্রিন্টিং অ্যান্ড মিন্টিং কর্পোরেশন অব ইন্ডিয়ার অধীনস্থ একটি ইউনিট। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: BNP/HR/13/2017.

শূন্যপদের বিন্যাস: জুনিয়র টেকনিশিয়ান (ইঙ্ক ফ্যাক্টরি): ৩০টি। জুনিয়র টেকনিশিয়ান (প্রিন্টিং অ্যান্ড প্লেট মেকিং): ৯টি। জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট: ১৮টি। সুপারভাইজর (প্রিন্টিং অ্যান্ড প্লেট মেকিং): ১৫টি। সুপারভাইজর (ইঙ্ক ফ্যাক্টরি): ৫টি।

বয়স: ৯-১১-২০১৮ তারিখে জুনিয়র টেকনিশিয়ান পদের ক্ষেত্রে ২৫ বছর, জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ২৮ বছর এবং সুপারভাইজর পদের ক্ষেত্রে ৩০ বছরের মধ্যে হতে হবে।

বেতনক্রম: জুনিয়র টেকনিশিয়ান পদের ক্ষেত্রে ৭,৭৫০-১৯,০৪০ টাকা, জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ৮,৩৫০-২০,৪৭০ টাকা, সুপারভাইজর পদের ক্ষেত্রে ২৬,০০০-১,১০,০০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://bnpdewas.spmcil.com দরখাস্তের শেষ তারিখ ৯ নভেম্বর।

এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। প্রার্থীদের সুবিধার্থে আগাম এই খবর জানানো হল। আগ্রহীরা দেখতে পারেন উপরোক্ত ওয়েবসাইট।

## কোস্টগার্ডে নাবিক *প্রথম পাতার পর*

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক পাশ। তফসিলি, জাতীয় স্তরের প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় বা তৃতীয় স্থানাধিকারী খেলোয়াড় এবং কোস্টগার্ডে কর্মরত অবস্থায় মৃত ব্যক্তির সন্তানরা নম্বরের ক্ষেত্রে ৫ শতাংশ ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** উচ্চতা অন্তত ১৫৭ সেমি। উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। পার্বত্য এবং উপজাতি অধ্যুষিত অঞ্চলের প্রার্থীরা উচ্চতায় কেন্দ্রীয় সরকারের নিয়মানুসারে ছাড় পাবেন। বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকা চাই। দৃষ্টিশক্তি ভালো ও খারাপ উভয় চোখে ৬/৩৬ হতে হবে। স্বাভাবিক শ্রবণক্ষমতা থাকতে হবে। বাঁকা হাঁটু, চ্যাটালো পায়ের পাতা, শিরাস্ফীতি, তির্যক চাহনি, কানে সংক্রমণ, হার্টের সমস্যা থাকলে চলবে না।

**বয়স:** ১-৪-২০১৯ তারিখে ১৮ থেকে ২২ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ১-৪-১৯৯৭ থেকে ৩১-৩-২০০১-এর মধ্যে। বয়সে তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ বছরের ছাড় পাবেন।

প্রাথমিকভাবে মেধার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচন করা হবে লিখিত পরীক্ষা, দৈহিক সক্ষমতার পরীক্ষা ও প্রিলিমিনারি মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে এই সব বিষয়ে: কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, ম্যাথমেটিক্স, জেনারেল সায়েন্সেস, জেনারেল ইংলিশ, জেনারেল অ্যাওয়্যারনেস (কারেন্ট অ্যাফেয়ার্স ও জেনারেল নলেজ) এবং রিজনিং (ভার্বাল ও নন-ভার্বাল)। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৭ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ২০টি স্কোয়াট আপ (ওঠবস) এবং ১০টি পুশ আপ। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন। প্রার্থী বাছাই প্রক্রিয়া চলবে ২-৩ দিন ধরে।

নির্বাচিত প্রার্থীদের ট্রেনিং শুরু হবে এপ্রিল থেকে। আই এন এস চিলিকায় বেসিক ট্রেনিং হবে। তারপর সি ট্রেনিং ও প্রফেশনাল ট্রেনিং হবে। প্রশিক্ষণে সফল হলে নিয়োগ হবে নাবিক ডোমেস্টিক ব্রাঞ্চ পদে। মূল বেতন ২১,৭০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা। ধাপে ধাপে প্রধান অধিকারী র‍্যাঙ্ক পর্যন্ত পদোন্নতির সুযোগ আছে। তখন বেতন ৪৭,৬০০ টাকা।

দরখাস্ত করবেন অনলাইনে উপকূলরক্ষী বাহিনীর এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiancoastguard.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১৫ অক্টোবর থেকে ২৯ অক্টোবর পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা ফটো (১০ থেকে ৪০ কেবি সাইজের মধ্যে) এবং সই (১০ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

যথাযথভাবে দরখাস্ত পূরণ করে 'Submit' করুন। সাবমিটের পরে রেজিস্ট্রেশন নম্বর পাওয়া যাবে। নম্বরটি টুকে রাখুন। অ্যাডমিট কার্ড ডাউনলোডের সময় প্রয়োজন হবে। পূরণ করা দরখাস্তের দু'কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। এর মধ্যে একটি কপি পরীক্ষাকেন্দ্রে নিয়ে যেতে হবে।

#### পরীক্ষাকেন্দ্রে সঙ্গে নিয়ে যাবেন

✓দরখাস্তের প্রিন্ট আউট। ✓অ্যাডমিট কার্ডের তিন কপি প্রিন্ট আউট। অ্যাডমিট কার্ডের নির্দিষ্ট স্থানে নীল রঙের ব্যাকগ্রাউন্ডে তোলা তিন কপি রঙিন পাসপোর্ট মাপের ফটো সেঁটে দেবেন। এক মাসের বেশি পুরনো ফটো চলবে না। ✓১০টি রঙিন পাসপোর্ট মাপের ফটো। অবশ্যই নীল রঙের ব্যাকগ্রাউন্ডে ছবি তোলাতে হবে। এক মাসের বেশি পুরনো ফটো চলবে না। ✓জন্মতারিখের প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓মাধ্যমিকের মার্কশিট ও সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓পাসপোর্ট, ভোটার পরিচয়পত্র, ড্রাইভিং লাইসেন্স, আধার কার্ড, প্যান কার্ড, স্কুলের পরিচয়পত্র বা সমতুল কোনও সচিত্র পরিচয়পত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট বা ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓খেলোয়াড়দের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓ডোমিসাইল সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।

উপরোক্ত যাবতীয় নথিপত্রের মূল কপিও সঙ্গে রাখবেন। অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে উপরোক্ত ওয়েবসাইটের মাধ্যমে ৮ থেকে ১৫ নভেম্বরের মধ্যে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট অথবা যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ০১২০-২৪১৪৩৯৫।

## বেনারসের ডিজেল লোকোমোটিভ ওয়ার্কসে ৩৭৪ *প্রথম পাতার পর*

Financial Adviser (PFA)/DLW, Varanasi'-এর অনুকূলে 'Varanasi'-তে প্রদেয় হতে হবে। মহিলা, তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ব্যাঙ্ক ড্রাফটটি ১৯ নভেম্বরের মধ্যে রেজিস্টার্ড ডাকে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়।

আবেদনের পদ্ধতি, ব্যাঙ্ক ড্রাফট পাঠানোর পদ্ধতি ও ঠিকানা এবং অন্যান্য খুঁটিনাটি তথ্য জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## এইমসে ২০০০ স্টাফ নার্স

*প্রথম পাতার পর*

exams.org প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৯ অক্টোবর। অনলাইন পদ্ধতিতে ফি বাবদ দিতে হবে ১,৫০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ১,২০০ টাকা)। দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি দিতে লাগবে না। ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের সাহায্যে ফি জমা দিতে হবে। অনলাইন দরখাস্ত যথাযথভাবে সাবমিট করার পর রেজিস্ট্রেশন স্লিপের এক কপি প্রিন্ট আউট এবং ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# জীবিকাজিজ্ঞাসা

এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

## ইউ পি এস সি

□ *সিভিল সার্ভিসের মেন লিখিত পরীক্ষায় অপশনাল বিষয় হিসেবে কী কী নেওয়া যাবে? —প্রিয়তোষ কাননুগো, হুগলি।*

□□ সিভিল সার্ভিসের মেন লিখিত পরীক্ষায় অপশনাল বিষয় হিসেবে নেওয়া যাবে: (১) এগ্রিকালচার (২) অ্যানিম্যাল হাজবেন্ড্রি অ্যান্ড ভেটেরিনারি সায়েন্স (৩) অ্যানথ্রোপলজি (৪) বটানি (৫) কেমিস্ট্রি (৬) সিভিল ইঞ্জিনিয়ারিং (৭) কমার্স অ্যান্ড অ্যাকাউন্ট্যান্সি (৮) ইকনমিক্স (৯) ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং (১০) জিওগ্রাফি (১১) জিওলজি (১২) হিস্ট্রি (১৩) ল (১৪) ম্যানেজমেন্ট (১৫) ম্যাথমেটিক্স (১৬) মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (১৭) মেডিক্যাল সায়েন্স (১৮) ফিলোজফি (১৯) ফিজিক্স (২০) পলিটিক্যাল সায়েন্স অ্যান্ড ইন্টারন্যাশনাল রিলেশনস (২১) সাইকোলজি (২২) পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন (২৩) সোশিওলজি (২৪) স্ট্যাটিস্টিক্স (২৫) জুলজি এবং (২৬) নিম্নলিখিত যে-কোনও একটি ভাষা (এই ভাষার সাহিত্যে গ্র্যাজুয়েশন করা থাকলে) – অসমিয়া, বাংলা, গুজরাতি, হিন্দি, কন্নড়, কাশ্মীরি, কোঙ্কণি, মালয়ালম, মারাঠি, মণিপুরি, ওড়িয়া, পাঞ্জাবি, সংস্কৃত, সিন্ধি, তামিল, তেলুগু, উর্দু, ইংরেজি, নেপালি, বোড়ো, ডোগরি, মৈথিলি ও সাঁওতালি। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.upsc.gov.in

□ *ইউ পি এস সি আয়োজিত 'ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস এক্সামিনেশন, ২০১৯' পরীক্ষার প্রস্তুতি নিতে চাই। প্রার্থী বাছাই প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত জানাবেন। —মালিনী মণ্ডল, হাওড়া।*

□□ ইউ পি এস সি আয়োজিত 'ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস এক্সামিনেশন, ২০১৯' পরীক্ষা দু'টি পর্যায়ে হয়ে থাকে— প্রিলিমিনারি ও মেন। প্রিলিমিনারি পরীক্ষা ৬ জানুয়ারি। প্রথম পর্যায় তথা স্টেজ ওয়ানের পেপার-ওয়ানে থাকবে জেনারেল স্টাডিজ ও ইঞ্জিনিয়ারিং অ্যাপ্টিটিউট এবং পেপার-টুয়ে ইঞ্জিনিয়ারিংয়ের সংশ্লিষ্ট ডিসিপ্লিন-সংক্রান্ত প্রশ্ন। অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং হবে। পেপার-ওয়ানের মোট নম্বর ২০০ (সময় ২ ঘণ্টা)। পেপার-টুয়ের মোট নম্বর ৩০০ (সময় ৩ ঘণ্টা)। স্টেজ টুয়ে (মেইন পরীক্ষা) সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখার বিষয়ে কনভেনশনাল প্রশ্ন হবে দু'টি পত্রে। প্রতি পত্রের নম্বর ৩০০, সময় ৩ ঘণ্টা করে। তৃতীয় পর্যায়ে থাকবে ২০০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট। বিস্তারিত সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে: www.upsc.gov.in

## নার্সিং

□ *চণ্ডীগড়ের মেডিক্যাল এডুকেশন অ্যান্ড রিসার্চ দপ্তরে স্টাফ নার্স পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —শতরূপা বটব্যাল, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ চণ্ডীগড়ের মেডিক্যাল এডুকেশন অ্যান্ড রিসার্চ দপ্তরে স্টাফ নার্স পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা অথবা বি এসসি (নার্সিং)। পাশাপাশি, ন্যাশনাল ইনস্টিটিউট অব ইলেক্ট্রনিক্স ইনফর্মেশন টেকনোলজি থেকে নিম্নলিখিত যে-কোনও একটি কোর্স করে থাকতে হবে— অ্যাওয়ারনেস ইন কম্পিউটার্স কনসেপ্টস (২০ ঘণ্টা), বেসিক কম্পিউটার্স কনসেপ্টস (৩৬ ঘণ্টা), কোর্স অন কম্পিউটার কনসেপ্টস (৮০ ঘণ্টা), সি সি সি প্লাস (১২৬ ঘণ্টা), এক্সপার্ট কম্পিউটার কোর্স (২০০ ঘণ্টা)। সেই সঙ্গে স্টেট নার্সিং কাউন্সিলে নার্স অ্যান্ড মিডওয়াইফ হিসেবে নাম নথিভুক্ত থাকতে হবে। ওয়েবসাইট: www.gmch.gov.in

## কোর্স, ট্রেনিং

□ *বেনারস হিন্দু ইউনিভার্সিটি থেকে এম বি এ কোর্স করতে চাই। বিস্তারিত জানাবেন। —শৈবাল ধর, সুজালি, উত্তর দিনাজপুর।*

□□ ২ বছরের এম বি এ কোর্সে ভর্তি নিচ্ছে বেনারস হিন্দু বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ। প্রার্থীকে অবশ্যই ২০১৮ সালের ক্যাট (কমন অ্যাডমিশন টেস্ট) পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। স্পেশ্যালাইজেশন করা যাবে এই সব বিষয়ে: মার্কেটিং, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট, ফিনান্স, অপারেশনস ম্যানেজমেন্ট, ইনফর্মেশন টেকনোলজি। আসনসংখ্যা ৪৬। শিক্ষাগত যোগ্যতা: ৫০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক। এগ্রিকালচার, টেকনোলজি, মেডিসিন, এডুকেশন বা আইনের স্নাতক ডিগ্রি থাকলেও আবেদন গ্রাহ্য হবে। যে-কোনও শাখায় স্নাতকোত্তর ডিগ্রিধারীরাও আবেদন করতে পারেন। প্রার্থীকে অবশ্যই ২০১৮ সালের ক্যাট পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য। কোর্স ফি: প্রথম বর্ষে ৪৯,৮০৭ টাকা এবং দ্বিতীয় বর্ষে ৪৯,১০৭ টাকা। প্রাথমিকভাবে ক্যাট পরীক্ষা ও শিক্ষাগত যোগ্যতার প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে। নির্বাচিত প্রার্থীদের নির্বাচিত গ্রুপ ডিসকাশন এবং পার্সোন্যাল ইন্টারভিউ নেওয়া হবে। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bhuonline.in অনলাইন আবেদন করা যাবে ২৮ জানুয়ারি পর্যন্ত। অনলাইন পদ্ধতিতে ফি বাবদ দিতে হবে ১,৫০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ৮০০ টাকা)।

## অন্যান্য চাকরি

□ *দিল্লি হাইকোর্টে পার্সোনাল অ্যাসিস্ট্যান্ট পদে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন। প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —সুবীর মালাকার, আড়া, পুরুলিয়া।*

□□ দিল্লি হাইকোর্টে পার্সোনাল অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে মিনিটে অন্তত ১০০টি শব্দের গতিতে ইংলিশ শর্টহ্যান্ড এবং মিনিটে অন্তত ৪০টি শব্দের গতিতে কম্পিউটারে ইংলিশ টাইপিংয়ের দক্ষতা থাকতে হবে। পাশাপাশি, কম্পিউটার ব্যবহারের জ্ঞান থাকা বাধ্যতামূলক। প্রার্থী বাছাই করা হবে পাঁচটি পর্যায়ে। প্রথম পর্যায়ে থাকবে প্রথম পর্বের লিখিত পরীক্ষা। ইংলিশ (৬০ নম্বর), জেনারেল নলেজ (৩০ নম্বর), জেনারেল ইন্টেলিজেন্স (৩০ নম্বর) বিষয়ে অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং আছে। দ্বিতীয় পর্যায়ে থাকবে ইংলিশ টাইপরাইটিং টেস্ট। ১০ মিনিট ধরে টাইপ করতে হবে। তৃতীয় পর্যায়ে থাকবে ইংলিশ শর্টহ্যান্ড টেস্ট। ৫ মিনিট ধরে ডিক্টেশন দেওয়া হবে। শর্টহ্যান্ডে নেওয়া ডিক্টেশন এর পর ৪০ মিনিটের মধ্যে কম্পিউটারে টাইপ করতে হবে। চতুর্থ পর্যায়ে থাকবে দ্বিতীয় পর্যায়ের লিখিত পরীক্ষা। ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় থাকবে এসে রাইটিং, ট্রান্সলেশন, কম্প্রিহেনসন, লেটার রাইটিং। সময় ২ ঘণ্টা। পঞ্চম পর্যায়ে থাকবে ৩০ নম্বরের ইন্টারভিউ। বিশদে জানতে দেখুন এই ওয়েবসাইট: www.delhihighcourt.nic.in

□ *পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগমে জুনিয়র পার্সোনাল অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —মানস দাস, ঝাড়গ্রাম।*

□□ পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগমে জুনিয়র পার্সোনাল অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক। পাশাপাশি, ইংরেজিতে মিনিটে ১০০টি শব্দের গতিতে শর্টহ্যান্ড এবং ইংরেজিতে ঘণ্টায় ৮,০০০ কি ডিপ্রেশনের গতিতে কম্পিউটার-টাইপিংয়ে দক্ষ হতে হবে। বাংলায় টাইপ জানলে অগ্রাধিকার। ইংরেজি ভাষায় সাবলীল হতে হবে। এম এস ওয়ার্ড বিষয়ে জ্ঞান থাকা চাই। ওয়েবসাইট: www.wbpdcl.co.in

□ *কেন্দ্রীয় সংস্থা এম এস টি সি লিমিটেডে স্টেনোগ্রাফার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —চন্দন বাউড়ি, বনগাঁ, উত্তর ২৪ পরগনা।*

□□ কেন্দ্রীয় সংস্থা এম এস টি সি লিমিটেডে স্টেনোগ্রাফার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: অন্যতম বিষয় হিসেবে ইংরেজি বা হিন্দি নিয়ে গ্র্যাজুয়েট। ডিপ্লোমা বা সার্টিফিকেট সেক্রেটারিয়াল কোর্স করে থাকতে হবে। মিনিটে ৮০টি শব্দ শর্টহ্যান্ডে লেখার ও ৪০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। স্টেনোগ্রাফারের কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। খুঁটিনাটি তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.mstcindia. co.in

□ *ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ ফোর্সে হেড কনস্টেবল (এডুকেশন অ্যান্ড স্ট্রেস কাউন্সেলর) পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —গৌতম ভড়, গোকুলপুর, পূর্ব মেদিনীপুর।*

□□ ইন্দো-টিবেটান বর্ডার পুলিশ ফোর্সে হেড কনস্টেবল (এডুকেশন অ্যান্ড স্ট্রেস কাউন্সেলর) পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই হবে দৈহিক সক্ষমতার পরীক্ষা, লিখিত পরীক্ষা ও মেডিক্যাল টেস্টের মাধ্যমে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে সাড়ে ৭ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, তিনটি সুযোগে ১১ ফুট লং জাম্প, তিনটি সুযোগে সাড়ে ৩ ফুট হাই জাম্প। লিখিত পরীক্ষায় ১০০ নম্বরের অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে এইসব বিষয়ে: জেনারেল ইংলিশ, জেনারেল হিন্দি, জেনারেল অ্যাওয়্যারনেস, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড ও রিজনিং। প্রতিটি বিষয়ে ২০টি করে প্রশ্ন। প্রতি প্রশ্নের নম্বর ১। ২ ঘণ্টার পরীক্ষা। ওয়েবসাইট: www.recruitment.itbpolice.nic.in

□ *কেন্দ্রীয় সংস্থা এম এস টি সি লিমিটেডে জুনিয়র কম্পিউটার অ্যাসিস্ট্যান্ট পদে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা প্রয়োজন? —পল্লবী সামন্ত, চাঁদেরঘাট, নদিয়া।*

□□ কেন্দ্রীয় সংস্থা এম এস টি সি লিমিটেডে জুনিয়র কম্পিউটার অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। কম্পিউটার অ্যাপ্লিকেশনের অন্তত ৬ মাসের কোর্স করে থাকতে হবে। সংশ্লিষ্ট সফটওয়্যার সম্পর্কে জ্ঞান থাকতে হবে। নামী সংস্থায় কম্পিউটার-সংক্রান্ত কাজের জ্ঞান থাকলে অগ্রাধিকার। খুঁটিনিটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.mstcindia. co.in

□ *আর্মি পাবলিক স্কুলে কম্পিউটার সায়েন্স ইনফর্মেটিক্স বিষয়ে পোস্ট-গ্র্যাজুয়েট ট্রেন্ড টিচার পদে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —সর্বাণী চ্যাটার্জি, হাতগাছা, হাওড়া।*

□□ আর্মি পাবলিক স্কুলে কম্পিউটার সায়েন্স ইনফর্মেটিক্স বিষয়ে পোস্ট-গ্র্যাজুয়েট ট্রেন্ড টিচার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজি বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশনসে বি ই বা বি টেক অথবা এম সি এ অথবা আই টি বা কম্পিউটার সায়েন্সে এম. এসসি। অথবা ম্যাথমেটিক্স বা ফিজিক্স বা স্ট্যাটিস্টিক্সে এম এসসি (স্নাতকস্তরে কম্পিউটার সায়েন্স পড়ে থাকতে হবে) অথবা বি সি এ অথবা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা আই টিতে ৩ বছর মেয়াদের ডিপ্লোমা অথবা এ আই সি টি ই স্বীকৃত প্রতিষ্ঠান থেকে কম্পিউটার অ্যাপ্লিকেশনে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা অথবা ডোয়েক বি লেভেল কোর্স পাশ করে থাকতে হবে। ২৪ অক্টোবরের মধ্যে অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.awesindia.com

## বিবিধ

□ *রেলওয়ে প্রোটেকশন স্পেশ্যাল ফোর্সে অবসরপ্রাপ্ত কর্মীর সন্তানের উচ্চশিক্ষার জন্য প্রধানমন্ত্রী স্কলারশিপ স্কিমের জন্য কী করতে হবে? —তমাল চক্রবর্তী, কাপাসডাঙা, মুর্শিদাবাদ।*

□□ রেলওয়ে স্পেশ্যাল প্রোটেকশন ফোর্স (আর এস পি এফ)-এ অবসরপ্রাপ্ত কর্মীর সন্তানের উচ্চশিক্ষার জন্য স্কলারশিপ দিচ্ছে রেলওয়ে মন্ত্রকের অধীনস্থ সিকিউরিটি ডিরেক্টোরেট। এ আই সি টি ই বা ইউ জি সি বা এন সি টি ই বা এম সি আই কর্তৃক স্বীকৃত কোনও পেশাদার বা কারিগরি বিষয়ের ডিগ্রি কোর্স পড়তে ইচ্ছুক ১৫০ জনকে স্কলারশিপ দেওয়া হবে। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক বা ডিপ্লোমা বা স্নাতক কোর্স পাশ। স্কলারশিপের পরিমাণ: মাসিক ২,০০০ টাকা। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in/karma/PMS50 আবেদনের শেষ তারিখ ১৫ অক্টোবর।

নাম : ........................................

ঠিকানা : ........................................

........................................

........................................

আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

## চাই সুবিচার

আপনি কি চাকরির পরীক্ষা দিচ্ছেন? কোনও পেশাদারি কোর্স করছেন? নিজের উদ্যোগে ছোটখাটো কোনও ব্যবসা করছেন? কোনও অবিচারের সম্মুখীন হলে বা দুর্ভোগের শিকার হলে এই বিভাগে চিঠি লিখুন। উপযুক্ত তথ্য-প্রমাণ সহ সংক্ষেপে লিখবেন। আপনার চিঠি প্রকাশ করা হবে 'চাই সুবিচার' বিভাগে। চিঠিতে নিজের পুরো নাম-ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়:
চাই সুবিচার, 'কর্মক্ষেত্র', ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০০১৯
ই-মেল পাঠাতে পারেন এই ঠিকানায়: karmakshetra@swarnakshar.in
পাঠাতে পারেন ফেসবুকেও। এই ঠিকানায়: www.facebook.com/karmakshetra

## রাজ্যে শিক্ষকদের নিয়োগ নিয়ে টানাপড়েন আর কতদিন চলবে?

পরীক্ষা দিয়ে রীতিমতো পাশ করেও আজ পর্যন্ত উচ্চমাধ্যমিকে শিক্ষকতার জন্য স্কুল পাননি ৫৭০ জন সফল প্রার্থী। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে ফের আইনি জটিলতার সৃষ্টি করল স্কুলশিক্ষা দপ্তর। একাদশ-দ্বাদশ শ্রেণিতে শিক্ষক নিয়োগের সময় স্কুল সার্ভিস কমিশন (এসএসসি) জানিয়েছিল, শূন্যপদের সংখ্যা ৫,২০০। পরীক্ষা ও ইন্টারভিউয়ের পর ৪,১৯৬ জনের মেধাতালিকা প্রকাশিত হয়েছিল। বাকি পদে সরাসরি সফল প্রার্থী পাওয়া না যাওয়ায়, প্রথম দফার কাউন্সেলিংয়ে অনুপস্থিত এবং ওয়েটিং লিস্টে থাকা প্রার্থীদের মধ্য থেকেই শিক্ষক বেছে নেওয়া হয়েছিল। কিন্তু প্রথম দফায় নির্বাচিত সেই ৪,১৯৬ জনের মধ্যে ৫৭০ জন এখনও বাছাই করা স্কুলে যোগই দিতে পারেননি। ফলে প্রথম দফার ৫৭০ জনকে বঞ্চিত রেখেই দ্বিতীয় ও তৃতীয় ধাপে নির্বাচিতদের নিয়োগ করা হলে নতুন করে আইনি সমস্যা তৈরির আশঙ্কা দেখা দিয়েছে। যদিও বিকাশ ভবনের তরফে জানানো হয়েছে, একবার শিক্ষকের নিয়োগপত্র ও সুপারিশপত্র যে সব প্রার্থী পেয়ে গিয়েছেন, তাঁদের চাকরি দিতেই হবে। তবুও প্রশ্ন থাকছেই— যেমন, নিয়োগপত্র ও সুপারিশপত্র পাওয়া ওই সব স্কুলে শূন্যপদ না থাকলে কী হবে? প্রায়র পারমিশন না থাকলে কোনও প্রধান শিক্ষক কীভাবে প্রার্থীকে চাকরিতে যোগ দিতে দেবেন! বিজ্ঞান ও বাণিজ্য শাখা না থাকলে সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষকদের কোথায় যোগ দিতে দেবেন! বিদ্যালয়ে উচ্চমাধ্যমিক বিভাগ না থাকলে তাঁরা কোথায় যোগ দেবেন? এই সকল প্রশ্নের কোনও উত্তরই নেই স্কুলশিক্ষা দপ্তরের আধিকারিক বা স্কুল সার্ভিস কমিশনের চেয়ারম্যানের কাছে। বস্তুত, স্কুল পরিচালন সমিতি, বিদ্যালয় পরিদর্শক (ডি আই-মাধ্যমিক), স্কুলশিক্ষা কমিশনারেট এবং এস এস সি'র মধ্যে সমন্বয়ের অভাব থেকেই এই তীব্র দোলাচলের সূত্রপাত।

**প্রথম দফায় নির্বাচিত ৪,১৯৬ জনের মধ্যে ৫৭০ জন এখনও বাছাই করা স্কুলে যোগই দিতে পারেননি। ফলে প্রথম দফার ৫৭০ জনকে বঞ্চিত রেখেই দ্বিতীয় ও তৃতীয় ধাপে নির্বাচিতদের নিয়োগ করা হলে নতুন করে আইনি সমস্যা তৈরির আশঙ্কা দেখা দিয়েছে।**

কমিশনের মাধ্যমে শেষ শিক্ষক নিয়োগ হয়েছিল, ২০১২ সালে। তখন আর এল এস টি ছিল। পরে আর এল সি টি বদলে এস এল এস টি হল। সেই অনুযায়ী, সবকিছুই হবে রাজ্যভিত্তিক। অথচ কম্বাইন্ড মেরিট প্যানেলের (সি এম পি) মাধ্যমে সফল প্রার্থীদের তালিকা এখন প্রকাশিত। অর্থাৎ, একটি শূন্যপদের নিরিখে একই ব্যক্তির একাধিকবার নাম থাকছে প্যানেলে। এস এস সি'র সার্বিক নিয়োগ পদ্ধতিকে একাদশ-দ্বাদশ, নবম-দশম এবং পঞ্চম থেকে অষ্টম শ্রেণি— তিনটি পর্যায়ে বিভক্ত করা হয়েছে। কিন্তু এত করেও জট বেড়েছে বই কমেনি। তবে জটিলতার এখানেই শেষ নয়, কমিশনের তরফে প্রকাশিত শূন্যপদের তালিকাতেও ভুল রয়েছে। ডি আই এবং স্কুলশিক্ষা অধিকরণের মাধ্যমে যে স্কুলে যে বিষয়টাই নেই, সংশ্লিষ্ট স্কুলে ওই বিষয়েই শূন্যপদ রয়েছে তালিকায়। আবার এমনও উদাহরণ আছে যে, একই স্কুলে একই বিষয়ে গুচ্ছ শূন্যপদ, অথচ জেলার আর কোনও স্কুলে ওই বিষয়ের শূন্যপদই নেই। সুতরাং দেখা যাচ্ছে, শিক্ষক নিয়োগের ক্ষেত্রে অস্বচ্ছতা ছড়িয়ে রয়েছে সর্বত্র। সব কাজই হয়েছে দায়সারাভাবে। এখন দেখার স্কুলশিক্ষা দপ্তর এই সমস্যা সমাধানের কোন রাস্তা বেছে নেয়।

**শিবনাথ মণ্ডল**, ডোমজুড়, হাওড়া।

www.banglajobguide.tk  Join http://t.me/BanglaJobGuide  http://t.me/BangoSongbad



# প্রাথমিক টেটে পর্ষদের উত্তরপত্রেই ভুল আদালতের নির্দেশে পুরো নম্বর প্রার্থীদের

২০১৪ সালের প্রাথমিক টেট-এর যে ১১টি প্রশ্নের পর্ষদ নির্দিষ্ট উত্তর নিয়ে পরীক্ষার্থীরা মামলা করেছিলেন, তার মধ্যে ৭টি উত্তর ভুল ছিল বলে জানিয়ে দিয়েছে কলকাতা হাইকোর্ট। যেসব প্রার্থী প্রশ্নগুলির সঠিক উত্তর দিয়েছেন তাঁরা নির্ধারিত নম্বর পাবেন। সেই নম্বর পেয়ে যাঁরা সামগ্রিক যোগ্যতামানে পৌঁছতে পারবেন, তাঁদের শিক্ষক পদে নিয়োগ করতে হবে বলে বিচারপতি সমাপ্তি চট্টোপাধ্যায় ৩ অক্টোবর নির্দেশ দিয়েছেন।

কিছু প্রশ্নের পর্ষদ নির্ধারিত উত্তর ঠিক নয় বলে অভিযোগ জানিয়ে কয়েকজন পরীক্ষার্থী মামলা করেছিলেন। সংশ্লিষ্ট প্রশ্নগুলির সঠিক উত্তর জানতে বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের নেতৃত্বে একটি কমিটি গড়ে দেন বিচারপতি চট্টোপাধ্যায়।

কমিটির রিপোর্ট দেখে বিচারপতি জানান, ১১টি প্রশ্নের জন্যই পর্ষদ নির্ধারিত উত্তর ছিল। তার মধ্যে একটি প্রশ্নের সব বিকল্প উত্তরই ভুল। ৬টি প্রশ্নের চারটি করে বিকল্প উত্তরের মধ্যে পর্ষদ যে-উত্তরগুলিকে সঠিক বলে চিহ্নিত করেছিল সেগুলি ভুল উত্তর। বাকি তিনটি প্রশ্নের বিকল্প উত্তরের মধ্যে একটি সঠিক। প্রার্থী সেই সঠিক উত্তরটি লিখে থাকলে নির্দিষ্ট নম্বর পাবেন। যে-প্রশ্নটির চারটি বিকল্প উত্তরই ভুল, তার জন্য মামলাকারীদের পুরো নম্বর দিতে হবে বলে বিচারপতি চট্টোপাধ্যায় পর্ষদকে নির্দেশ দিয়েছেন।

তবে, মামলায় জেতা প্রার্থীদের মধ্যে যাঁরা সামগ্রিকভাবে যোগ্যতামান অর্জন করবেন, তাঁদের কীভাবে চাকরি দেওয়া হবে তা নিয়ে ধোঁয়াশা তৈরি হয়েছে। কারণ শূন্যপদগুলিতে নিয়োগ হয়ে গেছে। নতুন করে শূন্যপদ কীভাবে বের করা হবে তা নিয়ে প্রশ্ন থাকছেই।

# ইন্দো-টিবেটান বর্ডার পুলিশে ১০১ খেলোয়াড়

১০১ জন খেলোয়াড় নেবে ইন্দো-টিবেটান সীমান্ত পুলিশ। নিয়োগ করা হবে কনস্টেবল (জেনারেল ডিউটি) পদে।

**নিয়োগ হবে এই সমস্ত ক্রীড়াক্ষেত্র থেকে:** জুডো, তায়কোন্ডো, রেসলিং, ওয়েটলিফটিং, ফুটবল, বক্সিং, আর্চারি, জিমন্যাস্টিক্স, কবাডি, অ্যাথলেটিক্স, রাইফেল শুটিং, অ্যাকোয়াটিক, ক্যারাটে, ভলিবল, ইক্যুয়েস্ট্রিয়ান, ওয়াটার স্পোর্টস, স্কিইং।

**ক্রীড়াক্ষেত্র অনুসারে শূন্যপদের বিন্যাস:** জুডো: ৮। রেসলিং ৪। ওয়েটলিফটিং: ৪। ফুটবল: ৫। বক্সিং: ৮। আর্চারি: ৪। জিমন্যাস্টিক্স: ৪। কবাডি: ৩। অ্যাথলেটিক্স: ১৭। রাইফেল শুটিং: ৭। অ্যাকোয়াটিক: ৫। ক্যারাটে: ৮। ভলিবল: ৬। তায়কোন্ডো: ৭। ইক্যুয়েস্ট্রিয়ান: ৩। ওয়াটার স্পোর্টস: ৫। স্কিইং: ৩।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.recruitment.itbpolice.nic.in অনলাইন দরখাস্ত করা যাবে ১৫ অক্টোবর থেকে ১৪ নভেম্বর পর্যন্ত। ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। মহিলা ও তফসিলি প্রার্থীদের ফি দিতে লাগবে না।

# ইন্ডিয়ান অয়েলে ৪৪১

*প্রথম পাতার পর*

ত্রিপুরা ৭টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২)। সিকিম ৪টি (সাধারণ)। **ট্রেড অ্যাপ্রেন্টিস-অ্যাকাউন্ট্যান্ট:** পশ্চিমবঙ্গ, ওড়িশা, বিহার, ঝাড়খণ্ড ১৭টি (দৈহিক প্রতিবন্ধী)।

**শিক্ষাগত যোগ্যতা:** টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। ট্রেড অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে মাধ্যমিক-সহ ২ বছরের আই টি আই কোর্স পাশ। ট্রেড অ্যাপ্রেন্টিস-অ্যাকাউন্ট্যান্টের ক্ষেত্রে যে-কোনও শাখায় স্নাতক।

**বয়স:** ১৮ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে।

আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iocl.com আবেদনের শেষ তারিখ ১ নভেম্বর।

# ইন্দো-টিবেটান বর্ডার পুলিশে কনস্টেবল

*প্রথম পাতার পর*

**দৃষ্টিশক্তি:** চশমা ছাড়া ন্যূনতম দূরের ক্ষেত্রে এক চোখে ৬/৬, অন্য চোখে ৬/৯। কাছের ক্ষেত্রে ভালো চোখে এন-সিক্স, খারাপ চোখে এন-নাইন। রং চেনার ক্ষমতা সি পি-থ্রি মানের হতে হবে। প্রার্থীকে শারীরিকভাবে সক্ষম হতে হবে। ভাঙা হাঁটু, চ্যাটালো পায়ের পাতা, তির্যক চাউনি, শিরাস্ফীতি থাকলে চলবে না। রং চেনার উচ্চক্ষমতা থাকতে হবে। **বেতনক্রম:** ২১,৭০০-৬৯,১০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে তিনটি পর্যায়ে। প্রথম পর্যায়ে থাকবে দৈহিক সক্ষমতার পরীক্ষা ও দৈহিক মাপজোক যাচাই। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে পুরুষদের ক্ষেত্রে ৭ মিনিট ৩০ সেকেন্ডে ১.৬ কিলোমিটার দৌড়, তিনটি সুযোগে ১১ ফুট লং জাম্প, তিনটি সুযোগে সাড়ে ৩ ফুট হাই জাম্প। মহিলাদের ক্ষেত্রে থাকবে ৪ মিনিট ৪৫ সেকেন্ডে ৮০০ মিটার দৌড়, তিনটি সুযোগে ৯ ফুট লং জাম্প, তিনটি সুযোগে ৩ ফুট হাই জাম্প। প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে কোনও দৈহিক সক্ষমতার পরীক্ষা হবে না। দ্বিতীয় পর্যায়ে থাকবে লিখিত পরীক্ষা। লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে এই সমস্ত বিষয়ে: জেনারেল অ্যাওয়ারনেস/ জেনারেল নলেজ, এলিমেন্টারি ম্যাথমেটিক্স, অ্যানালিটিক্যাল অ্যাপ্টিটিউড অ্যান্ড এবিলিটি টু অবজার্ভ অ্যান্ড ডিস্টিংগুইশ প্যাটার্নস, হিন্দি/ইংলিশ। প্রতিটি বিভাগ ২৫ নম্বরের। মোট ১০০ নম্বরের পরীক্ষা। সময়সীমা ২ ঘণ্টা। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। সাধারণ ও প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে পাশ নম্বর ৩৫, তফসিলি, ও বি সি-দের ক্ষেত্রে ৩৩। তৃতীয় পর্যায়ে থাকবে নথিপত্র যাচাই ও মেডিক্যাল এক্সামিনেশন। অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.recruitment.itbpolice.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১৫ অক্টোবর থেকে ১৩ নভেম্বর পর্যন্ত। অনলাইনে ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। মহিলা, তফসিলি ও প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে লাগবে না। খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# এয়ারফোর্সে খেলোয়াড়

*প্রথম পাতার পর*

হকি, কবাডি, লন টেনিস, স্কোয়াশ, সুইমিং, ভলিবল, ওয়াটার পোলো, ওয়েট লিফটিং, রেসলিং, উশু।

প্রার্থীকে উল্লিখিত ইভেন্টগুলির কোনও একটিতে আন্তর্জাতিক স্তরের জুনিয়র বা সিনিয়র লেভেল প্রতিযোগিতায় দেশের প্রতিনিধিত্ব করে থাকতে হবে। সম্প্রতি সফল প্রার্থীরা অগ্রাধিকার পাবেন। অথবা ব্যক্তিগত ইভেন্টে জুনিয়র ন্যাশনাল চ্যাম্পিয়নশিপে অন্তত পঞ্চম স্থান অধিকার করে থাকতে হবে এবং সিনিয়র ন্যাশনাল চ্যাম্পিয়নশিপে বা আন্তঃবিশ্ববিদ্যালয় চ্যাম্পিয়নশিপে কোনও রাজ্য বা ইউনিটের প্রতিনিধিত্ব করে থাকতে হবে। সম্প্রতি সফল প্রার্থীরা অগ্রাধিকার পাবেন। অথবা দলগত ইভেন্টে জুনিয়র ন্যাশনাল চ্যাম্পিয়নশিপ বা স্কুল গেমস ফেডারেশন অব ইন্ডিয়া পরিচালিত ন্যাশনাল স্কুল টুর্নামেন্টে রাজ্যের প্রতিনিধিত্ব করে থাকতে হবে।

আন্তর্জাতিক বা জাতীয় স্তরের ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছেন এবং উচ্চ স্থান অধিকার করেছেন এমন প্রার্থীরা উচ্চমাধ্যমিক পাশ না করে থাকলেও আবেদন করতে পারবেন। তবে তাঁদের মাধ্যমিক পাশ হতে হবে।

**জন্মতারিখ:** প্রার্থীর জন্মতারিখ হতে হবে ১৩-১-১৯৯৮ থেকে ২-১-২০০২ তারিখের মধ্যে।

**দৈহিক মাপজোক:** উচ্চতা অন্তত ১৫২.৫ সেমি। বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। উচ্চতা ও বয়সের সঙ্গে মানানসই ওজন থাকতে হবে।

**দৃষ্টিশক্তি:** চশমা ছাড়া উভয় চোখে ৬/৬। রং চেনার ক্ষমতা সিপি-টু মানের হতে হবে।

প্রার্থী বাছাই হবে দুই পর্বের দৈহিক সক্ষমতার পরীক্ষা, খেলাধুলার দক্ষতা যাচাই ও মেডিকেল টেস্টের মাধ্যমে।

দৈহিক সক্ষমতা যাচাইয়ের প্রথম পর্বে থাকবে সাড়ে ৬ মিনিটে ১.৬ কিমি দৌড়। দ্বিতীয় পর্বে থাকবে ১ মিনিটে ১০টি পুশ আপ, ১ মিনিটে ১০টি সিট আপ, ১ মিনিটে ২০টি স্কোয়াট। দৌড় শেষের ১০ মিনিট পরে শুরু হবে দ্বিতীয় পর্বের দৈহিক সক্ষমতার পরীক্ষা। দৈহিক সক্ষমতার পরীক্ষার আগে নির্দিষ্ট বয়ানে পূরণ করা 'কনসেন্ট ফর্ম' বা অনুমতিপত্র জমা দিতে হবে। প্রার্থীর বয়স ১৮ বছরের নীচে হলে প্রার্থীর অভিভাবক অনুমতিপত্রে সই করবেন। ১৮ এবং তার চেয়ে বেশি বয়সের প্রার্থীরা নিজেরাই অনুমতিপত্রে সই করবেন।

বেতন: ট্রেনিং চলাকালীন মাসে ১৪,৬০০ টাকা করে স্টাইপেন্ড পাওয়া যাবে। ট্রেনিং শেষে বেতন ২৬,৯০০ টাকা।

দৈহিক সক্ষমতার পরীক্ষার সময় সঙ্গে নেবেন: (১) ৭টি পাসপোর্ট মাপের রঙিন ফটো। ১ সেপ্টেম্বরের আগে তোলা ফটো চলবে না। ফটোর ব্যাকগ্রাউন্ড হালকা রঙের হতে হবে। একটি স্লেটে চক দিয়ে নিজের নাম ও ফটো তোলানোর তারিখ লিখে সেটি বুকের সামনে ধরে ফটো তোলাতে হবে। (২) মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের মূল সার্টিফিকেট এবং প্রতিটির চারটি করে স্বপ্রত্যয়িত নকল। মাধ্যমিকের মার্কশিট ও এটির চারটি প্রত্যয়িত কপি। উচ্চমাধ্যমিকের মার্কশিট ও তার চারটি স্বপ্রত্যয়িত নকল। (৩) খেলাধুলার সার্টিফিকেট এবং তার চারটি প্রত্যয়িত নকল। (৪) খেলাধুলার জন্য প্রয়োজনীয় কিট। (৫) ক্যারেক্টার সার্টিফিকেট।

দরখাস্ত করবেন এ-ফোর মাপের কাগজে নির্দিষ্ট বয়ান টাইপ করে। পূরণ করবেন নিজের হাতে লিখে।

## পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

✓ ৩ কপি পাসপোর্ট মাপের রঙিন ফটো। এর মধ্যে একটি ফটো দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন। অন্য দু'টি কপি দরখাস্তের বাঁদিকের কোনায় স্টেপল করে দেবেন। নিজের নাম ও ফটো তোলানোর তারিখ লেখা স্লেট বুকের সামনে ধরে তোলানো ফটোই দরকার হবে এক্ষেত্রেও। ✓ মাধ্যমিকের সার্টিফিকেটের প্রত্যয়িত নকল। ✓ অন্যান্য শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট ও মার্কশিটের প্রত্যয়িত নকল। ✓ স্পোর্টস সার্টিফিকেটের প্রত্যয়িত নকল। ✓ নিজের নাম-ঠিকানা লেখা ২৪×১০ সেমি মাপের একটি সাদা খাম (দরখাস্তের সঙ্গে গেঁথে দেবেন)।

দরখাস্ত ও নথিপত্র ভরা খামের ওপর লিখবেন: OUTSTANDING SPORTSMEN FOR GROUP 'Y' TRADES SPORTS DISCIPLINE APPLIED FOR _______. শূন্যস্থানে নিজের খেলার ইভেন্ট লিখবেন।

সাধারণ ডাকে ২ নভেম্বরের মধ্যে দরখাস্ত পৌঁছতে হবে এই ঠিকানায়: Secretary, Air Force Sports Control Board, C/o. Air Force Station, New Delhi Race Course, New Delhi-110 003.

***দরখাস্ত ও কনসেন্ট ফর্মের বয়ান:***

**APPLICATION FOR SELECTION AS OUTSTANDING SPORTSMEN IN THE GROUP 'Y' TRADES OF INDIAN AIR FORCE (FOR MALE CANDIDATES ONLY)**

Regd. No___________

PASTE HERE RECENT PASSPORT SIZE COLOUR PHOTOGRAPH

1. Name of the candidate in Capital Letter (as Matriculation Certificate):
2. Father's Name in Capital Letter (as in Matriculation Certificate)
3. Date of Birth (as in Matriculation Certificate):
4. Matriculation Certificate No..................Board/University..................
5. Intermediate Certificate No....................Board/University ...............
6. Are you **son of a** serving or retired or deceased Officer/Airman/NCs(E)/ Air Force Unit Cadre Civilian OR are you a serving NC(E)? If YES, mention following details.

| Service No/PA No | Rank | Name | Unit Serving/ Last served |
|---|---|---|---|
| | | | |

7. **Educational Qualifications:**

| Exam Passed | Subjects Studied | Marks obtained in each Subject | Aggregate % |
|---|---|---|---|
| | | | |
| | | | |

8. Achievements in Sports:
   (a) Sports Discipline (As per para 1 of the Advertisement): _______
   (b) Level of representation: (As per para 2 of the Advertisement): ___
9. Height [ ] cm
10. Identification Mark: ________________________
11. **Addresses for Correspondence:**
    STATE [ ] PIN CODE [ ]
12. **Permanent Home Address:**
    STATE [ ] PIN CODE [ ]
13. NATIONALITY: [ ]
14. Are you Married? (Tick (✓) Yes or No.) YES [ ] NO [ ]
15. E-mail ID: ________________ 16. Contact No.: ____________
17. Have you been discharged from the Indian Air Force/Indian Army/ Indian Navy or dismissed from any government organization? State: Yes or No. If yes give details: ________________
18. **Declaration:** (a) I hereby declare that all statements made in the above application are correct. (b) I understand that I am liable to be disqualified at any stage if the information given above is found to be incorrect/ incomplete/false. (c) **I am fully aware that no money is required to be paid to any agency for recruitment in the IAF. If at any stage it is discovered that I have paid any money to get recruited, I am liable to be disqualified/discharged from service.** (d) I undertake to produce all my original certificates and statement of marks and three photocopies of each, duly attested by a **Gazetted Officer**, at the time of appearing in the Selection Test. (e) I am **Willing** to undergo physical and medical tests, at my own risk and will not be entitled for any compensation for injuries, if any sustained during such trials/tests. (f) **I am aware that the decision by Secretary, Air Force Sports Control Board will be final and binding on me.**

Place: ____________ Signature of Candidate
Date: ____________

(Left hand thumb impression of the Candidate)

**CONSENT FORM**

(Applicable in respect of candidates below 18 years of age)
(To be produced before Physical Fitness test)

I __________ father/guardian of _______ whose date of birth is _____ do hereby give my consent for my son/ward to appear in the physical/medical tests, as prescribed for selection in the Indian Air Force, at his own risk. I am aware that no compensation in any form shall be claimed, in respect of injuries if any, sustained by my son/ward, during such tests.

Date: (Signature of Parent/Guardian)

**CONSENT FORM FOR PHYSICAL FITNESS TEST AND MEDICAL TESTS**
**(Applicable in respect of all candidates)**

1. I ......................son / father / guardian of ...................... whose date of birth is ............. do hereby give my consent for myself / son / ward to appear in the physical fitness / medical tests, as prescribed for selection in the Indian Air Force, at my / his own risk. I am aware that no compensation in any form shall be claimed, in respect of injuries / casualty if any, sustained by myself / my son / my ward, during such tests.
2. I also certify that myself / my son / my ward do not / does not suffer from any kind of height phobia.

Place: Signature ..................................
Name of candidate / parent / guardian ........
Date: Relationship with the candidate ..............

# সেনাবাহিনীতে গ্র্যাজুয়েট তরুণ

কিছু গ্র্যাজুয়েট তরুণ নেবে ভারতীয় সেনাবাহিনী। নিয়োগ হবে হাবিলদার (সার্ভেয়র অটোমেটেড কার্টোগ্রাফার) পদে।

**শিক্ষাগত যোগ্যতা:** বি এসসি অথবা বি এ ডিগ্রি। স্নাতকে একটি বিষয় হিসেবে গণিত পড়ে থাকতে হবে। উচ্চমাধ্যমিকে মূল তিনটি বিষয় হিসেবে অঙ্ক, ফিজিক্স ও কেমিস্ট্রি পড়ে থাকতে হবে। বিই, বি টেক ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য।

**বয়স:** ২০ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে।

**দৈহিক মাপজোক:** পশ্চিমবঙ্গের তরুণদের ক্ষেত্রে উচ্চতা অন্তত ১৬৯ সেমি, বুকের ছাতির মাপ না ফুলিয়ে ও ফুলিয়ে হতে হবে যথাক্রমে ৭৭ ও ৮২ সেমি, ওজন ৫০ কেজি।

প্রার্থী বাছাই হবে দৈহিক সক্ষমতার পরীক্ষা, লিখিত পরীক্ষা ও মেডিকেল টেস্টের মাধ্যমে।

দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকে ৬ মিনিট ২০ সেকেন্ডে ১.৬ কিলোমিটার দৌড়, ৬টি পুশ আপ, জিগজ্যাগ ব্যালেন্স ও ৯ ফুট লং জাম্প (ডিচ)।

দু'টি পত্রের লিখিত পরীক্ষায় মোট ২০০ নম্বরের প্রশ্ন হবে। প্রথম পত্রে অঙ্কের মোট ৫০টি প্রশ্ন হবে। দ্বিতীয় পত্রে ফিজিক্স ও কেমিস্ট্রি মিলিয়ে মোট ৫০টি প্রশ্ন হবে। প্রতি প্রশ্নের নম্বর ২। ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং হবে। প্রতি পত্রের পাশ নম্বর ৪০।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in ৩ নভেম্বর পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে। আগ্রহী প্রার্থীদের প্রস্তুতির সুবিধার জন্য আগাম এই নিয়োগের খবর জানানো হল।

খুঁটিনাটি তথ্য পাবেন উপরোক্ত ওয়েবসাইটে।

## কবে কোন পরীক্ষা

ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন দ্বারা পরিচালিত প্রবেশনারি অফিসার ম্যানেজমেন্ট ট্রেনি পদের নিয়োগের প্রিলিমিনারি পরীক্ষা ১৪ অক্টোবর। পরীক্ষার কল লেটার ডাউনলোড করা যাচ্ছে এই ওয়েবসাইট থেকে: www.ibps.in

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কারেন্ট অ্যাফেয়ার্স

২৫ সেপ্টেম্বর-৩০ সেপ্টেম্বর

**২৫ সেপ্টেম্বর** মার্কিন যুক্তরাষ্ট্র রোহিঙ্গা সঙ্কটে সাড়ে তেরো হাজার কোটি টাকার সাহায্য ঘোষণা করল। মায়ানমারের রাখাইন প্রদেশের জন্য শুধু নয়, এই সাহায্য পাবে বাংলাদেশের শরণার্থী শিবিরে থাকা রোহিঙ্গা শরণার্থীরাও। এর পাশাপাশি রয়েছে জরুরি পরিষেবা প্রদান করার প্রতিশ্রুতিও। শরণার্থীদের জন্য সুরক্ষা, আশ্রয়, খাদ্য, জল, শৌচালয় এবং স্বাস্থ্য পরিষেবারও ব্যবস্থা করা হবে। রাষ্ট্রপুঞ্জের সাধারণ সম্মেলনে মার্কিন দূত নিকি হ্যালি এই খবর জানিয়েছেন। হ্যালি বলেছেন, 'মায়ানমার এবং বাংলাদেশে আশ্রয়হারা রোহিঙ্গাদের সুরক্ষা-সাহায্য দিতে পেরে আমরা গর্বিত। তবু আরও অনেক কিছু করা দরকার। অন্য সব দেশও নিজেদের দায়িত্ব পালন করুক।' মায়ানমার সরকারকে দেওয়া বার্তায় হ্যালি বলেছেন, 'হিংসা থামিয়ে মানবিকতা দেখান, সাংবাদিকদের দেশে ঢুকতে দিন।' একই সঙ্গে বাংলাদেশ যে ভাবে রোহিঙ্গা সঙ্কটে তাদের পাশে দাঁড়িয়েছে তার প্রশংসাও করেছেন হ্যালি।

**২৬ সেপ্টেম্বর** সরকারি চাকরিতে পদোন্নতির জন্য তফসিলি জাতি-জনজাতির সংরক্ষণের জন্য শীর্ষ আদালত কোনও শর্ত রাখল না। সুপ্রিম কোর্ট এ দিন জানিয়েছে, পদোন্নতির প্রয়োজনীয়তাকে তুলে ধরার জন্য সরকারকে কোনও তথ্য হাজির করতে হবে না। ২০০৬ সালে, এম নাগরাজ মামলায় সুপ্রিম কোর্ট নির্দেশ দিয়েছিল, পদোন্নতির বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার আগে সরকারকে কয়েকটি শর্ত পালন করতে হবে। প্রার্থী আদৌ কতটা পিছিয়ে পড়া, চাকরিতে সংরক্ষিত পদের অভাব রয়েছে কি না কিংবা সামগ্রিক প্রাশাসনিক দক্ষতার প্রশ্নকে নিয়ে তথ্য দিতে হবে। তারপরেই পদোন্নতির ক্ষেত্রে সংরক্ষণের সুযোগ পেতে পারেন তফসিলি জাতি ও জনজাতির প্রার্থীরা। এ দিন অবশ্য প্রধান বিচারপতি দীপক মিশ্রর নেতৃত্বাধীন পাঁচ সদস্যের ডিভিশন বেঞ্চ যে রায় দিয়েছে তাতে বলা হয়েছে, এখন থেকে সরকারকে আর কোনও তথ্য দিতে হবে না।

**২৭ সেপ্টেম্বর** ১৮৬১ সালের আইন খারিজ করে এক ঐতিহাসিক রায়ে সুপ্রিম কোর্ট জানাল পরকীয়া সম্পর্ক ফৌজদারি অপরাধ নয়। এতে শাস্তির বিধান অসাংবিধানিক। প্রধান বিচারপতি দীপক মিশ্রর নেতৃত্বাধীন বেঞ্চ বলেছে,'স্বামী কখনওই স্ত্রীর প্রভু বা মালিক হতে পারে না।' আদালত এ দিন পরকীয়া আইনকে 'অসাংবিধানিক' আখ্যা দিয়ে বলেছে,'এটি মহিলাদের স্বাতন্ত্রকে খর্ব করে, তাঁদের পুরুষের সম্পত্তি হিসেবে তুলে ধরে।' আদালতের মতে, আইনটি সেকেলে, স্বেচ্ছাচারিতার নামান্তর। আইনটি মহিলাদের সমানাধিকার এবং সমান সুযোগের বিরোধী।

**অযোধ্যার রামমন্দির-বাবরি মসজিদ** মামলাকে নিছক জমি বিবাদের মামলা হিসেবেই দেখা হবে বলে জানাল সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতির বেঞ্চ। আট বছর আগে এলাহাবাদ হাইকোর্ট যে রায় দিয়েছিল, সব পক্ষই সেই রায়কে চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়। ২৯ অক্টোবর থেকে সেই মামলার শুনানি ফের শুরু হবে বলে জানা গেছে।

**সাত বছর আগে দক্ষিণ ২৪ পরগণার** বিষমদ-কাণ্ডে ১৭২ জনের মৃত্যুর মামলায় চার জনকে দোষী সাব্যস্ত করল আলিপুর আদালত। ঘটনার মূল অপরাধী নুর ইসলাম ফকির ওরফে খোঁড়া বাদশা, নজরুল লস্কর, দুখে লস্কর ও গিয়াসুদ্দিন লস্করকে এ দিন দোষী সাব্যস্ত করেছেন আলিপুর আদালতের অতিরিক্ত দায়রা বিচারক পার্থসারথি চক্রবর্তী। মামলার বিশেষ সরকারি আইনজীবী তমাল মুখোপাধ্যায় জানিয়েছেন, বিষমদে মৃত্যুর ঘটনায় এ রাজ্যে প্রথম কাউকে দোষী সাব্যস্ত করা হল। উল্লেখ্য, বিষাক্ত চোলাই খেয়ে ২০১১ সালের ১১ ডিসেম্বর দক্ষিণ ২৪ পরগণার মগরাহাট, উস্তি ও মন্দিরবাজারে ১৭২ জনের মৃত্যু হয়েছিল।

**উইকিলিকস জুলিয়ান অ্যাসাঞ্জের** জায়গায় সংস্থার নতুন প্রধান সম্পাদক ও মুখপাত্র হিসেবে ক্রিস্টিন হ্যাফেনসনের নাম ঘোষণা করল। সংস্থার প্রতিষ্ঠাতা ও শীর্ষ পদাধিকারী অ্যাসাঞ্জ বেশ কয়েকবছর ধরেই লন্ডনে ইকুয়েডরের দূতাবাসের আশ্রয়ে রয়েছেন। বেশ কিছুকাল যাবৎ বাইরের দুনিয়ার সঙ্গে তাঁর যোগাযোগও একরকম বন্ধ। তবে উইকিলিকস জানিয়েছে প্রকাশক হিসেবে অ্যাসাঞ্জের নাম থাকছে।

**২৮ সেপ্টেম্বর** কেরলের শবরীমালা মন্দিরে ১০ থেকে ৫০ বছর বয়সি মহিলাদের প্রবেশে নিষেধাজ্ঞা খারিজ করে দিল সুপ্রিম কোর্ট। সুপ্রিম কোর্টের পাঁচ বিচারপতির সাংবিধানিক বেঞ্চ এই রায় দিয়েছে। প্রায় আটশো বছরের পুরনো শবরীমালা মন্দিরে এতদিন ১০ থেকে ৫০ বছর বয়সি মহিলাদের প্রবেশ নিষেধ ছিল। এই নিষেধাজ্ঞাকে চ্যালেঞ্জ করে ২০১৬ সালে শীর্ষ আদালতে একটি জনস্বার্থ মামলা দায়ের করেছিল 'ইন্ডিয়া ইয়ং লইয়ার্স অ্যাসোসিয়েশন' নামে একটি সংগঠন। এ দিন সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি দীপক মিশ্রের নেতৃত্বাধীন পাঁচ সদস্যের বেঞ্চ রায় দিয়েছে, 'এই নিয়ম অস্পৃশ্যতার মতো। অনৈতিক, বেআইনি এবং সংবিধানবিরোধী।' সুপ্রিম কোর্ট মনে করে যে কোনও মহিলারই শবরীমালা মন্দিরে প্রবেশ করে পুজো দেওয়ার অধিকার থাকা উচিত।

**২০১১ সালের বিষমদ-কাণ্ডে মূল** অভিযুক্ত নুর ইসলাম ফকির ওরফে খোঁড়া বাদশাকে আদালত আমৃত্যু যাবজ্জীবন কারাদণ্ডের আদেশ দিল। বাকি তিন দোষী সাব্যস্ত আসামী দুখে লস্কর, নজরুল লস্কর ও খইরুল লস্করকে যাবজ্জীবন কারাদণ্ডের আদেশ হয়েছে। আলিপুর আদালতের ষষ্ঠ অতিরিক্ত দায়রা বিচারক পার্থসারথি চক্রবর্তী এ দিন দোষীদের সাজা শুনিয়েছেন। সরকারি আইনজীবীরা জানিয়েছেন, যাবজ্জীবন কারাদণ্ডের ক্ষেত্রে আচার-আচরণ খতিয়ে দেখে কারাবাসের মেয়াদ অনেক সময় কমে। কিন্তু আমৃত্যু যাবজ্জীবন কারাদণ্ডের ক্ষেত্রে সে সুযোগ নেই।

**প্রায় পাঁচ কোটি ফেসবুক অ্যাকাউন্টের** তথ্য ফাঁস হয়ে গিয়েছে বলে জানাল সংশ্লিষ্ট সংস্থা। প্রোফাইলের 'ভিউ অ্যাজ' ফিচারে নিরাপত্তা সংক্রান্ত ফাঁক গলেই হ্যাকারেরা হামলা চালিয়েছে বলে ফেসবুক দাবি করেছে।

**মায়ানমারের নেত্রী আউং সান সু চি-কে** দেওয়া সাম্মানিক নাগরিকত্ব বাতিলের সিদ্ধান্ত সর্বসম্মত ভাবে পাশ হল কানাডার পার্লামেন্টের নিম্নকক্ষে। কানাডার বিরোধী দলের প্রতিনিধি গ্যাব্রিয়েল স্তে মারি রোহিঙ্গাদের গণহত্যা ও মানবাধিকার লঙ্ঘিত হওয়ায় সু চি-র নাগরিকত্ব বাতিলের প্রস্তাব দেন। শাসকপক্ষও তা সমর্থন করে। যদিও কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো মনে করেন, এই সিদ্ধান্তে মায়ানমারের মূল সমস্যায় কোনও প্রভাব পড়বে না।

**৩০ সেপ্টেম্বর** রাষ্ট্রপুঞ্জে ভারতের বিরুদ্ধেও জঙ্গি হামলায় যুক্ত থাকার ভিত্তিহীন অভিযোগ তুললেন পাকিস্তানের বিদেশমন্ত্রী শাহ মেহমুদ কুরেশি। আগের দিনই সন্ত্রাস প্রশ্নে রাষ্ট্রপুঞ্জে পাকিস্তানকে তুলোধোনা করেছিলেন বিদেশমন্ত্রী সুষমা স্বরাজ। তার জবাবেই কুরেশি দাবি করেন, পাকিস্তানে একাধিক জঙ্গি হামলায় ভারত জড়িত। ২০১৪ সালে পেশোয়ারে সেনা স্কুলে হামলার কথা উল্লেখ করেন তিনি। কুরেশি আরও দাবি করেন,'কাশ্মীর নিয়ে বিবাদ দক্ষিণ এশিয়ার সবচেয়ে বড় সমস্যা। রাষ্ট্রপুঞ্জের সুপারিশ কার্যকর করলে কাশ্মীর নিয়ে সমস্যা মিটত।' জবাবে রাষ্ট্রপুঞ্জে ভারতের অন্যতম শীর্ষ কূটনীতিক এনাম গম্ভীর বলেন,'পাক বিদেশমন্ত্রীর ভিত্তিহীন অভিযোগ পেশোয়ার হামলায় নিহত শিশুদের স্মৃতির পক্ষে অবমাননাকর। ইমরান খান সরকারই ক্ষমতায় আসার পরে জানিয়েছিল, পেশোয়ার হামলায় নিহত শিশুদের জন্য শোকার্ত হয়েছিলেন ভারতের বহু মানুষ।'

## রাষ্ট্রপুঞ্জে সন্ত্রাস নিয়ে সরব সুষমা



**২৯ সেপ্টেম্বর:** রাষ্ট্রপুঞ্জের সাধারণ সভার অধিবেশনে সন্ত্রাস প্রশ্নে পাকিস্তানের তুমুল সমালোচনা করলেন বিদেশমন্ত্রী সুষমা স্বরাজ। এ দিন রাষ্ট্রপুঞ্জে জলবায়ু পরিবর্তন ও সন্ত্রাসবাদকে বিশ্বের সবচেয়ে বড় বিপদ হিসেবে চিহ্নিত করেন সুষমা। একইসঙ্গে নিউইয়র্ক ও মুম্বই হামলার কথা উল্লেখ করেছেন তিনি। বিদেশমন্ত্রী বলেন,'ভারতে সন্ত্রাসের মূল মদতদাতা পাকিস্তান। নিউ ইয়র্কে হামলার মূল চক্রী ওসামা বিন লাদেনকে পাকিস্তানই লুকিয়ে রেখেছিল। এখনও মুম্বই হামলার চক্রীরা সেখানে অবাধে ঘুরে বেড়ায়।' বিদেশমন্ত্রী আরও জানিয়েছেন, সন্ত্রাস নিয়ে পশ্চিমি দুনিয়া তথা রাষ্ট্রপুঞ্জও নিজেদের দায়িত্ব পুরোপুরি পালন করেনি। তাঁর কথায়, 'সামগ্রিক সন্ত্রাস দমন নীতি এখনও রাষ্ট্রপুঞ্জে পাশ হয়নি। কারণ, কারা জঙ্গি তাই আমরা স্থির করতে পারিনি। তাই জঙ্গিদের গৌরবগাথা প্রচারে পাকিস্তানে ডাকটিকিট প্রকাশিত হয়।' সুষমা দাবি করেছেন, ভারত আলোচনা চাইলেও বার বার পাক মদতপুষ্ট জঙ্গি হামলার জন্য আলোচনা ভেস্তে যায়।



"আমরা এখন এমন এক ভিন্নতর যুদ্ধক্ষেত্রের সামনে রয়েছি, বন্যপ্রাণ এবং মানুষ দুয়ের ওপরেই যার প্রভাব মারাত্মক।"

**ডমিনিক জার্মে,** *ডিরেক্টর, জুলজিক্যাল সোসাইটি অফ লন্ডন*

৪ অক্টোবর বিশ্ব প্রাণী দিবসে দেওয়া বার্তায় বন্যপ্রাণের চোরাকারবারী নৃশংস দুর্বৃত্ত ও তাদের দুর্নীতিগ্রস্ত মদতদাতাদের তীব্রভাষায় সমালোচনা করে

## লুকা মদ্রিচ ফিফা বর্ষসেরা




**২৫ সেপ্টেম্বর:** ফিফার বর্ষসেরা ফুটবলারের সম্মান পেলেন লুকা মদ্রিচ। গত দশ বছর ধরে মেসি এবং রোনাল্ডোই ফিফার বর্ষসেরা সম্মান নিজেদের মধ্যে ভাগ করে নিলেও এ বছর তাঁরাই গড়হাজির রইলেন ফিফার অনুষ্ঠানে। সেরার পুরস্কার নিয়ে মদ্রিচ বলেন, 'এটা ঘটনা, ক্রিশ্চিয়ানো আর মেসির গোল করার ব্যাপারে অবিশ্বাস্য দক্ষতা রয়েছে। সন্দেহ নেই ফুটবলে গোল খুবই গুরুত্বপূর্ণ একটা ব্যাপার। কিন্তু পুরো মরসুম ধরে ভাল খেলার জন্য অন্য ফুটবলারদেরও স্বীকৃতি দেওয়া উচিত। আমি খুশি এ বার অন্তত সেটা হওয়ায়।'

## এশিয়া কাপ পেল ভারত




**২৮ সেপ্টেম্বর:** দুবাইয়ে আয়োজিত এশিয়া কাপ ক্রিকেট প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হল ভারত। বাংলাদেশের সঙ্গে শেষ বল পর্যন্ত হাড্ডাহাড্ডি লড়াইয়ের পর জয় ছিনিয়ে নেয় ভারত। প্রথমে ব্যাট করে বাংলাদেশ ৪৮.৩ ওভারে ২২২ রান তোলে। বাংলাদেশের ওপেনিং ব্যাটসম্যান লিটন দাস ১১৭ বলে ১২১ রানের অসামান্য ইনিংসে খেলেন। তাঁর ব্যাটের ওপর নির্ভর করেই বাংলাদেশ ২২২ রানে পৌঁছয়। অপর ওপেনার মেহদি (৩২) এবং মিডল অর্ডারে সৌম্য সরকার (৩৩) কিছুটা চেষ্টা করেন। ভারতের ইনিংসেও কেউই ৫০ রানের গণ্ডি পার করতে পারেননি। এক বল বাকি থাকতে ম্যাচ টাই হয়ে যায়। শেষ বলে কেদার যাদব লেগবাইতে এক রান নিয়ে দলকে জেতান। ফাইনাল ম্যাচের সেরা হন লিটন। প্লেয়ার অব দ্য সিরিজ হয়েছেন শিখর ধাওয়ান।

## ভূমিকম্প ও সুনামি বিধ্বস্ত ইন্দোনেশিয়া



**২৯ সেপ্টেম্বর:** ইন্দোনেশিয়ায় ৭.৫ কম্পাঙ্কের ভূমিকম্প ও সুনামির জোড়া ধাক্কায় সে দেশের সুলাবেসি দ্বীপে বহু মানুষের মৃত্যু হল। তীব্র কম্পনে ৬ লক্ষ মানুষের বাসস্থান উপকূলবর্তী দুই শহর পালু ও ডঙ্গালা কার্যত ধ্বংসস্তূপে পরিণত হয়েছে। কয়েক হাজার বাড়ি, হাসপাতাল, হোটেল, শপিংমল, মসজিদ ইত্যাদি গুঁড়িয়ে গিয়েছে। দেশের বিপর্যয় মোকাবিলা দপ্তর জানিয়েছে, প্রথম দিনই ৩৮৪ জনের মৃত্যুর খবর পাওয়া গিয়েছে। গুরুতর আহত অবস্থায় পাঁচশোরও বেশি মানুষ ভর্তি হয়েছেন হাসপাতালে। প্রেসিডেন্ট জোকো উইডোডো জানিয়েছেন, উদ্ধারকারী দলকে সাহায্যের জন্য পালু ও ডঙ্গলায় সেনা রওনা হয়ে গিয়েছে। রাজধানী জাকার্তা থেকে ত্রাণসামগ্রী নিয়ে পণ্যবাহী বিমান পাঠিয়েছে সেনা। ৭.৫ কম্পাঙ্কের ভূমিকম্পের পরেও অন্তত ১০০ বার কেঁপে ওঠে পালু ও সংলগ্ন এলাকা। এক সপ্তাহ পরেও সেখানে চালু করা যায়নি স্বাভাবিক পরিষেবা। দেশের অন্যান্য অংশের পরিষেবা অবশ্য স্বাভাবিক হতে শুরু করেছে। শেষ খবর পাওয়া পর্যন্ত মৃতের সংখ্যা ১,৪২৪।

## খেলরত্ন পেলেন কোহলি, চানু



**২৫ সেপ্টেম্বর:** এ বছর রাজীব গান্ধী খেলরত্ন পুরস্কার পেলেন বিরাট কোহলি এবং ভারোত্তোলনে বিশ্বচ্যাম্পিয়ন মীরাবাই চানু। রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ প্রাপকদের হাতে পুরস্কার তুলে দেন। কোহলির আগে ক্রিকেটার হিসেবে খেলরত্ন পেয়েছেন সচিন তেন্ডুলকর ও মহেন্দ্র সিং ধোনি। খেলরত্নের পাশাপাশি অর্জুন পেয়েছেন কুড়ি জন। যাঁদের মধ্যে রয়েছেন, নীরজ চোপড়া, হিমা দাস, স্মৃতি মনধানা, মনপ্রীত সিং, শুভঙ্কর শর্মা প্রমুখরা।

# EKDN
A Complete Education Solution

## Welcome to EKDN Family

**EKDN's All Chanels ,Groups and other Services**

### ENGLISH VERSION
http://t.me/EKDNGroup
http://t.me/SuccessGuide
http://t.me/EnglishGuide4All (English Special)
http://t.me/SuccessSummit (Eng+Bng)

### BENGALI VERSION
http://t.me/BanglaJobGuide
http://t.me/ScienceGuide (Science)
http://t.me/Geo_Guide (Geography)
http://t.me/EcoPolityGuide (Eco+Polity)
http://t.me/HistoryGuide (History)
http://t.me/BangoSongbad (Daily News in BNG)

### Study Material PDF Guide:
http://t.me/PDF4Study (English+Bengali)

### Descriptive Guide: (English+Bengali)
https://t.me/joinchat/CtdP00nEIvOloYNNBLQUaw

### Math+GI Guide:
https://t.me/joinchat/CtdP01G8L9VptJVMyduZog

### BENGALI MAGAZINE FOR POEM/STORY/DRAWING
http://t.me/NirobAalo

### Facebook Pages :
http://fb.com/ExamKaDarrNahi
http://fb.com/BanglaJobGuide
http://fb.com/NirobAalo

### WEBSITES :
www.ekdnguide.tk ( 9.06 Lakh+ View)
www.banglajobguide.tk (5.2 Lakh+ View)
www.enirobaalo.tk (4k+ View)

**Thank You all for your support ,trust and love 😊**

Created in Master PDF Editor

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

## শেখার আর উন্নতির খিদেই তোমাকে অন্যের থেকে আলাদা করবে



গৌরবময় চাকি
জেনারেল ম্যানেজার
রাজপ্রতিম সাপ্লাইচেন সলিউশনস লিমিটেড



অসমে বড় হয়েছি। কিন্তু মাতৃভাষা বাংলা। ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং পাশ করার পর সে রাজ্যে চাকরির বাজারে দাঁড়িয়ে বুঝলাম যে, মাতৃভাষা অসমিয়া হলে তবেই চাকরি হবে। তাই আবেদন করেও পরে আর এগোইনি। কলকাতায় চলে আসি। এক বন্ধু চাকরির খোঁজ দেয়।

### পরামর্শ নাও, তবে বুঝে

চাকরি খোঁজার একটি জরুরি অংশ হল প্রাথমিক খোঁজখবর। পরামর্শ দেওয়ার জন্য অসংখ্য মানুষ রয়েছেন চারপাশে। তোমাকে তার মধ্যে থেকে বেছে নিতে হবে কোনটা কাজে লাগাবে। অনেকের উপদেশই হিতে বিপরীত ঘটাতে পারে। তবে সচেতন থাকলে গাইড করার মতো কাউকে খুঁজে বের করাটাও কঠিন নয়। কী নিয়ে পড়লে কোন কাজ পেতে সুবিধা হয়, সেই কাজের জন্য কোন সংস্থায় আবেদন করা যায়, সংস্থাভেদে কাজের ধরন কীভাবে বদলে যায়— এইসব তথ্য দিয়ে তোমাকে সাহায্য করতে পারেন কোনও অভিজ্ঞ ব্যক্তি। সিভি সংক্রান্ত পরামর্শও এইভাবে পাওয়া সম্ভব। পরিচিত কর্মরত কোনও অভিজ্ঞ ব্যক্তির সঙ্গে কথা বলে বুঝতে চেষ্টা করো তিনি কীভাবে নিজের সিভি বানিয়েছিলেন। কোনও সংস্থায় আবেদন করার আগে সেই সংস্থায় কাজ করছে বা করেছে এমন কারও সিভি দেখার সুযোগ হলে কাজে দেবে।

### সিভি পাঠানোর সময়

সিভি দু'ভাবে পাঠানো যায়— ই-মেল করে অর্থাৎ সফট কপি আকারে এবং সরাসরি প্রিন্ট আউট হিসেবে।

সিভি ই-মেল করার সময় অ্যাটাচমেন্ট হিসেবে সিভি আপলোড করবে। ই-মেলে লেখার জায়গায়, প্রথমে সম্বোধন, তারপর সাবজেক্ট লিখে, তার নীচে কোথা থেকে এই চাকরির খবর পেয়েছ এবং কেন এই কাজ করতে চাইছ সংক্ষেপে লিখতে পারো। সবশেষে নিজের নাম, ফোন নম্বর আর ঠিকানা লিখবে।

সরাসরি সিভি জমা দেওয়ার ক্ষেত্রে প্রথমেই থাকবে সিভির প্রিন্ট আউট, যাকে বলে হার্ড কপি। তার নীচে পর পর সাজানো থাকবে শিক্ষাগত যোগ্যতা এবং অন্যান্য সার্টিফিকেটসহ যাবতীয় শংসাপত্রের নকল। এমন ভাবে নথিপত্রগুলি সাজাবে যাতে সিভিতে যেভাবে পর পর উল্লেখ আছে, ঠিক সেই ক্রম বজায় থাকে।

নথিপত্রের আর-এক সেট নকল ইন্টারভিউয়ের সময় সঙ্গে রাখো। মূল নথিপত্রগুলি ক্লিপ ফাইলে একই ক্রমে সাজিয়ে রাখো। তবে মূল নথি চাইলে তবেই দেখানো ভালো। ফাইল দামিই হতে হবে এমন কথা নেই। বাহুল্যহীন ছিমছাম হলেই হবে। কয়েক কপি পাসপোর্ট ছবিও একটি খামে ভরে রেখে দিলে প্রয়োজনে বিপদে পড়তে হবে না। তাছাড়া থাকবে কলম আর আঠা।

### উন্নতির আগ্রহ

ইন্টারভিউয়ার প্রতিটি ছেলেমেয়ের মধ্যে যা খোঁজেন সেটি হল খিদে— শেখার খিদে, উন্নতির খিদে, কিছু করার খিদে। যার মধ্যে এর সবগুলি রয়েছে, তাকেই সকলের মধ্যে আলাদা করে চোখে পড়ে। বাকি গুণাগুণ যাচাই করার মধ্য দিয়েও আসলে এই দিকটাই বোঝার চেষ্টা করা হয়। তোমার চারপাশেই খেয়াল করলে দেখবে, ভালো ডিগ্রি নেই, নানারকম সার্টিফিকেট নেই, তাঁরাও পাশের অতি যোগ্য ব্যক্তিটিকে ছাড়িয়ে অনেক এগিয়ে গিয়েছেন। তাঁদের মধ্যে ওই খিদের অগুনটাই তাঁদের এগিয়ে দিয়েছে। যা নেই তাই নিয়ে হাহুতাশ করে তাঁরা বসে থাকেননি, যেখানে যতটুকু সুযোগ পেয়েছেন কাজে লাগিয়েছেন।

### নিজেকে প্রকাশ করতে হবে

মন দিয়ে পড়াশোনা করা ছাড়াও পরিবার, বন্ধু, আশপাশের লোকজনের সঙ্গে সহজ খোলামেলা আলোচনা তোমাকে সজাগ রাখবে। নিজের কথা বুঝিয়ে বলতে তোমার আটকাবে না। নিজেকে অন্যের কাছে বোধগম্য করে তোলার মধ্য দিয়েই তুমি নিজের বৈশিষ্ট্যগুলো ঠিকভাবে তুলে ধরতে পারবে।

মন দিয়ে পড়াশোনা করা ছাড়াও পরিবার, বন্ধু, আশপাশের লোকজনের সঙ্গে সহজ খোলামেলা আলোচনা তোমাকে সজাগ রাখবে। নিজের কথা বুঝিয়ে বলতে তোমার আটকাবে না।

## কর্মক্ষেত্র পড়ে চাকরি

## ভিডিও এডিটর হয়েছি



আমি সুদীপ কর্মকার। বর্ধমান জেলার একটি মফস্‌সল শহর কালনার বাসিন্দা। কালনার মতো এই প্রত্যন্ত অঞ্চলে থাকাকালীন কখনও ভাবিনি ভিডিও-এডিটর হতে পারব। তবে মনের মধ্যে ইচ্ছা ছিল ভিডিও-এডিটর হওয়ার। তখন সন্ধান করেছিলাম ভিডিও-এডিটিং কোথায় শেখা যায়। খুঁজতে খুঁজতে হাতের কাছে পেয়েছিলাম 'কর্মক্ষেত্র'। 'কর্মক্ষেত্র' পত্রিকা থেকে সন্ধান পেয়েছিলাম ডিরোজিও মেমোরিয়াল কলেজের ইউ জি সি অনুমোদিত বি ভোক ব্রডকাস্ট জার্নালিজম কোর্সটির। এরপর শুরু হয় পেশার জগতে প্রবেশের উদ্যোগ। উপযুক্ত অত্যাধুনিক বিভিন্ন প্রযুক্তি ও পুঁথিগত পাঠক্রমের বাইরে হাতে কলমে শিক্ষাগ্রহণ করে সম্পূর্ণভাবে কর্মজগতে পদার্পণ করার যোগ্যতা অর্জন করেছি। আজ আমি কোর্সটির তৃতীয় বর্ষের ছাত্র এবং অন্যদিকে যোগদান করেছি হাই নিউজ প্রাইভেট লিমিটেড সংস্থায় ভিডিও-এডিটর হিসেবে। আমার এই কর্মজীবনে পথপ্রদর্শক 'কর্মক্ষেত্র' এবং আমাকে কর্মজগতে যোগ্য করে তোলা এই কোর্সটির কাছে আমি কৃতজ্ঞ। আজও 'কর্মক্ষেত্র' সর্বদা আমার সঙ্গী। আমি একটি বেসরকারি টি ভি চ্যানেলে কাজ করা সত্ত্বেও কাজের অবসরে চোখ বুলিয়ে নিই 'কর্মক্ষেত্র'-য় নতুন কোনও কর্মসন্ধানে এবং আমার সাধারণ জ্ঞান বৃদ্ধির জন্য। আমি মনে করি, যারা উচ্চমাধ্যমিক উত্তীর্ণ হওয়ার পর সঠিক বিষয় নির্বাচন করতে পারছে না, তারা তাদের পুঁথিগত বিদ্যা থেকে একটু আলাদা করে হাতে-কলমে পেশাদারি শিক্ষাগ্রহণ করে নিজের ভবিষ্যৎ সুনিশ্চিত করুন এবং সর্বদা 'কর্মক্ষেত্র'-কে সঙ্গী ও কর্মজীবনের পথপ্রদর্শক হিসেবে সঙ্গে রাখুন।

*সুদীপ কর্মকার*
*কালনা, বর্ধমান*

'কর্মক্ষেত্র' পড়ে চাকরি পেয়েছেন? আমাদের লিখে পাঠান আপনার চাকরি পাওয়ার সুখবর। লিখুন আপনার নিজেকে গড়ে তোলার অভিজ্ঞতা। বাছাই চিঠি 'কর্মক্ষেত্র'-য় প্রকাশিত হবে। 'কর্মক্ষেত্র'-র লক্ষ লক্ষ পাঠক-পাঠিকাদের নিজেদের তৈরি করে তোলার পথে পাথেয় হয়ে থাকুক সহপাঠীদের কাজ পাওয়ার সুখবরও। নিজের ছবি-সহ চিঠি লিখুন এই ঠিকানায়:
'চাকরি পেয়েছি', কর্মক্ষেত্র, কলকাতা-৭০০ ০১৯
যে সংস্থায় চাকরি করছেন, তার নাম, পদের নাম এবং নিজের নাম-ঠিকানা ও ফোন নম্বর লিখতে ভুলবেন না।


কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ

shine.com

Shine.com now brings you great jobs in partnership with KARMAKSHETRA

Companies Recruiting This Week

PS AVIATION

Company: **PS AVIATION ACADEMY PVT.LTD**
Position Title: **Ground staff and Cabin crew**
Experience, Location: **Fresher ,Kolkata , Delhi,Vizag**
Profile: Hiring Fresher Candidates for International and domestic Airlines. Qualification minimum 12th Passed Starting salary for cabin crew-30000 to 35000 pm. Ground staff- 15000 to 19000 pm. Age limit for cabin crew -18 to 26.Age limit for Ground staff -18 to 28.Male female both can apply. Contact no-8240117926/ 9007421048, mail id -career@psaviation.in
To apply for this job, log on to www.shine.com and search using **9246724** as keyword

Company: **SMART CALL CENTER SOLUTIONS PVT LTD**
Position Title: **CCE / Sr. Customer Care Executive**
Experience, Location: **Fresher, Kolkata**
Profile: Hiring Freshers & Experienced Candidates for Outbound BPO (Night shift). Candidate should possess GOOD English Communication Skills. 5 Days working. Fixed Salary (upto 20K) with attractive Incentives. Walk-in at 16A, Shakespeare Sarani, B.K Market, 6th Floor, Kol - 71 between 9 am to 6 pm with an updated resume & photograph. Call 9748939464 / 9748939491 / 9748939501 / 9748215952 or mail hr@sccpl.net
To apply for this job, log on to www.shine.com and search using **9346604** as keyword

Adeeba E Services Pvt Ltd

Company: **Adeeba E Services Pvt Ltd**
Position Title: **Tech Support**
Experience, Location: **1 - 5 Years, Kolkata**
Profile: Hiring for inbound tech support with fixed salary offered up to 25K. Job Role: Handling issues of technical problems, assisting the customer with problems like printer,router,pop up calls.
To apply for this job, log on to www.shine.com and search using **9219727** as keyword

ASHWIN INFOTRRON

Company: **ASHWIN INFOTRRON**
Position Title: **Site Engineer- Structure & Civil Industries**
Experience, Location: **0 - 5 Years, Kolkata**
Profile: Civil engineers plan, design, develop and manage projects for the construction or repair of buildings, roads, etc. Civil engineers may also specialize in foundation analysis, building and structural & planning.
To apply for this job, log on to www.shine.com and search using **9221097** as keyword

Ascent Human Solutions Pvt. Ltd

Company: **Ascent Human Solutions Pvt. Ltd**
Position Title: **Sales Executive**
Experience, Location: **2 - 5 Years, Kolkata**
Profile: Having good experience in Horeca Sales, good communication skills, knowledge about area. Should be open for travelling. UG: Any Graduate - Any Specialization PG:Any Postgraduate - Any Specialization Doctorate: Doctorate Not Required
To apply for this job, log on to www.shine.com and search using **9223444** as keyword

Orionedutech Pvt Ltd

Company: **Orionedutech Pvt Ltd**
Position Title: **Software Designer**
Experience, Location: **2 - 5 Years, Kolkata**
Profile: Urgently require Software Designer in NSDC partner education company with PAN India presence. those having min 3 years Experience in Software Designing can apply immediately. Graduates having good experience in HTML, PHP,JAVA script, MySql, Wordpress, Photoshop, Coreldraw, dream weaver, illustrator, j-query can apply imminently. Benefits: - Direct Payroll of Orion Edutech with PF,ESI, Mediclaim & Bonus facilities.
To apply for this job, log on to www.shine.com and search using **9228380** as keyword

To apply log on to www.shine.com and search using the relevant Job ID as keyword.
For more jobs, log on to Shine.com now!
**To avail Shine.com Data Base Services, Call Atanu Ghosh @ 7980979203**
Not for Candidates

shine.com
Great careers start here

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

পি এস সি-র মাধ্যমে রাজ্য সরকারের খাদ্য দপ্তরে

# সাব-ইনস্পেক্টর

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. তাপের শ্রেষ্ঠ সংবাহক কোনটি?
(a) পারদ (b) বেঞ্জিন (c) চামড়া (d) রুপো
2. জাতীয় গণিত দিবস কত তারিখে?
(a) 22 ডিসেম্বর (b) 20 জানুয়ারি (c) 22 নভেম্বর (d) 22 অক্টোবর
3. 'টুলবুল প্রকল্প' কোন নদীর ওপর নির্মিত?
(a) ঝিলম (b) নর্মদা (c) ওয়াং চু (d) মহানদী
4. 'লেভ' কোন দেশের মুদ্রা?
(a) মায়ানমার (b) বুলগেরিয়া (c) স্পেন (d) দক্ষিণ কোরিয়া
5. আন্তর্জাতিক তারিখরেখার মান কত?
(a) 90° (b) 120° (c) 360° (d) 180°
6. 'সেন্ট্রাল পটেটো রিসার্চ ইনস্টিটিউট' কোথায় অবস্থিত?
(a) সিমলা (b) কোচি (c) ভোপাল (d) ধানবাদ
7. 'কেঁদুলি মেলা' নীচের কোন জেলায় অনুষ্ঠিত হয়?
(a) পুরুলিয়া (b) বীরভূম (c) পূর্ব বর্ধমান (d) নদিয়া
8. 1950 সালের 26 জানুয়ারি কী বার ছিল?
(a) রবিবার (b) সোমবার (c) বৃহস্পতিবার (d) শুক্রবার
9. 'ড্রপ কিক' কোন খেলার সঙ্গে সম্পর্কিত?
(a) রাগবি ফুটবল (b) হকি (c) কবাডি (d) বাস্কেটবল
10. লাল বাহাদুর শাস্ত্রী বিমানবন্দর কোন শহরে অবস্থিত?
(a) বারাণসী (b) দিল্লি (c) মুম্বই (d) আমেদাবাদ
11. কানাডার সংসদের নাম কী?
(a) ডুমা (b) বুন্দেশট্যাগ (c) ন্যাশনাল অ্যাসেম্বলি (d) পার্লামেন্ট
12. 'অ্যান্টিভেনম' ওষুধটি ব্যবহার হয়:
(a) ইঁদুর কামড়ালে (b) বিড়াল কামড়ালে (c) কুকুর কামড়ালে (d) সাপ কামড়ালে
13. 'রিতু বেরি' কীসের সঙ্গে যুক্ত?
(a) সমাজসেবা (b) ক্রীড়া সাংবাদিকতা (c) সিনেমা (d) ফ্যাশন ডিজাইন
14. 'ইন্টারভিউ' সিনেমার পরিচালক হলেন:
(a) শ্যাম বেনেগাল (b) মৃণাল সেন (c) ঋত্বিক ঘটক (d) সত্যজিৎ রায়
15. পেঁয়াজ কোন গোত্রের উদ্ভিদ?
(a) লিলিয়েসি (b) গ্রামিনি (c) পামি (d) টিলিয়েসি
16. 'Playing to win' কোন ব্যাডমিন্টন খেলোয়াড়ের আত্মজীবনীমূলক বই?
(a) মিসাতো আরাতামা (b) সাইনা নেওয়াল (c) পি ভি সিন্ধু (d) ক্যারেলিনা মারিন
17. নীচের কোনটি একটি ব্যাক্টেরিয়ার নাম?
(a) স্ট্রেপটোকক্কাস (b) র‌্যাবিস (c) ম্যাক্সো (d) প্লাজমোডিয়াম ভাইভক্স
18. 'প্রধানমন্ত্রী জনসুরক্ষা যোজনা' কত সালে চালু হয়?
(a) 2015 (b) 2016 (c) 2012 (d) 2014
19. 'গ্লিয়াডিন' প্রোটিন পাওয়া যায়:
(a) গমে (b) ধানে (c) ভুট্টাতে (d) নারকেলে
20. দীপিকা পাল্লিকাল কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) গলফ (b) স্কোয়াশ (c) কবাডি (d) ক্রিকেট
21. 2010 সালে 'জেসমিন রেভোল্যুশান' কোন দেশে সংগঠিত হয়েছিল?
(a) কুয়েত (b) ইরান (c) ইউক্রেন (d) তিউনিশিয়া
22. 'সার্ভেন্টস অব ইন্ডিয়া সোসাইটি'-র প্রতিষ্ঠাতা কে?
(a) গোপালকৃষ্ণ গোখলে (b) রাম বাজপেয়ী (c) এন এম জোশী (d) আনন্দমোহন বোস
23. ভারতীয় মৌমাছির বিজ্ঞানসম্মত নাম হল:
(a) অ্যাপিস মেনিলিকা (b) অ্যাপিস ডোরাসাটা (c) অ্যাপিস ফ্লোরিয়া (d) অ্যাপিস ইন্ডিকা
24. উদ্ভিদবিদ্যার জনক হলেন:
(a) অ্যারিস্টটল (b) উউজেন উডাম (c) থিওফ্রাস্টাস (d) চার্লস ডারউইন
25. সবরমতী নদীর উৎসস্থল হল:
(a) আরাবল্লী পর্বত (b) বিন্ধ্যপর্বত (c) পালনা পর্বত (d) ত্রিম্বক পর্বত
26. 'WHO World No.Tobaco Day Award 2017'-য় ভূষিত হলেন:
(a) রাজেন মিশ্র (b) এস কে আরোরা (c) মহেশকুমার জৈন (d) হর্ষবর্ধন নেওটিয়া
27. 'পঞ্চম বৈদিক' নাট্যদলের প্রতিষ্ঠাতা কে?
(a) শাঁওলি মিত্র (b) সোহাগ সেন (c) সোহিনী সেনগুপ্ত (d) উষা গাঙ্গুলি
28. সিমলিপাল ব্যাঘ্র সংরক্ষণ প্রকল্প কোন রাজ্যের অন্তর্ভুক্ত?
(a) ছত্তিশগড় (b) পশ্চিমবঙ্গ (c) ঝাড়খণ্ড (d) ওড়িশা
29. ভারতের সংসদের যৌথ অধিবেশনের সভাপতি হিসেবে কে কাজ করেন?
(a) উপ-রাষ্ট্রপতি (b) লোকসভার অধ্যক্ষ (c) প্রধানমন্ত্রী (d) রাষ্ট্রপতি
30. পাকা আনারসে কোন অ্যাসিড থাকে?
(a) অক্টাইল অ্যাসিড (b) সাইট্রিক অ্যাসিড (c) এমাইল এসিটেট (d) ম্যালিক অ্যাসিড
31. 'হাঁসুলি বাঁকের উপকথা' বইটির লেখক:
(a) সমরেশ বসু (b) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় (c) মানিক বন্দ্যোপাধ্যায় (d) শরদিন্দু বন্দ্যোপাধ্যায়
32. ভারতের প্রথম মহিলা আই পি এস অফিসার:
(a) কৃত্তিকা রেড্ডি (b) কিরণ বেদি (c) দুর্বা ব্যানার্জি (d) আন্না রজম মালহোত্রা
33. পশ্চিমবঙ্গের খাদ্য প্রক্রিয়াকরণ ও উদ্যানবিদ্যা বিষয়ক মন্ত্রী হলেন:
(a) জ্যোতিপ্রিয় মল্লিক (b) বিনয়কৃষ্ণ বর্মন (c) চন্দ্রনাথ সিনহা (d) আব্দুর রেজ্জাক মোল্লা
34. হোলকার ট্রফি কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) হকি (b) ব্রিজ (c) পোলো (d) গলফ
35. কুকুর দেখে ভয়কে কী বলে?
(a) অ্যারাকনোফোবিয়া (b) হাইড্রোফোবিয়া (c) ডেমোফোবিয়া (d) সাইনোফোবিয়া
36. উদ্ভিদের বৃদ্ধি নির্ণায়ক যন্ত্রের নাম হল:
(a) থার্মোস্ট্যাট (b) ক্রেসকোগ্রাফ (c) সিসমোগ্রাফ (d) ড্যানডিগ্রাফ
37. 1 মেগাওয়াট = কত ওয়াট?
(a) $10^6$ ওয়াট (b) $10^8$ ওয়াট (c) $10^9$ ওয়াট (d) $10^{10}$ ওয়াট
38. GIS-এর পুরো কথা হল:
(a) Geographic Information System (b) Geographic Identification Service (c) Geographic Information Service (d) Geograpic Information of Space
39. হর্যঙ্ক বংশের প্রতিষ্ঠাতা:
(a) নরসিংহ বর্মন (b) শিমুক (c) অজাতশত্রু (d) বিম্বিসার
40. রাজস্থানের মরু অঞ্চলে চলমান বালিয়াড়িকে বলা হয়:
(a) ব্রিয়ান (b) প্লায়া (c) বার্খান (d) হামাদা
41. দক্ষিণ আফ্রিকার বিচার বিভাগীয় রাজধানী হল:
(a) ব্লুমফন্টেন (b) কেপ টাউন (c) প্রিটোরিয়া (d) জোহানেসবার্গ
42. 'ডিসপোজাল সিরিঞ্জ' আবিষ্কার করেন:
(a) কলিন মার্ডক (b) স্টিফেন হেলস (c) থমাস অ্যালবার্ট (d) উইলিয়াম মর্টন
43. ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের প্রধান কার্যালয় কোথায় অবস্থিত?
(a) এলাহাবাদ (b) বেঙ্গালুরু (c) মুম্বই (d) নয়াদিল্লি
44. 'রসায়নের রাজা' কোন অ্যাসিডকে বলা হয়?
(a) ল্যাকটিক অ্যাসিড (b) সালফিউরিক অ্যাসিড (c) নাইট্রিক অ্যাসিড (d) হাইড্রোক্লোরিক আসিড
45. সংসদের সুপারিশ অনুসারে মুখ্য নির্বাচন কমিশনারকে পদ থেকে অপসারিত করতে পারেন কে?
(a) লোকসভার অধ্যক্ষ (b) রাষ্ট্রপতি (c) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি (d) উপ-রাষ্ট্রপতি
46. 'পাইপার নাইগ্রাম' কোন গাছের বিজ্ঞানসম্মত নাম?
(a) লঙ্কা (b) গোলমরিচ (c) তেঁতুল (d) লবঙ্গ
47. হিমাচল প্রদেশের মুখ্যমন্ত্রী হলেন:
(a) রমন সিং (b) জয় রাম ঠাকুর (c) মনোহর পারিক্কর (d) বীরভদ্র সিং
48. 'প্রধানমন্ত্রী ফসল বিমা যোজনা'-র সিইও পদে নিযুক্ত হলেন:
(a) অক্ষয় ভেঙ্কটেশ (b) দীপক পারেখ (c) আশিস কুমার ভুটানি (d) অনুরাগ সাচন
49. 'অ্যান্টি ডায়াবেটিক' হরমোন হল:
(a) অ্যাড্রিনালিন (b) ইস্ট্রোজেন (c) ইনসুলিন (d) টেস্টোস্টেরন
50. কালকূট ছদ্মনামে কে লিখেছেন?
(a) সমরেশ বসু (b) সমরেশ মজুমদার (c) আবুল বাশার (d) প্রমথ চৌধুরি
51. নীচের কোন সংখ্যাটি 18 দ্বারা বিভাজ্য?
(a) 415233 (b) 401472 (c) 692902 (d) 606879
52. 78631 সংখ্যাটি নীচের কোন সংখ্যা দ্বারা বিভাজ্য?
(a) 5 (b) 7 (c) 10 (d) 9
53. *-র স্থানে ক্ষুদ্রতম কোন অঙ্ক বসালে 5718*7 সংখ্যাটি 11 দ্বারা বিভাজ্য হবে?
(a) 3 (b) 4 (c) 5 (d) 6
54. 16 * 8 সংখ্যাটিতে *-এর স্থানে ক্ষুদ্রতম কোন অঙ্ক বসালে সংখ্যাটি 13 দ্বারা বিভাজ্য হবে?
(a) 3 (b) 2 (c) 4 (d) 5
55. 21*2 সংখ্যাটিতে *-এর স্থানে ক্ষুদ্রতম কোন অঙ্ক বসালে সংখ্যাটি 17 দ্বারা বিভাজ্য হবে?
(a) 1 (b) 2 (c) 3 (d) 4
56. কোন বৃহত্তম সংখ্যা দ্বারা 43, 91 এবং 183 কে ভাগ করলে প্রতিক্ষেত্রে একই ভাগশেষ থাকবে?
(a) 4 (b) 7 (c) 9 (d) 13
57. তিনটি ঘণ্টা একসঙ্গে বাজার পর যথাক্রমে 2, 4, 6, 8, 10, 12 সেকেন্ড অন্তর বাজে। এক ঘণ্টায় তারা একসঙ্গে কতবার বাজবে?
(a) 30 (b) 31 (c) 16 (d) 15
58. চার অঙ্কের কোন বৃহত্তম সংখ্যা 15, 25, 40 এবং 75 দ্বারা নিঃশেষে বিভাজ্য হবে?
(a) 9000 (b) 9400 (c) 9600 (d) 9800
59. তিনটি সংখ্যার অনুপাত 4 : 5 : 7; তাদের ল.সা.গু. 1120 হলে, গ.সা.গু. কত?
(a) 10 (b) 9 (c) 8 (d) 20
60. 1.08, 0.36, 0.9, 1.8-এর গ.সা.গু.
(a) 0.03 (b) 0.9 (c) 0.18 (d) 0.06
61. 7-এর কোন ক্ষুদ্রতম গুণিতককে 6, 9, 15 এবং 18 দ্বারা ভাগ করলে প্রতিক্ষেত্রে 4 ভাগশেষ থাকবে?
(a) 364 (b) 384 (c) 184 (d) 214
62. 2497-এর সঙ্গে কোন ক্ষুদ্রতম সংখ্যা যোগ করলে যোগফল 3, 4, 5, 6 দ্বারা নিঃশেষে বিভাজ্য হবে?
(a) 33 (b) 23 (c) 13 (d) 3

এরপর এগারোর পাতায়

# কেন্দ্রীয় বাহিনীতে ৫৪৯৫৩

## কনস্টেবল ও রাইফেলম্যান

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

**Direction (1 to 10):** *Find out the related word/number/letter from the given alternatives.*
1. Exit : Entrance : : Loyalty : ?
(a) Revolt (b) Dishonesty (c) Falsehood (d) Treachery
2. Chapati : Cook : : Meat : ?
(a) Boil (b) Fry (c) Bake (d) Roast
3. Algae : Water : : Virus : ?
(a) Man (b) Host (c) Surroundings (d) Soil
4. Book : Publisher : : Film : ?
(a) Writer (b) Editor (c) Director (d) Producer
5. Milk : Water : : Ghee : ?
(a) Vanaspati (b) Mustard (c) Argemome (d) Cream
6. GHF : CDB : : EFD : ?
(a) ABZ (b) CBD (c) IJH (d) AJB
7. BDF : HJL : : MOQ : ?
(a) XVT (b) TVS (c) VTX (d) SUW
8. PQR : UWY : : CDF : ?
(a) LMO (b) MQR (c) HJL (d) IKM
9. 212 : 313 : : 515 : ?
(a) 717 (b) 616 (c) 518 (d) 525
10. 5 : 75 : : 7 : ?
(a) 105 (b) 120 (c) 95 (d) 115
11. If banana is apple, apple is grapes, grapes are mango, mango is nuts, nuts are guava, then which of the following is a yellow fruit?
(a) Mango (b) Guava (c) Apple (d) Nuts
12. If ELCSUM is the code for MUSCLE, which word has the code LATIPAC ?
(a) CONFESS (b) CONDUCE (c) CAPITAL (d) CAPRICE
13. If in a certain language GRASP is Code as BMVNK, which word would be coded as CRANE?
(a) FUDQH (b) HWFSJ (c) GVERI (d) BQZMD
14. If FULENHW is the coded word for CRICKET, the EULGH is the code for which word?
(a) PRIDE (b) BRIDE (c) BLADE (d) BLIND
15. If in a certain language SPACE is coded as TQBDF how is PURSE coded in that code?
(a) QTSRF (b) OVQTD (c) QVSTF (d) ESRUP
16. If in a certain language ENTRY is coded as 12345 and STEADY is coded as 931785, then which should be the correct code for TENANT?
(a) 956169 (b) 196247 (c) 352123 (d) 312723
17. X introduces Y saying that Y is the husband of the grand daughter of my grandfather. How is Y related to X?
(a) Brother (b) Son (c) Nephew (d) Brother-in-law
18. Five students A, B, C, D and E are sitting in a row. D is on the right of E. B is on the left of E but is on the right of A. D is on the left of C. Who is sitting extreme left?
(a) A (b) B (c) C (d) D
19. How many words can STAINLESS be divided into without changing the order of the letters and using each letter only once?
(a) One (b) Two (c) Three (d) None of these
**Direction (20 to 24):** *Read the following information carefully and answer the questions.*
There are six cities A, B, C, D, E and F. A is not a hill station. B and E are historical places. D is not an industrial city. A and D are not historical cities. A and B are not alike.
20. Which two cities are Industrial centres?
(a) A and B (b) E and F (c) B and F (d) C and D
21. Which two cities are historical places?
(a) A and C (b) B and F (c) C and F (d) A and D
22. Which two cities are hill stations?
(a) A and B (b) B and D (c) C and A (d) A and F
23. Which city is a hill station and an industrial centre but not a historical place?
(a) E (b) F (c) A (d) C
24. Which two cities are neither historical places nor industrial centres?
(a) A and B (b) D and E (c) F and C (d) B and D
*Find out the odd word from the given alternatives.*
25. (a) Brick (b) Heart (c) Bridge (d) Club
26. Rubella virus causes:

এরপর বারোর পাতায়

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

রাজ্য সরকারের খাদ্য দপ্তরে

# সাব-ইনস্পেক্টর

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

63. একটি 50 ওভারের ক্রিকেট ম্যাচে জয়ের জন্য ন্যূনতম 282 রানের প্রয়োজন। প্রথম 10 ওভারে রান রেট 3.2; পরের 40 ওভারে রানরেট কত হলে লক্ষ্যে পৌঁছনো সম্ভব হবে?
(a) 6 (b) 7 (c) 6.75 (d) 6.25

64. 8 জন ব্যক্তির গড় ওজন 2.5 কিলোগ্রাম বৃদ্ধি হয় যখন 65 কিলোগ্রাম ওজনের এক ব্যক্তির পরিবর্তে একজন নতুন ব্যক্তি অন্তর্ভুক্ত হন। নতুন ব্যক্তির ওজন কত?
(a) 76 কিলোগ্রাম (b) 78 কিলোগ্রাম (c) 80 কিলোগ্রাম (d) 85 কিলোগ্রাম

65. একজন ব্যাটসম্যান 3টি বাউন্ডারি এবং 8টি ওভার বাউন্ডারি সহ মোট 80 রান করলেন, তিনি উইকেটের মধ্যে দৌড়ে মোট রানের শতকরা কত ভাগ করলেন?
(a) 20% (b) 25% (c) 30% (d) 35%

66. দু'টি সংখ্যা A ও B যেখানে, A-র 5% এবং B-র 4% এর সমষ্টি = A-র 6% এবং B-র 8% -এর সমষ্টির দুই-তৃতীয়াংশ। A : B =
(a) 2 : 3 (b) 3 : 2 (c) 3 : 4 (d) 4 : 3

67. কোনও বিদ্যালয়ে বিজ্ঞান, কলা ও বাণিজ্য বিভাগের সিট সংখ্যার অনুপাত 5 : 7 : 8; তিনটি বিভাগে সিট সংখ্যা যথাক্রমে 40%, 50% এবং 75% বৃদ্ধি হয়। বৃদ্ধির পর সিট সংখ্যার অনুপাত কত হল?
(a) 2 : 3 : 4 (b) 3 : 4 : 5 (c) 4 : 5 : 6 (d) 6 : 7 : 8

68. 60 লিটার ভেজাল দুধে, দুধ ও জলের অনুপাত 2 : 1; কত লিটার জল মিশ্রিত করলে মিশ্রণে দুধ ও জলের অনুপাত 1 : 2 হবে?
(a) 30 লিটার (b) 40 লিটার (c) 50 লিটার (d) 60 লিটার

69. তিনটি সংখ্যার সমষ্টি 98; যদি প্রথম দুটি সংখ্যার অনুপাত 2 : 3 হয় এবং শেষ দুটির অনুপাত 5 : 8 হয় তবে দ্বিতীয় সংখ্যাটি কত?
(a) 20 (b) 30 (c) 48 (d) 40

70. A ও B একটি যৌথ ব্যবসায় 3 : 2 অনুপাতে মূলধন বিনিয়োগ করলেন। যদি মোট লাভের 5% ট্যাক্স দেওয়ার পর A-র লভ্যাংশ 855 টাকা হয় তবে মোট লাভের পরিমাণ কত?
(a) 1,500 টাকা (b) 1,600 টাকা (c) 1,800 টাকা (d) 2,000 টাকা

71. 15 টাকা কিলোগ্রাম দরের ডালের সঙ্গে 20 টাকা কিলোগ্রাম দরের ডাল কী অনুপাতে মেশালে মিশ্রণের দাম 16.50 টাকা প্রতি কিলোগ্রাম হবে?
(a) 3 : 7 (b) 7 : 3 (c) 5 : 7 (d) 7 : 5

72. 126 টাকা এবং 135 টাকা প্রতি কিলোগ্রাম দরের দুরকমের চায়ের সঙ্গে তৃতীয় প্রকারের চা 1 : 1 : 2 অনুপাতে মিশ্রিত করলে মিশ্রণের প্রতি কিলোগ্রামের মূল্য 153 টাকা হয়। প্রতি কিলোগ্রাম তৃতীয় প্রকারের চায়ের মূল্য কত?
(a) 175.50 টাকা (b) 180.50 টাকা (c) 175 টাকা (d) 180 টাকা

73. একজন অসাধু গোয়ালা ক্রয়মূল্যে দুধ বিক্রয় করেন কিন্তু খাঁটি দুধের সঙ্গে জল মিশিয়ে ভেজাল দুধ বিক্রয় করে 25% লাভ করেন। ভেজাল দুধে জলের শতকরা হার কত?
(a) 25% (b) 20% (c) 30% (d) 28%

74. দু'প্রকার গুণমানের মিশ্র চা-এ দার্জিলিং ও আসাম চায়ের অনুপাত যথাক্রমে 2 : 7 এবং 1 : 5। এই দুই প্রকার মিশ্র চা কী অনুপাতে মেশালে নতুন গুণমানের মিশ্র চা-এ দার্জিলিং ও আসাম চায়ের অনুপাত 1 : 4 হবে?
(a) 4 : 5 (b) 2 : 3 (c) 3 : 2 (d) 5 : 4

75. 78 টাকা 45 জন বালক ও বালিকার মধ্যে বণ্টন করা হল। প্রতিটি বালিকা 1 টাকা এবং প্রতিটি বালক 2 টাকা পেলে বালিকার সংখ্যা কত?
(a) 12 (b) 16 (c) 18 (d) 20

76. এক ব্যক্তি 10% লাভে একটি চশমা বিক্রয় করলেন। 10% কম দামে ক্রয় করে 3 টাকা অধিক মূল্যে বিক্রয় করলে 25% লাভ হত। চশমার ক্রয়মূল্য কত?
(a) 80 টাকা (b) 100 টাকা (c) 120 টাকা (d) 150 টাকা

77. 5,700 টাকায় একটি ঘোড়া বিক্রয় করে 5% ক্ষতি হলে কী দামে বিক্রয় করলে 5% লাভ হবে?
(a) 6,000 টাকা (b) 6,100 টাকা (c) 6,200 টাকা (d) 6,300 টাকা

78. একটি পাম্প সেট 10% লাভে 2,530 টাকায় বিক্রয় করা হল। 2,185 টাকায় বিক্রয় করলে ক্ষতির শতকরা হার কত হবে?
(a) 5% (b) 4% (c) 6% (d) 8%

79. একটি সাইকেল রাম রহিমকে 30% লাভে এবং রহিম পলকে 20% ক্ষতিতে বিক্রয় করল। পল সাইকেলের জন্য 1,560 টাকা দিলে রাম কত টাকায় সাইকেলটি ক্রয় করেছিল?
(a) 1,400 টাকা (b) 1,450 টাকা (c) 1,500 টাকা (d) 1,550 টাকা

80. এক ব্যক্তি 1,955 টাকা দরে দু'টি সাইকেল বিক্রয় করলেন। যার একটিতে 15% লাভ এবং অপরটিতে 15% লোকসান হল। এই বিক্রয়ে তাঁর মোট কত লাভ/লোকসান হল?
(a) লাভ 80 টাকা (b) লাভ 90 টাকা (c) লোকসান 80 টাকা (d) লোকসান 90 টাকা

81. 8 বছর পূর্বে পিতার বয়স পুত্রের আড়াই গুণ ছিল। বর্তমানে পিতার বয়স পুত্রের বয়সের দ্বিগুণ হলে, পিতার বর্তমান বয়স কত?
(a) 60 বছর (b) 54 বছর (c) 48 বছর (d) 42 বছর

82. মায়ের বর্তমান বয়স মেয়ের বয়সের 6 গুণ। 4 বছর পরে মায়ের বয়স মেয়ের বয়সের 4 গুণ হবে। মেয়ের বর্তমান বয়স কত?
(a) 6 বছর (b) 8 বছর (c) 10 বছর (d) 12 বছর

83. 3 বছর পূর্বে মায়ের বয়স মেয়ের বয়সের 11 গুণ ছিল। 4 বৎসর পরে 4 গুণ হবে। মায়ের বর্তমান বয়স কত?
(a) 32 বছর (b) 30 বছর (c) 34 বছর (d) 36 বছর

84. মা ও মেয়ের বর্তমান বয়সের সমষ্টি 52 বছর। 4 বছর পরে মায়ের বয়স মেয়ের বয়সের দ্বিগুণ হবে। মেয়ের বর্তমান বয়স কত?
(a) 12 বছর (b) 16 বছর (c) 20 বছর (d) 24 বছর

85. পিতা ও পুত্রের বর্তমান বয়সের সমষ্টি 74 বছর। 2 বছর পূর্বে পিতার বয়স পুত্রের বয়সের 4 গুণ ছিল। পিতার বর্তমান বয়স কত?
(a) 54 বছর (b) 56 বছর (c) 58 বছর (d) 60 বছর

86. 100 মিটার দৈর্ঘ্যের একটি ট্রেন লাইনের ধারে দণ্ডায়মান একটি বাতিস্তম্ভকে 10 সেকেন্ডে এবং সমান দৈর্ঘ্যের বিপরীতমুখী অপর একটি ট্রেন প্রথম ট্রেনকে 8 সেকেন্ডে সম্পূর্ণ অতিক্রম করে। কিলোমিটার/ঘণ্টা এককে দ্বিতীয় ট্রেনের গতিবেগ কত?
(a) 72 কিলোমিটার/ঘণ্টা (b) 60 কিলোমিটার/ঘণ্টা (c) 52 কিলোমিটার/ঘণ্টা (d) 54 কিলোমিটার/ঘণ্টা

87. একটি ট্রেন বিকাল 2.45 মিনিট সময়ে 50 কিলোমিটার/ঘণ্টা বেগে হাওড়া থেকে পাটনার উদ্দেশে রওনা হল এবং অপর একটি ট্রেন পাটনা থেকে বিকাল 1.35 মিনিট সময়ে 60 কিলোমিটার/ঘণ্টা বেগে হাওড়ার উদ্দেশে রওনা হল। হাওড়া ও পাটনার দূরত্ব 510 কিলোমিটার হলে, হাওড়া থেকে কত দূরত্বে ট্রেনদুটির সাক্ষাৎ হবে?
(a) 300 কিলোমিটার (b) 250 কিলোমিটার (c) 200 কিলোমিটার (d) 280 কিলোমিটার

88. সমান্তরাল পথে একই দিকে গতিশীল দুটি ট্রেনের বেগ 50 ও 30 কিলোমিটার/ঘণ্টা। দ্বিতীয় ট্রেনে দণ্ডায়মান এক ব্যক্তিকে প্রথম ট্রেনটি 18 সেকেন্ডে সম্পূর্ণ অতিক্রম করলে প্রথম ট্রেনের দৈর্ঘ্য কত?
(a) 150 মিটার (b) 130 মিটার (c) 120 মিটার (d) 100 মিটার

89. 90 মিটার লম্বা এবং 50 কিলোমিটার/ঘণ্টা বেগে গতিশীল কোনও ট্রেন কত সময়ে 160 মিটার লম্বা একটি প্ল্যাটফর্মকে সম্পূর্ণ অতিক্রম করবে?
(a) 12 সেকেন্ডে (b) 15 সেকেন্ডে (c) 18 সেকেন্ডে (d) 21 সেকেন্ডে

90. 72 কিলোমিটার/ঘণ্টা বেগে ধাবমান 100 মিটার লম্বা একটি ট্রেন কত সময়ে লাইনের পার্শ্বে দণ্ডায়মান একটি বাতিস্তম্ভকে সম্পূর্ণ অতিক্রম করবে?
(a) 6 সেকেন্ড (b) 5 সেকেন্ড (c) 4 সেকেন্ড (d) 3 সেকেন্ড

91. এক ব্যক্তি সকাল 6টায় A থেকে রওনা হয়ে সকাল 10টায় B-তে পৌঁছল। অপর একজন সকাল 8টায় B থেকে রওনা হয়ে দুপুর 12টায় A-তে পৌঁছল। কোন সময়ে তাদের সাক্ষাৎ হবে?
(a) সকাল 8টা (b) সকাল 8টা 30 মিনিট (c) সকাল 9টা (d) সকাল 9টা 30 মিনিট

92. এক ব্যক্তি 45 কিলোমিটার/ঘণ্টা গড় বেগে দৌড়ে 40 মিনিটে কোনও দূরত্ব অতিক্রম করেন। 30 মিনিটে ওই দূরত্ব অতিক্রম করতে তাঁকে কত গড় বেগে দৌড়তে হবে?
(a) 50 কিলোমিটার/ঘণ্টা (b) 56 কিলোমিটার/ঘণ্টা (c) 60 কিলোমিটার/ঘণ্টা (d) 75 কিলোমিটার/ঘণ্টা

93. একটি কাজ A ও B একত্রে 6 দিনে এবং B একা 8 দিনে করতে পারে। A একা কাজটি কতদিনে করতে পারবে?
(a) 16 দিন (b) 24 দিন (c) 18 দিন (d) 20 দিন

94. একজন ঠিকাদার 12 কিলোমিটার লম্বা একটি রাস্তা 350 দিনে সম্পূর্ণ করার চুক্তি করে 45 জন শ্রমিক নিয়োগ করলেন। 200 দিন পরে মাত্র 4.5 কিলোমিটার রাস্তা তৈরি হলে বাকি কাজ ঠিক সময়ে শেষ করার জন্য তাঁকে অতিরিক্ত কতজন শ্রমিক নিয়োগ করতে হবে?
(a) 45 (b) 50 (c) 55 (d) 60

95. একটি জলাধার দুটি নল A ও B দ্বারা পৃথকভাবে 20 ঘণ্টায় এবং 30 ঘণ্টায় পূর্ণ হয়। খালি চৌবাচ্চাকে দুটি নল একসঙ্গে খুলে দিলে কত সময়ে জলাধারটি পূর্ণ হবে?
(a) 12 ঘণ্টা (b) 10 ঘণ্টা (c) 16 ঘণ্টা (d) 15 ঘণ্টা

96. একটি জলাধার একটি আগম নল দ্বারা 16 ঘণ্টায় পূর্ণ আবার একটি নির্গমন নল দ্বারা 32 ঘণ্টায় খালি হয়। খালি চৌবাচ্চাতে দুটি নল একসঙ্গে খুলে দিলে কত সময়ে চৌবাচ্চাটি পূর্ণ হবে?
(a) 36 ঘণ্টা (b) 30 ঘণ্টা (c) 34 ঘণ্টা (d) 32 ঘণ্টা

97. গীতা রীতাকে সরল সুদে 6,000 টাকা 2 বছরের জন্য এবং সুমিতাকে 1,500 টাকা 4 বছরের জন্য সরল সুদে ধার দিয়ে মোট 900 টাকা সুদ পেল। সরল সুদের বার্ষিক হার কত?
(a) 5% (b) 8% (c) 10% (d) 6%

98. মোট 7,800 টাকা দুই ভাগে ভাগ করা হল যেখানে প্রথম ভাগের 10% হারে 5 বছরের সরল সুদ এবং দ্বিতীয় ভাগের 9% হারে 6 বছরের সরল সুদ সমান। প্রথম ভাগের পরিমাণ কত?
(a) 3,750 টাকা (b) 4,050 টাকা (c) 4,250 টাকা (d) 3,550 টাকা

99. একটি যৌথ ব্যবসায় A 2,000 টাকা 5 মাসের জন্য, B 1,500 টাকা 6 মাসের জন্য এবং C 800 টাকা 10 মাসের জন্য বিনিয়োগ করে মোট 2,700 টাকা লাভ পেল। B-র লভ্যাংশ কত?
(a) 800 টাকা (b) 750 টাকা (c) 850 টাকা (d) 900 টাকা

100. A 900 টাকা বিনিয়োগ করে একটি ব্যবসা আরম্ভ করল এবং পরে 600 টাকা মূলধন নিয়ে B ওই ব্যবসায় যোগ দিল। বৎসরান্তে তাদের মূলধনের অনুপাত 2 : 1 হলে B কখন ব্যবসায় যোগ দিয়েছিল?
(a) 2 মাস পরে (b) 3 মাস পরে (c) 4 মাস পরে (d) 6 মাস পরে

### উত্তর

1(d), 2(a), 3(a), 4(b), 5(d), 6(a), 7(b), 8(c), 9(a), 10(a), 11(d), 12(d), 13(d), 14(b), 15(a), 16(b), 17(a), 18(a), 19(a), 20(b), 21(d), 22(a), 23(d), 24(c), 25(a), 26(b), 27(a), 28(d), 29(b), 30(d), 31(b), 32(b), 33(d), 34(b), 35(d), 36(b), 37(a), 38(c), 39(d), 40(a), 41(a), 42(a), 43(c), 44(b), 45(b), 46(b), 47(b), 48(c), 49(c), 50(a), 51(b), 52(b), 53(c), 54(a), 55(d), 56(a), 57(b), 58(c), 59(c), 60(c), 61(a), 62(b), 63(d), 64(d), 65(b), 66(d), 67(a), 68(d), 69(b), 70(a), 71(b), 72(a), 73(b), 74(c), 75(a), 76(c), 77(d), 78(a), 79(c), 80(d), 81(c), 82(a), 83(d), 84(b), 85(c), 86(d), 87(c), 88(d), 89(c), 90(b), 91(c), 92(c), 93(b), 94(c), 95(a), 96(d), 97(a), 98(b), 99(d), 100(b).

### সমাধান

51(b): কোনও সংখ্যা 18 দ্বারা বিভাজ্য হয় যদি সেটি 2 এবং 9 দ্বারা বিভাজ্য হয়। (a) এবং (d) তে এককের ঘরের অঙ্ক যুগ্ম না হওয়ায় 2 দ্বারা বিভাজ্য নয়। (b)-এর অঙ্কসমূহের সমষ্টি = 18 যা 9 দ্বারা বিভাজ্য এবং এককের ঘরে যুগ্ম সংখ্যা থাকায় 2 দ্বারা বিভাজ্য— সুতরাং (9 × 2) = 18 দ্বারা বিভাজ্য। একই কারণে (c)-র সংখ্যাটি 9 দ্বারা বিভাজ্য নয়।

52(b): এককের ঘরে 5 বা শূন্য না থাকায় সংখ্যাটি 5 বা 10 দ্বারা বিভাজ্য নয়। 7 দ্বারা বিভাজ্যতা পরীক্ষার জন্য প্রত্যেক বারে এককের ঘরের অঙ্ক বাদ দিয়ে বাকিসংখ্যা থেকে বাদ পড়া অঙ্কের দ্বিগুণ বিয়োগ করলে অন্তরফল 7 দ্বারা বিভাজ্য হলে, প্রদত্ত সংখ্যাও 7 দ্বারা বিভাজ্য হবে।

```
 7863+
 (-) 2
 -----
  786+
    2
 -----
   784    যা 7 দ্বারা বিভাজ্য।
```

অঙ্কসমূহের সমষ্টি = 25 যা 9 দ্বারা বিভাজ্য না হওয়ায় প্রদত্ত সংখ্যা 9 দ্বারা বিভাজ্য নয়।

53(c): অযুগ্ম স্থানের অঙ্কসমূহের সমষ্টি = P = 7 + 8 + 7 = 22 এবং যুগ্ম স্থানের অঙ্কসমূহের সমষ্টি = Q = * + 1 + 5 = 6 + *
P – Q = 0 বা, 11-র গুণিতক
22 – 6 – * = 0, 11⇒16 – * = 0
11 ⇒ * = 16, বা, 5, 16 দুই অঙ্কের সংখ্যা, সুতরাং 5.

54(a): 13 দ্বারা বিভাজ্যতা পরীক্ষার জন্য প্রত্যেক বারে এককের ঘরের অঙ্ক বাদ দিয়ে বাকি সংখ্যার সঙ্গে বাদ পড়া অঙ্কের চারগুণ যোগ করলে যোগফল 13 দ্বারা বিভাজ্য হলে প্রদত্ত সংখ্যাও 13 দ্বারা বিভাজ্য হবে।

```
16 * 8        * + 2 = 5
 32           ⇒ * = 3.
19 (* + 2)
```

55(d): 17 দ্বারা বিভাজ্যতা পরীক্ষার জন্য এককের ঘরের অঙ্ক বাদ দিয়ে বাকি সংখ্যার সঙ্গে বাদ পড়া অঙ্কের পাঁচগুণ বিয়োগ করলে অন্তরফল 17 দ্বারা বিভাজ্য হবে।
21 * 7 (–) 10 = 20 * ⇒ * = 4.

56(a): নির্ণেয় বৃহত্তম সংখ্যা = (91 – 43), (183 – 91) এবং (183 – 43) = 48, 92 এবং 140-এর গ.সা.গু. 48 = 4 × 4 × 3, 92 = 4 × 23,
140 = 4 × 5 × 7 গ.সা.গু. = 4.

57(b): 2, 4, 6, 8, 10, 12-র ল.সা.গু. = 120; তারা 120 সেকেন্ড = 2 মিনিট অন্তর একসঙ্গে বাজবে। 1 ঘণ্টা = 60 মিনিটে $\frac{60}{2} + 1 = 31$ বার একসঙ্গে বাজবে।

58(c): 15, 25, 40 এবং 75-এর ল.সা.গু. = 600
চার অঙ্কের বৃহত্তম সংখ্যা = 9999 একে 600 দ্বারা ভাগ করলে ভাগশেষ = 399
নির্ণেয় সংখ্যা = 9999 – 399 = 9600.

59(c): সংখ্যাগুলি = 4x, 5x, 7x তাদের ল.সা.গু. = (4 × 5 × 7)x = 140x
140x = 1120 ⇒ x = 8 , গ.সা.গু. = x = 8.

60(c): সংখ্যাগুলি 1.08, 0.36, 0.90, 1.80; এখন 108, 36, 90 এবং 180-র গ.সা.গু. = 18; গ.সা.গু. = 0.18.

61(a): 6, 9, 15, 18-র ল.সা.গু. = 90
নির্ণেয় সংখ্যা = (90k + 4) যা 7 দ্বারা বিভাজ্য।
k = 1 হলে 94 — না, k = 2, 184 — না,
k = 3, 274 — না, k = 4, 364 — হ্যাঁ।

62(b): 3, 4, 5, 6-এর ল.সা.গু. = 60
2497-কে 60 দ্বারা ভাগ করলে ভাগশেষ = 37; যুক্ত সংখ্যা = 60 – 37 = 23.

63(d): প্রয়োজনীয় রান রেট $= \frac{282 - 10 \times 3.2}{40}$
$= \frac{282 - 32}{40} = \frac{250}{40} = \frac{25}{4} = 6.25.$

64(d): মোট 8 জনের বৃদ্ধি = 8 × 2.5 = 20 কিলোগ্রাম
নতুন ব্যক্তির ওজন = 65 + 20 = 85 কিলোগ্রাম।

65(b): দৌড়িয়ে রানের সংখ্যা = 80 – 3 × 4 + 8 × 6) = 20
নির্ণেয় শতকরা হার $= \left(\frac{20}{80} \times 100\right)\% = 25\%.$

66(d): $5\% A + 4\% B = \frac{2}{3}(6\% A + 8\% B)$
$\Rightarrow \frac{5}{100}A + \frac{4}{100}B = \frac{2}{3}\left(\frac{6}{100}A + \frac{8}{100}B\right)$
⇒ 3 (5A + 4B) = 2(6A + 8B) ⇒ 3A = 4B ⇒ A : B = 4 : 3.

67(a): বৃদ্ধির পর সিট সংখ্যার অনুপাত
$= \left(5 \times \frac{140}{100}\right) : \left(7 \times \frac{150}{100}\right) : \left(8 \times \frac{175}{100}\right)$
= (5 × 140) : (7 × 150) : (8 × 175) = 28 : 42 : 56 = 2 : 3 : 4.

68(d): দুধের ওপর বিমিশ্র প্রক্রিয়া:




আগের দুধ : জল $= \frac{1}{3} : \frac{1}{3} = 1 : 1$

*এরপর বারোর পাতায়*

www.banglajobguide.tk Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

### রাজ্য সরকারের খাদ্য দপ্তরে

# সাব-ইনস্পেক্টর

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*এগারোর পাতার পর*

60 লিটার মিশ্রণে 60 লিটার জল।

69(b): সংখ্যা তিনটি A, B, C হলে, A : B = 2 : 3, B : C = 5 : 8
A : B = 10 : 15, B : C = 15 : 24
[উভয়ক্ষেত্রে B-কে সমান করতে হবে]
A : B : C = 10 : 15 : 24

$B = \left(\frac{15}{10+15+24}\right) \times 98 = \frac{15}{49} \times 98 = 30.$

70(a): যদি মোট লাভ = 100 টাকা হয় তবে ট্যাক্স বাদে লাভ = 95 টাকা।

A-র লভ্যাংশ $= \left(\frac{3}{3+2}\right) \times 95 = 57$ টাকা

A-র লভ্যাংশ = 57 টাকা হলে মোট লাভ = 100 টাকা

$1 \rightarrow \frac{100}{57}, 855 \rightarrow \left(\frac{100}{57}\right) \times 855 = 100 \times 15 = 1,500$ টাকা।

71(b):

প্রথম প্রকার 1 কিগ্রা ডালের দর 15 — দ্বিতীয় প্রকার 1 কিগ্রা ডালের দাম 20
গড় দাম 16.50
20 − 16.50 = 3.50 — 16.50 − 15 = 1.50

নির্ণেয় অনুপাত = 3.5 : 1. 5 = 35 : 15 = 7 : 3.

72(a): প্রথম দু-প্রকারের চা সমান অনুপাতে মিশ্রিত হয়েছে। তাদের প্রতি কিলোগ্রামের গড় দাম $= \frac{126+135}{2} = 130.50$ টাকা।

তৃতীয় প্রকার চায়ের প্রতি কিলোগ্রামের মূল্য = x টাকা।

130.50 — x
153
(x − 153) — 153 − 130.50

$= 22.50 = \frac{45}{2} = \frac{x-153}{45/2} = \frac{2}{2} = 1$

2x − 306 = 45 ⇒ 2x = 351 ⇒ x = 175.50 টাকা।

73(b): 1 লিটার দুধের ক্রয়মূল্য = 1 টাকা

1 লিটার মিশ্রণের ক্রয়মূল্য $= \left(\frac{100}{100+ \text{লাভের হার}}\right) \times$ ক্রয়মূল্য

$= \frac{100}{125} \times 1 = \frac{4}{5}$ টাকা।

1 লিটার দুধের ক্রয়মূল্য — 1 লিটার জলের ক্রয়মূল্য
1 — 0
গড় মূল্য $\frac{4}{5}$
$\frac{4}{5} - 0 = \frac{4}{5}$ — $1 - \frac{4}{5} = \frac{1}{5}$

দুধ : জল $= \frac{4}{5} : \frac{1}{5} = 4 : 1.$

মিশ্রণে জলের শতকরা হার $= \left(\frac{1}{4+1} \times 100\right)\% = 20\%.$

74(c): দার্জিলিং চায়ের ওপর বিমিশ্র প্রক্রিয়া:

প্রথম প্রকার — দ্বিতীয় প্রকার
$\frac{2}{9}$ — $\frac{1}{6}$
অন্তিম প্রকার $\frac{1}{5}$
$\frac{1}{5} - \frac{1}{6} = \frac{1}{30}$ — $\frac{2}{9} - \frac{1}{5} = \frac{1}{45}$

প্রথম প্রকার : দ্বিতীয় প্রকার $= \frac{1}{30} : \frac{1}{45} = \frac{1}{2} : \frac{1}{3} = 3 : 2.$

75(a): গড় প্রাপ্য $= \frac{78}{45} = \frac{26}{15}$ টাকা।

বালক — বালিকা
2 — 1
গড় $\frac{26}{15}$
$\frac{26}{15} - 1 = \frac{11}{15}$ — $2 - \frac{26}{15} = \frac{4}{15}$

বালক : বালিকা $= \frac{11}{15} : \frac{4}{15} = 11 : 4$

বালিকার সংখ্যা $= \frac{4}{11+4} \times 45 = 12.$

76(c): ক্রয়মূল্য = 100 টাকা

10% লাভে বিক্রয়মূল্য = 110 টাকা, 10% কমে ক্রয়মূল্য = 90 টাকা

25% লাভে বিক্রয়মূল্য $= \frac{100+25}{100} \times 90 = 112.50$ টাকা।

বিক্রয়মূল্যের পার্থক্য = 112.50 − 110 = 2.50 টাকা

পার্থক্য 2.5 → ক্রয়মূল্য = 100

পার্থক্য 3 → ক্রয়মূল্য $= \frac{100}{2.5} \times 3 = \frac{1000}{25} \times 3 = 40 \times 3 = 120$ টাকা।

77(d): ঘোড়ার ক্রয়মূল্য $= \frac{100}{100-5} \times 5,700 = \left(\frac{100}{95}\right) \times 5,700 = 6,000$ টাকা

5% লাভে বিক্রয়মূল্য $= \left(\frac{100+5}{100}\right) \times 6,000 = 105 \times 60 = 6,300$ টাকা।

78(a): ক্রয়মূল্য $= \left(\frac{100}{100+10}\right) \times 2,530 = \frac{100}{110} \times 2,530 = 2,300$ টাকা

দ্বিতীয় ক্ষেত্রে ক্ষতি $= \left(\frac{2,300-2,185}{2,300} \times 100\right) = \frac{115}{23}\% = 5\%.$

[দ্বিতীয় ক্ষেত্রে বিক্রয়মূল্য ক্রয়মূল্যের তুলনায় কম হওয়ায় ক্ষতি হবে।]

79(c): রহিমের ক্রয়মূল্য $= 1,560 \times \frac{100}{100-20} = 1,560 \times \frac{100}{80}$ টাকা

রামের ক্রয়মূল্য $1,560 \times \frac{100}{80} \times \frac{100}{30} = 1,560 \times \frac{5}{4} \times \frac{10}{13} = 120 \times \frac{50}{4}$
= 1,500 টাকা।

80(d): দুটি সাইকেলের ক্রয়মূল্য যথাক্রমে $1,955 \times \frac{100}{100+15}$ এবং $1,955 \times \frac{100}{100-15}$ টাকা = 1,700, 2,300 টাকা, মোট ক্রয়মূল্য = 4,000 টাকা

মোট বিক্রয়মূল্য = 2 × 1,955 = 3,910 টাকা
ক্ষতি = 4,000 − 3,910 = 90 টাকা।

81(c): t বছর পূর্বে x গুণ এবং বর্তমানে y গুণ হলে, পুত্রের বর্তমান বয়স

$= \frac{t(x-1)}{x-y} = \frac{8\left(\frac{5}{2}-1\right)}{\frac{5}{2}-2} = \frac{8 \times \frac{3}{2}}{\frac{1}{2}} = 24$ বছর, পিতার বর্তমান বয়স = 2 × 24
= 48 বছর।

82(a): t বছর পরে z গুণ এবং বর্তমানে y গুণ হলে, মেয়ের বয়স

$= \frac{t(z-1)}{y-z} = \frac{4(4-1)}{6-4} = \frac{12}{2} = 6$ বছর।

83(d): $t_1$ বছর পূর্বে x গুণ এবং $t_2$ বছর পরে z গুণ হলে মেয়ের বর্তমান বয়স

$= \frac{t_2(z-1)+t_1(x-1)}{x-z} = \frac{4(4-1)+3(11-1)}{11-4} = \frac{12+30}{7} = 6$ বছর

3 বছর পূর্বে মেয়ের বয়স = 3 বছর।
মায়ের বর্তমান বয়স = 11 × 3 + 3 = 36 বছর।

84(b): মেয়েদের বয়স $= \frac{\text{বয়সের সমষ্টি} - \text{যত বছর পরে (যতগুণ} - 1)}{\text{যতগুণ} + 1}$

$= \frac{52-4(2-1)}{2+1} = \frac{52-4}{3} = 16$ বছর।

85(c): পুত্রের বয়স $= \frac{\text{বয়সের সমষ্টি} + \text{যত বছর পূর্বে (যতগুণ} - 1)}{\text{যতগুণ} + 1}$

$= \frac{74+2(4-1)}{4+1} = \frac{80}{5} = 16$ বছর।

পিতার বয়স = 74 − 16 = 58 বছর।

86(d): প্রথম ট্রেনের বেগ $= \frac{\text{ট্রেনের দৈর্ঘ্য}}{\text{সময়}} = \frac{100}{10} = 10$ মিটার/সেকেন্ড

দ্বিতীয় ক্ষেত্রে আপেক্ষিক বেগ $= \frac{\text{মোট দূরত্ব}}{\text{সময়}} = \frac{100+100}{8}$
= 25 মিটার/সেকেন্ড

দ্বিতীয় ট্রেনের বেগ = আপেক্ষিক বেগ − প্রথম ট্রেনের বেগ = 25 − 10 = 15 মিটার/সেকেন্ড $= 15 \times \frac{18}{5}$ কিলোমিটার/ঘণ্টা = 54 কিলোমিটার/ঘণ্টা

[1 মিটার/সেকেন্ড $= \frac{18}{5}$ কিলোমিটার/ঘণ্টা]

87(c): $S_1, S_2$ প্রথম ও দ্বিতীয় ট্রেনের বেগ $t_1, t_2$ দুটি ট্রেনের যাত্রারম্ভের সময় হলে হাওড়া থেকে যে দূরত্ব সাক্ষাৎ হবে

$S_1 \left[\frac{\text{মোট দূরত্ব} - S_2(T_1 - T_2)}{S_1 + S_2}\right]$

$T_1 - T_2 = 2:45 - 1:35 = 1.10$ মিনিট $= 1\frac{10}{60}$ ঘণ্টা $= \frac{7}{6}$ ঘণ্টা

$= 50\left[\frac{510 - 60 \times \frac{7}{6}}{50+60}\right] = 50 \times \frac{510-70}{110} = \frac{5}{11} \times 440 = 5 \times 40$

= 200 কিলোমিটার।

88(d): আপেক্ষিক বেগ = 50 − 30 = 20 কিলোমিটার/ঘণ্টা

$= 20 \times \frac{5}{18} = \frac{50}{9}$ মিটার/ সেকেন্ড [1 কিলোমিটার/ঘণ্টা $= \frac{5}{18}$ মিটার/সেকেন্ড]

প্রথম ট্রেনের দৈর্ঘ্য = এই গতিবেগে 18 সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব $= \frac{50}{9} \times 18$
= 100 মিটার।

89(c): মোট দূরত্ব = ট্রেনের দৈর্ঘ্য + প্ল্যাটফর্মের দৈর্ঘ্য = 160 + 90 = 250 মিটার

বেগ $= 50 \times \frac{5}{18}$ মিটার/সেকেন্ড

সময় = দূরত্ব/বেগ $= \frac{250 \times 18}{50 \times 5} = 18$ সেকেন্ড।

90(b): মোট দূরত্ব = ট্রেনের দৈর্ঘ্য = 100 মিটার

বেগ = 72 কিলোমিটার/ঘণ্টা $= 72 \times \frac{5}{18} = 20$ মিটার/সেকেন্ড

সময় = দূরত্ব/বেগ $= \frac{100}{20} = 5$ সেকেন্ড।

91(c): সাক্ষাতের সময় $= 6 + \frac{(10-6)(12-6)}{(10-6)+(12-8)} = 6 + \frac{4 \times 6}{8} =$ সকাল 9টা।

92(c): উভয়ক্ষেত্রে দূরত্ব সমান।

$45 \times 40 = 30 \times V_2, V_2 \rightarrow$ দ্বিতীয় বারের গড়বেগ $V_2 = \frac{45 \times 40}{30}$
= 60 কিলোমিটার/ ঘণ্টা।

93(b): A একা করবে $\frac{6 \times 8}{8-6} = 24$ দিনে।

94(c): 45 জন 4.5 কিলোমিটার রাস্তা 200 দিনে করে।
অবশিষ্ট (12 − 4.5) = 7.5 কিলোমিটার রাস্তা 350 − 200 = 150 দিনে কত জন শ্রমিক লাগবে?

$M_1 D_1 W_2 = M_2 D_2 W_1 \Rightarrow 45 \times 200 \times 7.5 = M_2 \times 150 \times 4.5$

$M_2 = \frac{45 \times 200 \times 75}{150 \times 45} = \frac{4 \times 75}{3} = 100$ জন

অতিরিক্ত শ্রমিকের সংখ্যা = 100 − 45 = 55.

95(a): দুটি নলদ্বারা জলাধার পূর্ণ হওয়ার সময় $= \frac{20 \times 30}{20+30} = \frac{20 \times 30}{50}$
= 12 ঘণ্টা।

96(d): নির্ণেয় সময় $= \frac{16 \times 32}{32-16} = \frac{16 \times 32}{16} = 32$ ঘণ্টা।

97(a): 2 বছরের জন্য 6,000 টাকা = 1 বছরের জন্য 12,000 টাকা
4 বছরের জন্য 1,500 টাকা = 1 বছরের জন্য 6,000 টাকা
মোট আসল P = 18,000 টাকা, সময় = t = 1 বছর
I = মোট সুদ = 900 টাকা

সুদের হার $r = \frac{100 \times I}{P \times t} = \frac{100 \times 900}{18,000 \times 1} = 5\%.$

98(b): দুটি ভাগ P, Q হলে P + Q = 7,800

প্রতিটি ভাগের সরল সুদ $= \frac{P \times 5 \times 10}{100} = \frac{Q \times 6 \times 9}{100}$

$P : Q = \frac{6 \times 9}{5 \times 10} = \frac{27}{25}$

প্রথম ভাগ $= \left(\frac{27}{27+25}\right) \times 7,800 = \frac{27}{52} \times 7,800 = 4,050$ টাকা।

99(d): A, B, C-র লভ্যাংশের অনুপাত = মূলধনের অনুপাত = (2000 × 5) : (1500 × 6) : (800 × 10) = (20 × 5) : (15 × 6) : (8 × 10)
= 20 : 18 : 16 = 10 : 9 : 8

B-র লভ্যাংশ $= \left(\frac{9}{10+9+8}\right) \times 2,700 = \frac{9}{27} \times 2,700 = 900$ টাকা।

100(b): B-র মূলধন x মাসের জন্য বিনিয়োগ করা হলে,

$\frac{\text{A-র মূলধন}}{\text{B-র মূলধন}} =$ লভ্যাংশের অনুপাত $\frac{900 \times 12}{600 \times x} = \frac{2}{1} \Rightarrow x = \frac{900 \times 12}{2 \times 600} = 9$

B, A-র তুলনায় 12 − 9 = 3 মাস পরে যোগদান করেছিল।

*প্রস্তুত করেছেন: ডঃ শক্তিপদ নন্দ ও পলাশ কান্তি মণ্ডল*

# কেন্দ্রীয় বাহিনীতে ৫৪৯৫৩

## কনস্টেবল ও রাইফেলম্যান

*দশের পাতার পর*

(a) Chiken pox (b) Small pox (c) Measles (d) Mumps

27. For which one of the following is Satara well known?
(a) Wind Energy plant (b) Nuclear power plant (c) Thermal power plant (d) Hydroelectric plant

28. The Subatomic particle having no mass and no charge but only spin is:
(a) electron (b) proton (c) neutrino (d) meson

29. Cancer causing gene is:
(a) Oncogene (b) Mutable gene (c) Protooncogene (d) Transposon

30. What is 'Agent orange'?
